



মোটর ডাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো



বাণী

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর অধীন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে দেশের যুব সমাজকে দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দিয়ে আসছে। বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণের মধ্যে মোটর ড্রাইভিং প্রশিক্ষণ অন্যতম। দক্ষ ও প্রশিক্ষিত জনশক্তি প্রেরণের মাধ্যমে বিএমইটি বর্তমানে দেশে ও বিদেশে অনেক সুনাম অর্জন করেছে। জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) ড্রাইভিং প্রশিক্ষণকে আরো কার্যকর করার লক্ষ্যে প্রণীত কর্মপরিকল্পনার অংশ হিসেবে Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের মাধ্যমে দরিদ্র ও বেকার জনগোষ্ঠীকে কর্মক্ষম করার জন্য আগামী ০৫ বছরের মধ্যে ১ লক্ষ দক্ষ ড্রাইভার তৈরির নিমিত্ত প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম গ্রহণ করেছে। বৈদেশিক কর্মসংস্থানের জন্য দক্ষ কর্মী তৈরীতে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র সহযোগি হওয়ার জন্য অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Skills for Employment Investment Program (SEIP) প্রকল্প প্রশংসার দাবিদার।

উক্ত কার্যক্রমের আওতায় জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) অধীন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে সম্পূর্ণ সরকারি খরচে “ড্রাইভিং লাইসেন্স” প্রদান, “ইংরেজি ও আরবী” ভাষায় প্রশিক্ষণসহ ০৪ মাস মেয়াদি (৩৬০ ঘন্টা) “মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স” কোর্সে জানুয়ারি/২০১৮ হতে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। বৈদেশিক শ্রমবাজারে ড্রাইভিং পেশার ব্যাপক চাহিদা অনুযায়ী গাড়িচালক প্রেরণ, দেশের সড়ক দুর্ঘটনা এবং অনিয়ম উল্লেখযোগ্য হারে হ্রাস, আন্তর্জাতিকমানের প্রশিক্ষিত চালক তৈরি, নিবন্ধনকৃত গাড়ির তুলনায় স্বল্প সংখ্যক লাইসেন্স প্রাপ্ত গাড়িচালকের সংখ্যা বৃদ্ধি, দেশের প্রান্তিক জনগোষ্ঠীকে ড্রাইভিং প্রশিক্ষণের মাধ্যমে জনসম্পদে পরিণতকরাসহ বিভিন্ন বিষয়ে নিরলসভাবে কাজ করেছে বিএমইটি। প্রশিক্ষিত চালকদের বিএমইটি'র ডাটাবেজে অন্তর্ভুক্ত করে সরকারিভাবে দেশে/বিদেশে কর্মসংস্থান প্রাপ্তিতে সহযোগিতা করা হচ্ছে। প্রশিক্ষণার্থীগণ আধুনিক ও সময়োপযোগী প্রশিক্ষণ গ্রহণ করে বিশেষভাবে দক্ষ হবার জন্য মোটর ড্রাইভিং প্রশিক্ষণ ম্যানুয়ালটি প্রণয়ন করা হয়েছে। এর সাথে সংশ্লিষ্ট বিএমইটি'র সকল কর্মকর্তাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি এবং এর সাফল্য কামনা করছি।

মো: সেলিম রেজা

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)।



বাণী

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো সারা বাংলাদেশে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে দেশের যুব সমাজকে দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দিয়ে আসছে। এর ধারাবাহিকতায় বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি বিদেশে পাড়ি দিয়ে দেশের সুনাম রক্ষা এবং রেমিটেন্স প্রবাহে ভূমিকা রাখছে। বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় ড্রাইভিং প্রশিক্ষণ ও অটোমেকানিজম প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ চালক তৈরির লক্ষ্যে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এ সকল প্রশিক্ষিত চালক ও কারিগরগণ দেশে বিদেশে চাকুরী লাভ করবে বলে আশা করা যায়। Sustainable Development Goals (SDG) এর লক্ষ্যমাত্রা অর্জনে ২০২০ সাল নাগাদ সড়ক দুর্ঘটনার হার অর্ধেক নাগিয়ে আনার লক্ষ্যে সরকার কাজ করছে। বর্তমানে বাংলাদেশে সড়ক দুর্ঘটনার একটি অন্যতম কারণ অদক্ষ চালক দ্বারা সড়ক/মহাসড়কে যানবাহন পরিচালনা। সরকার Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় আগামী ০৫ বছরে ১ লক্ষ দক্ষ গাড়ী চালক তৈরির প্রকল্প গ্রহণ করেছে।

বিদেশে চাকুরির ক্ষেত্রে উপযোগী দক্ষ জনবল তৈরিতে বেসিক প্রশিক্ষণ অত্যন্ত ফলপ্রসূ। সে লক্ষ্যে মোটর ড্রাইভিং প্রশিক্ষণ ম্যানুয়ালটি প্রণয়নের উদ্যোগ সত্যিই প্রশংসনীয়। এতে প্রশিক্ষণার্থী সকলেই উপকৃত হবে বলে আমার বিশ্বাস। আমি এর সাফল্য কামনা করছি।

জালাল আহমেদ

নির্বাহী প্রকল্প পরিচালক

Skills for Employment Investment Program (SEIP)

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।



মুখবন্ধ

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) দেশের যুব সমাজকে কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তিতে পরিণত করে দেশে এবং বিদেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে আসছে। বিএমইটি তার আওতাধীন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহে পঞ্চাশের অধিক কর্মমুখি ট্রেডে প্রশিক্ষণ প্রদান করে আসছে। চলমান বিভিন্ন কর্মমুখি ট্রেডের মধ্যে "মোটর ডাইভিং" প্রশিক্ষণ অন্যতম। দেশে ও বিদেশে দক্ষ মটরযান চালকের ব্যাপক চাহিদা বিদ্যমান থাকায় ড্রাইভিং পেশা জনপ্রিয়তা অর্জন করেছে।

বর্তমানে দেশের বেকারত্ব সমস্যা দুরীকরণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কারিগরি প্রশিক্ষণের উপর বিশেষ গুরুত্ব আরোপ করে বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছেন। বিএমইটি কর্তৃক পরিচালিত কারিগরি প্রশিক্ষণকে আরো কার্যকর ও আন্তর্জাতিক মানসম্পন্ন করার লক্ষ্যে প্রণীত কর্মপরিকল্পনার অংশ হিসেবে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Skills for Employment Investment Program (SEIP) এর অর্থায়নে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) সমূহে "মোটর ডাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স" কোর্স চালু রয়েছে। যার মাধ্যমে দেশের বেকার ও সুবিধা বঞ্চিত জনগোষ্ঠী মানসম্পন্ন মোটর ডাইভিং প্রশিক্ষণ গ্রহণ করে দেশে এবং বিদেশে কর্মসংস্থানের সুযোগ পাচ্ছে। যার ফলে নিজেদের আর্থ সামাজিক উন্নয়নের পাশাপাশি বৈদেশিক মুদ্রা অর্জনে বিশেষ ভূমিকা রাখছে।

SEIP এর অর্থায়নে বিএমইটি কর্তৃক পরিচালিত টিটিসিসমূহে চলমান "মোটর ডাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স" কোর্সের প্রশিক্ষার্থীদের জন্য প্রয়োজনীয় বিষয়সমূহ সহজ ও সাবলীল ভাষায় রচিত এই বইটি প্রকাশিত হওয়ায় আমি খুবই আনন্দিত ও গর্বিত। বইটি যথাযথ অধ্যয়নের মাধ্যমে "মোটর ডাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স" কোর্সের প্রশিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিষয়ে জ্ঞান অর্জন করতে পারবে। ফলে সড়ক দুর্ঘটনার প্রবনতা লাঘব হবে বলে আমি আশাবাদী।

আমি এই বইটি রচনার সাথে সংশ্লিষ্ট উপ-পরিচালক জনাব মোঃ ইসরাজুল হক ও তাঁর টিমকে (BMET-SEIP Unit) আন্তরিক অভিনন্দন জানাচ্ছি এবং এর সাফল্য কামনা করছি।

ড. মোঃ নূরুল ইসলাম

পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা।

বিএমইটি'র অধীন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র সমূহে SEIP অর্থায়নে পরিচালিত মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স কোর্সের ডেলিভারি প্লান

১ম মাস								
সপ্তাহ	দিন	তাত্ত্বিক			ব্যবহারিক			
		ইউনিট	বিষয়	সময়	ইউনিট	বিষয়	সময়	
১ম	১ম	০১০১.০১-০২	<ul style="list-style-type: none"> অটো মেকানিক্স ও ড্রাইভিং পেশারসংজ্ঞায়ন ড্রাইভিং পেশার গুরুত্ব বর্ণনা 	০:৪৫	০২০১	<ul style="list-style-type: none"> মোটরযানের গুরুত্বপূর্ণ অংশগুলো সনাক্তকরণ 	৩:৪৫	
	২য়	০১০১.০৩-০৪	<ul style="list-style-type: none"> প্রশিক্ষণ শেষেআত্মকর্মসংস্থানএবং দেশে-বিদেশে উপযুক্ত পেশার সম্ভাবনাবর্ণনা ড্রাইভারেরশারীরিক ও মানসিক যোগ্যতাবর্ণনা 	০:৪৫	০২০১	<ul style="list-style-type: none"> মোটরযানের গুরুত্বপূর্ণ অংশগুলোরকার্যকারিতা ও কার্যপদ্ধতিবর্ণনা 	৩:৪৫	
	৩য়	০১০৪.০৩.০১	<ul style="list-style-type: none"> Verbs (ক্রিয়া)- English to Bangla (ইংরেজী থেকে বাংলা) 	০:৩০	০১০৪.০৩.০১	<ul style="list-style-type: none"> অনুশীলন ও মূল্যায়ন 	২:০০	
		০১০১.০৫	<ul style="list-style-type: none"> ড্রাইভারের দায়িত্ব ও কর্তব্য বর্ণনা 	০:৪৫	০২০১	<ul style="list-style-type: none"> মোটরযানের গুরুত্বপূর্ণ অংশগুলোরকার্যকারিতা ও কার্যপদ্ধতিবর্ণনা 	১:১৫	
	৪র্থ	০১০৪.০১.০১-০৪	<ul style="list-style-type: none"> আরবীহরফ, মাখরাজপরিচিতি, পদ বিষয়কশব্দার্থ, মৌলিকসংখ্যা 	০:৩০	০১০৪.০১.০১-০৪	<ul style="list-style-type: none"> অনুশীলন ও মূল্যায়ন 	১:৩০	
		০৩০১.০১	<ul style="list-style-type: none"> ডিজেল ও অটো/ পেট্রোলইঞ্জিনেরকার্যপদ্ধতিএবংচালুকরণপদ্ধতিবর্ণনা 	০:৪৫	০৩০১.০১	<ul style="list-style-type: none"> ডিজেল ও অটো/ পেট্রোলইঞ্জিনেরকার্যপদ্ধতিএবংচালুকরণপদ্ধতিঅনুশীলন 	১:৪৫	
	৫ম	০১০৪.০৩.০২	<ul style="list-style-type: none"> More Important Word (আরওকিছু গুরুত্বপূর্ণ শব্দ) 	০:৩০	০১০৪.০৩.০২	<ul style="list-style-type: none"> অনুশীলন ও মূল্যায়ন 	২:০০	
		০৩০১.০২	<ul style="list-style-type: none"> মোটরযানচালু ও অগ্রসরকরণেরসামগ্রিকপ্রক্রিয়াবর্ণনা 	০:৪৫	০৩০১.০২	<ul style="list-style-type: none"> মোটরযানচালু ও অগ্রসরকরণেরসামগ্রিকপ্রক্রিয়াঅনুশীলন 	১:১৫	
	২য়	১ম	০৩০১.০৩	<ul style="list-style-type: none"> মোটরগাড়িরবিভিন্ন অংশ সনাক্তকরণ 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	৩:৪৫
		২য়	০৩০১.০৪	<ul style="list-style-type: none"> ফুয়েলসিস্টেম সনাক্ত ও বর্ণনা 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	৩:৪৫
৩য়		০১০৪.০৩.০৩	<ul style="list-style-type: none"> Other Important Word (অন্যান্য গুরুত্বপূর্ণ শব্দ) 	০:৩০	০১০৪.০৩.০৩	<ul style="list-style-type: none"> অনুশীলন ও মূল্যায়ন 	২:০০	
		০৩০১.০৫	<ul style="list-style-type: none"> গিয়ারসিস্টেমসহইঞ্জিনেরলুব্রিকেশনসিস্টেম সনাক্ত ও বর্ণনা 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	১:১৫	
৪র্থ		০১০৪.০১.০৫-০৮	<ul style="list-style-type: none"> ক্রমবাচক ও ভগ্নাংশ, সময় ও দিনসমূহ দিকসমূহ আরবীমাস ও ঋতু 	০:৩০	০১০৪.০১.০৫-০৮	<ul style="list-style-type: none"> অনুশীলন ও মূল্যায়ন 	১:৩০	
		০৩০১.০৬	<ul style="list-style-type: none"> পাওয়ারট্রান্সমিশনসিস্টেম সনাক্ত ও বর্ণনা 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	১:৪৫	

৫ম	০১০৪.০৩.০৪-০৬	<ul style="list-style-type: none"> সময় ও দিনসমূহ দিকসমূহ পেশাবিষয়কশব্দার্থ 	০:৩০	০১০৪.০৩.০৪-০৬	<ul style="list-style-type: none"> অনুশীলন ও মূল্যায়ন 	২:৩০	
	০৩০১.০৭	<ul style="list-style-type: none"> ক্লাচ ও ব্রেকসিস্টেম সনাক্ত ও বর্ণনা 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	৩:৪৫	
৬ষ্ঠ	০৩০১.০৮	<ul style="list-style-type: none"> সিএনজিরুপান্তরপদ্ধতি সনাক্ত ও বর্ণনা 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	৩:৪৫	
৩য়	১ম	০৩০১.০৯	<ul style="list-style-type: none"> অটোইলেকট্রিকেশনসিস্টেম সনাক্ত ও বর্ণনা 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	৩:৪৫
	২য়	০৩০১.১০	<ul style="list-style-type: none"> মোটরযানরক্ষণাবেক্ষণ ও সার্ভিসিংয়েরপ্রয়োজনীয়তাব্যাখ্যা 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	৩:৪৫
	৩য়	০১০৪.০৩.০৭-০৯	<ul style="list-style-type: none"> আসবাবপত্র ও ব্যবহার্য জিনিষপত্র আত্মীয়-স্বজন শাকসবজী, ফলফলাদি ও মসলাদি 	০:৩০	০১০৪.০৩.০৭-০৯	<ul style="list-style-type: none"> অনুশীলন ও মূল্যায়ন 	১:৩০
		০১০২.০১	<ul style="list-style-type: none"> মোটরযানচালনাএবংএররক্ষণাবেক্ষণেনিরাপত্তাসংশ্লিষ্টবিষয়াবলীসম্পর্কে ব্যাখ্যাপ্রদান 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	১:৪৫
	৪র্থ	০১০৪.০১.০৯-১০	<ul style="list-style-type: none"> পেশাবিষয়কশব্দার্থ আসবাবপত্র ও ব্যবহার্য জিনিষপত্র 	০:৩০	০১০৪.০১.০৯-১০	<ul style="list-style-type: none"> অনুশীলন ও মূল্যায়ন 	১:৩০
		০১০২.০২	<ul style="list-style-type: none"> কর্মক্ষেত্রেনিরাপত্তাবিষয়কনিয়ম ও সতর্কতাসমূহব্যাখ্যা 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	১:৪৫
	৫ম	০১০৪.০৩.১০-১২	<ul style="list-style-type: none"> ঘরবাড়ীবিষয়ক অঙ্গ প্রত্যঙ্গ রোগব্যধি 	০:৩০	০১০৪.০৩.১০-১২	<ul style="list-style-type: none"> অনুশীলন ও মূল্যায়ন 	১:৩০
		০১০২.০৩	<ul style="list-style-type: none"> ব্যক্তিগত ও কর্মক্ষেত্রেনিরাপত্তারবিভিন্নপদ্ধতিব্যাখ্যা 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	১:৪৫
৪র্থ	মোটরযান রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং এর ইউনিট ০৩০১.০১ হতে ০৩০১.১০ পর্যন্ত পরীক্ষা: লিখিত						০.৪৫
	১ম	০১০২.০৪	<ul style="list-style-type: none"> ব্যক্তিগত নিরাপত্তামূলকসরঞ্জামসমূহ সনাক্ত, বর্ণনা ও ব্যবহারপ্রদর্শন 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	৩:০০
	২য়	০১০২.০৫-০৬	<ul style="list-style-type: none"> মানবশরীরেরবিভিন্নঅংশেরনিরাপত্তাসম্পর্কে বর্ণনা ধারালোয়ন্ত্রপাতিব্যবহারেরসতর্কতাবর্ণনা 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	৩:৪৫
	৩য়	০১০৪.০৩.১৩-১৫	<ul style="list-style-type: none"> চিকিৎসা ট্রাফিক ও পরিবহন আবহাওয়া 	০:৩০	০১০৪.০৩.১৩-১৫	<ul style="list-style-type: none"> অনুশীলন ও মূল্যায়ন 	১:৩০
		০১০২.০৭	<ul style="list-style-type: none"> নিরাপত্তামূলকসতর্কতাসমূহহাতেকলমেপ্রদর্শন 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	১:৪৫

	৪র্থ	০১০৪.০১.১১-১৩	<ul style="list-style-type: none"> পোষাকপরিচ্ছদ ও রং আত্মীয় স্বজন শাকসবজী, ফলফলাদি ও মসলাদি 	০:৩০	০১০৪.০১.১১-১৩	<ul style="list-style-type: none"> অনুশীলন ও মূল্যায়ন 	১:৩০	
		০১০২.০৮	<ul style="list-style-type: none"> অগ্নি ও বৈদ্যুতিকবিপত্তিরবিভিন্ন উৎস সনাক্তকরণ 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	১:৪৫	
	৫ম	ইংরেজি ভাষার ইউনিট ০১০৪.০৩.০১ হতে ০১০৪.০৩.১৫ পর্যন্ত পরীক্ষা: লিখিত		০:৩০			মৌখিক	১:৩০
		০১০২.০৯	<ul style="list-style-type: none"> গাড়ি ও ওয়ার্কশপে অগ্নিনির্বাপকযন্ত্রসমূহের অবস্থাননির্ধারণ ও এরব্যবহারপ্রদর্শন 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 		১:৪৫
	৬ষ্ঠ	০১০২.১০	<ul style="list-style-type: none"> দূর্ঘটনারসংজ্ঞাপ্রদান 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 		৩:৪৫
২য় মাস								
৫ম	১ম	০১০৪.০৪.০১	<ul style="list-style-type: none"> সাধারণভাবে কথোপকথন 	০:৩০	০১০৪.০৪.০১	<ul style="list-style-type: none"> অনুশীলন ও মূল্যায়ন 	১:৩০	
		০১০২.১১	<ul style="list-style-type: none"> ডবলিন্ধরণের দূর্ঘটনাব্যাখ্যা 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	১:৪৫	
	২য়	০১০২.১২	<ul style="list-style-type: none"> সড়ক দূর্ঘটনারবিভিন্ন কারণব্যাখ্যা 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	৩:৪৫	
	৩য়	০১০৪.০৪.০২	<ul style="list-style-type: none"> Important Sentences (গুরুত্বপূর্ণ বাক্যসমূহ) 	০:৩০	০১০৪.০৪.০২	<ul style="list-style-type: none"> অনুশীলন ও মূল্যায়ন 	১:৩০	
		০১০২.১৩	<ul style="list-style-type: none"> মোটরযানড্রাইভিংএবংরক্ষণাবেক্ষণে দূর্ঘটনার ক্ষেত্রসমূহব্যাখ্যা 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	১:৪৫	
	৪র্থ	০১০৪.০১.১৪-১৬	<ul style="list-style-type: none"> ঘরবাড়ীবিষয়কশব্দার্থ আবহাওয়া, অঙ্গ প্রত্যঙ্গ রোগব্যর্থি ও চিকিৎসা 	০:৩০	০১০৪.০১.১৪-১৬	<ul style="list-style-type: none"> অনুশীলন ও মূল্যায়ন 	১:৩০	
		০১০২.১৪	<ul style="list-style-type: none"> দূর্ঘটনার রেজিস্টারসংরক্ষণ 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	১:৪৫	
	৫ম	০১০২.১৫	<ul style="list-style-type: none"> ওয়ার্কশপেপ্রাথমিকচিকিৎসারবিভিন্ন বন্দোবস্তসমূহব্যাখ্যাএবংএরব্যবহারপ্রদর্শন 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	৩:৪৫	
৬ষ্ঠ	১ম	০১০৪.০৪.০৩	<ul style="list-style-type: none"> এয়ারপোর্টে কথোপকথন (Conversation in Airport) 	০:৩০	০১০৪.০৪.০৩	<ul style="list-style-type: none"> অনুশীলন ও মূল্যায়ন 	১:৩০	
		০১০২.১৬	<ul style="list-style-type: none"> ব্যক্তিগত ও কর্মক্ষেত্রেপরিচ্ছন্নতাবোধসম্পর্কে ব্যাখ্যা 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	১:৪৫	
	২য়	০১০২.১৭	<ul style="list-style-type: none"> মোটরযান ও ওয়ার্কশপেরপরিচ্ছন্নতাপদ্ধতিপ্রদর্শন 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	৩:৪৫	
	৩য়	০১০৪.০৪.০৪-০৫	<ul style="list-style-type: none"> ড্রাইভারএবংযাত্রীরমধ্যে কথোপকথন (Conversation between driver and passenger) জায়গাসম্পর্কে কথোপকথন (Conversation about place) 	০:৩০	০১০৪.০৪.০৪-০৫	<ul style="list-style-type: none"> অনুশীলন ও মূল্যায়ন 	১:৩০	
		০১০২.০১-১৭	পরীক্ষা		০১০২.০১-১৭	পরীক্ষা		

	৪র্থ	০১০৪.০১.১৭-১৯	<ul style="list-style-type: none"> ট্রাফিক ও পরিবহন পশু-পাখি ও পোকামাকড় মন্ত্রণালয় ও বিভিন্নপ্রতিষ্ঠান 	০:৩০	০১০৪.০১.১৭-১৯	<ul style="list-style-type: none"> অনুশীলন ও মূল্যায়ন 	১:৩০
		০১০৩.০১	<ul style="list-style-type: none"> মোটরযানড্রাইভিংএবংরক্ষণাবেক্ষণেরকর্মপরিবেশবর্ণনা 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	১:৪৫
	৫ম	০১০৩.০২	<ul style="list-style-type: none"> কাজেরসঠিকপরিবেশবজায়রাখারমনোভব ও আচরণবিধিব্যাখ্যা 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	৩:৪৫
	৬ষ্ঠ	০১০৩.০৩	<ul style="list-style-type: none"> কর্মঘন্টা, ছুটিএবংভারটাইমেরনিয়মনীতিব্যাখ্যা 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	৩:৪৫
৭ম	১ম	০১০৪.০৪.০৬-০৭	<ul style="list-style-type: none"> রাস্তাসম্পর্কে কথোপকথন(Conversation about road) সময়সম্পর্কে কথোপকথন (Conversation about time) 	০:৩০	০১০৪.০৪.০৬-০৭	<ul style="list-style-type: none"> অনুশীলন ও মূল্যায়ন 	১:৩০
		০১০৩.০৪	<ul style="list-style-type: none"> ড্রাইভিং পেশারপরিবেশের সাথে মানিয়ে নেওয়াসম্পর্কে ধারণা 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	১:৪৫
	২য়	০১০৩.০৫	<ul style="list-style-type: none"> ড্রাইভিং পেশারবিভিন্নপরিস্থিতিসামলানো 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	৩:৪৫
	৩য়	০১০৪.০৪.০৮-০৯	<ul style="list-style-type: none"> দিনসম্পর্কে কথোপকথন (Conversation about date and day) টেলিফোনে কথোপকথন (Conversation over Telephone) 	০:৩০	০১০৪.০৪.০৮-০৯	<ul style="list-style-type: none"> অনুশীলন ও মূল্যায়ন 	১:৩০
		০১০৩.০৬	<ul style="list-style-type: none"> অতিরিক্ত চাপ ও কঠোরপরিশ্রমেড্রাইভিংএড়িয়েচলাসম্পর্কে ধারণা 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	১:৪৫
	৪র্থ	০১০৪.০২.০১-০৩	<ul style="list-style-type: none"> সাধারণআলাপআলোচনা সময় ও দিনসংক্রান্ত এয়ারপোর্টেও সংলাপ 	০:৩০	০১০৪.০২.০১-০৩	<ul style="list-style-type: none"> অনুশীলন ও মূল্যায়ন 	১:৩০
		০১০৩.০৭	<ul style="list-style-type: none"> অতিরিক্ত চাপের ক্ষেত্রেসঠিকসিদ্ধান্ত ও আত্মসংযম 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	১:৪৫
	৫ম	০১০৩.০৮	<ul style="list-style-type: none"> বর্জ্য ব্যবস্থাপনাব্যাখ্যা 	০:৪৫		<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	৩:৪৫
৮ম	১ম	০১০৪.০৪.১০-১১	<ul style="list-style-type: none"> ডাক্তারের এপয়েন্টমেন্ট নেওয়ারজন্য টেলিফোনে কথোপকথন (Telephone Conversation for a Doctor's Appointment) হোটেলে কথোপকথন (Conversation in hotel) 	০:৩০	০১০৪.০৪.১০-১১	<ul style="list-style-type: none"> অনুশীলন ও মূল্যায়ন 	১:৩০

		০১০৩.০১-০৮	পরীক্ষা	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন	১:৪৫	
২য়		০২০২.০১	● ট্রাফিকআইন, নিয়মনীতি ও শাস্তিসমূহবর্ণনা	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন	৩:৪৫	
৩য়		০১০৪.০৪.১২-১৩	● রেস্টুরেন্টে কথোপকথন (Conversation in Restaurant) ● ফরম পূরণসংক্রান্ত	০:৩০	০১০৪.০৪.১২-১৩	● অনুশীলন ও মূল্যায়ন	১:৩০
		০২০২.০২	● বাধ্যতামূলক, সতর্কতামূলক ও তথ্যমূলকচিহ্নসমূহ সনাক্ত	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন		১:৪৫
৪র্থ		০১০৪.০২.০৪-০৬	● যাতায়াতসংক্রান্ত, টেলিফোনিক কথোপকথন, ফরম পূরণ	০:৩০	০১০৪.০২.০৪-০৬	● অনুশীলন ও মূল্যায়ন	১:৩০
		০২০২.০৩	● রাস্তারচিহ্নসমূহএবংসড়কঅবরোধকারীব্যারিকেড ও চিহ্নসমূহ সনাক্ত ও বর্ণনা	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন		৩:৪৫
৫ম		০২০২.০৪	● ট্রাফিকপুলিশেরসংকেত (হাত ও বাঁশি) এবংট্রাফিকসাইন ও লাইটেরসংকেতসমূহ সনাক্ত ও বর্ণনা	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন		৩:৪৫
৬ষ্ঠ		০২০২.০৫	● ট্রাফিকআইন ও নীতিসমূহের সাথে সংশ্লিষ্ট দলিলপত্রবর্ণনা	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন		৩:৪৫
৩য়মাস							
৯ম	১ম	০২০২.০৬	● ড্রাইভিংলাইসেন্সউত্তোলন ও নবায়নকরারপদ্ধতিবর্ণনা	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন		৩:৪৫
	২য়	০২০২.০৭	● ট্রাফিকআইন ভঙ্গ ও পুলিশ কেসের ক্ষেত্রেপরিস্থিতিসামালানোসম্পর্কে ধারণা	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন		৩:৪৫
	৩য়	০১০৪.০৪.১৪-১৫	● কেনাকাটাসংক্রান্ত কথোপকথন ● ব্যাংকে কথোপকথন	০:৩০	০১০৪.০৪.১৪-১৫	● অনুশীলন ও মূল্যায়ন	১:৩০
			ট্রাফিক আইন, নিয়মনীতি ও শাস্তি এর ইউনিট ০২০২.০১ হতে ০২০২.০৭ পর্যন্ত পরীক্ষা: লিখিত	০:৪৫		মৌখিক	১:৪৫
	৪র্থ	০১০৪.০২.০৭-১০	● হোটেল ও রেস্টুরেন্টেরআলাপ ● কেনাকাটাবিষয়ক ● ব্যাংক ও পোস্টঅফিস ● বাংলাদেশ সম্পর্কে কথোপকথন	০:৩০	০১০৪.০২.০৭-১০	● অনুশীলন ও মূল্যায়ন	১:৩০
		০৩০২.০১	● এয়ারফিল্টার, ফুয়েলফিল্টার ও ইঞ্জিনওয়েলফিল্টারপরিবর্তন	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন		১:৪৫
	৫ম	০৩০২.০২	● ফুয়েলসিস্টেমের (পেট্রোল ও ডিজেলউভয় ক্ষেত্রে) সাধারণসার্ভিসিংসম্পাদন	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন		৩:৪৫
১০ম	১ম	০৩০২.০৩	● কুলিংসিস্টেমেরসাধারণসার্ভিসিংসম্পাদন	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন		৩:৪৫
	২য়	০৩০২.০৪	● লুব্রিকেশনসিস্টেমেরসাধারণসার্ভিসিংসম্পাদন	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন		৩:৪৫
	৩য়	০১০৪.০৪.১৬-	● পোস্ট অফিস ও বাংলাদেশ সম্পর্কে কথোপকথন	০:৩০	০১০৪.০৪.১৬-১৭	● অনুশীলন ও মূল্যায়ন	১:৩০

		১৭				
		০৩০২.০৫	● ব্রেকসিস্টেমেরসাধারণসার্ভিসিংসম্পাদন	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন	১:৪৫
৪র্থ		আরবী ভাষার ইউনিট ০১০৪.০১.০১ হতে ০১০৪.০২.১০ পর্যন্ত পরীক্ষা: লিখিত		০:৩০		মৌখিক ১:৩০
		০৩০২.০৬	● ইগনিশনসিস্টেমেরসাধারণসার্ভিসিংসম্পাদন	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন	১:৪৫
৫ম		০৩০২.০৭	● স্ট্রয়ারিংসিস্টেমেরসাধারণসার্ভিসিংসম্পাদন	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন	৩:৪৫
৬ষ্ঠ		০৩০২.০৮	● সাসপেনশনসিস্টেমেরসাধারণসার্ভিসিংসম্পাদন	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন	৩:৪৫
১১তম	১ম	ইংরেজি ভাষার ইউনিট ০১০৪.০৪.০১ হতে ০১০৪.০৪.১৭ পর্যন্ত পরীক্ষা: লিখিত		০:৩০		মৌখিক ১:৩০
		০৩০২.০৯	● ক্লাচ মেকানিজমেরসাধারণসার্ভিসিংসম্পাদন	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন	১:৪৫
	২য়	০৩০২.১০	● ব্যাটারিসার্ভিসিং	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন	৩:৪৫
	৩য়	০৩০২.১১	● ইলেকট্রিক্যালসিস্টেম, স্টার্টার ও ডায়নামোরসাধারণসার্ভিসিংসম্পাদন	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন	৩:৪৫
	৪র্থ	০৩০২.১২	● সিএনজিকীটসএরসার্ভিসিংসম্পাদন	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন	৩:৪৫
	৫ম	০৩০২.১৩	● ড্যাশবোর্ডেরবিভিন্নইন্সট্রুমেন্ট ও নির্দেশকবাতিরসার্ভিসিংসম্পাদন	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন	৩:৪৫
১২তম	১ম	ইংরেজি ভাষার ইউনিট ০১০৪.০৩.০১ হতে ০১০৪.০৪.১৭ পর্যন্ত পরীক্ষা: লিখিত		০:৩০		মৌখিক ১:৩০
		০৩০২.১৪	● মোটরযানেরপর্যায়ভিত্তিকসার্ভিসিংসম্পাদন	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন	১:৪৫
	২য়	মোটরযান রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং এর ইউনিট ০৩০২.০১ হতে ০৩০২.১৪ পর্যন্ত পরীক্ষা: লিখিত		০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন	৩:৪৫
	৩য়	০৩০৩.০১	● ফুয়েলসিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন	৩:৪৫
	৪র্থ	০৩০৩.০২	● লুব্রিকেশনসিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন	৩:৪৫
	৫ম	০৩০৩.০৩	● পাওয়ারট্রান্সমিশনসিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন	৩:৪৫
	৬ষ্ঠ	০৩০৩.০৪	● ক্লাচ ও ব্রেকসিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন	৩:৪৫
৪র্থমাস						
১৩তম	১ম	০৩০৩.০৫	● সিএনজিকনভারসনসিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন	৩:৪৫
	২য়	০৩০৩.০৬	● অটোইলেকট্রিকফিকেশনসিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন	৩:৪৫
	৩য়	০৩০৩.০৭	● ইঞ্জিন স্টার্টারের (ডিসিসিরিজ মোটর) মেরামত ও রক্ষণাবেক্ষণ	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন	৩:৪৫
	৪র্থ	০৩০৩.০৮	● গিয়ারওয়েল ও ডিফারেন্সিয়ালফ্রুইডএর ক্ষেত্রে মেরামত ও রক্ষণাবেক্ষণ	০:৪৫	● ড্রাইভিংঅনুশীলন	৩:৪৫

	৫ম	০৩০৩.০৯	<ul style="list-style-type: none"> টায়ার, টায়ার প্রেসার ও রোটেশনপরিবর্তন 	০:৪৫	<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	৩:৪৫
১৪তম	১ম	০৩০৩.১০	<ul style="list-style-type: none"> উপযুক্ত পরিমাপ ও সীমানুসারে মোটরযানেরবিভিন্নফিউজ ও রিলেপরিবর্তন 	০:৪৫	<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন 	৩:৪৫
	২য়	মোটরযান রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং এর ইউনিট ০৩০৩.০১ হতে ০৩০৩.১০ পর্যন্ত পরীক্ষা: লিপিত		০:৪৫	<ul style="list-style-type: none"> ড্রাইভিং সম্পর্কিত প্রাথমিক পরীক্ষা 	৩:৪৫
	৩য়	অতিরিক্ত	<ul style="list-style-type: none"> মোটরযানেরসাধারণরক্ষণাবেক্ষণব্যবহৃতটুলস্এরব্যবহার 	০:৪৫	<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন ও পরীক্ষা 	৩:৪৫
	৪র্থ	অতিরিক্ত	<ul style="list-style-type: none"> ড্রাইভিংলাইসেন্সপরিষ্কারজন্য প্রশ্নোত্তর 	০:৪৫	<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন ও পরীক্ষা 	৩:৪৫
	৫ম	অতিরিক্ত	<ul style="list-style-type: none"> ড্রাইভিংলাইসেন্সপরিষ্কারজন্য প্রশ্নোত্তর 	০:৪৫	<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন ও পরীক্ষা 	৩:৪৫
	৬ষ্ঠ	অতিরিক্ত	<ul style="list-style-type: none"> ড্রাইভিংলাইসেন্সপরিষ্কারজন্য প্রশ্নোত্তর 	০:৪৫	<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন ও পরীক্ষা 	৩:৪৫
	১৫তম	১ম	অতিরিক্ত	<ul style="list-style-type: none"> ড্রাইভিংলাইসেন্সপরিষ্কারজন্য প্রশ্নোত্তর 	০:৪৫	<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন ও পরীক্ষা
২য়		মডিউল-০১	<ul style="list-style-type: none"> সম্পূর্ণ পাঠপর্যালোচনা 	০:৪৫	<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন ও পরীক্ষা 	৩:৪৫
৩য়		মডিউল-০২	<ul style="list-style-type: none"> সম্পূর্ণ পাঠপর্যালোচনা 	০:৪৫	<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন ও পরীক্ষা 	৩:৪৫
৪র্থ		মডিউল-০৩	<ul style="list-style-type: none"> সম্পূর্ণ পাঠপর্যালোচনা 	০:৪৫	<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন ও পরীক্ষা 	৩:৪৫
৫ম		মডিউল-০৩	<ul style="list-style-type: none"> সম্পূর্ণ পাঠপর্যালোচনা 	০:৪৫	<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন ও পরীক্ষা 	৩:৪৫
১৬তম (শেষ)	১ম				<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন ও পরীক্ষা 	৪:৩০
	২য়				<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন ও পরীক্ষা 	৪:৩০
	৩য়				<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন ও পরীক্ষা 	৪:৩০
	৪র্থ				<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন ও পরীক্ষা 	৪:৩০
	৫ম				<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন ও পরীক্ষা 	৪:৩০
	৬ষ্ঠ				<ul style="list-style-type: none"> ড্রাইভিংঅনুশীলন ও পরীক্ষা 	৪:৩০

মোটরযান ড্রাইভিং প্রশিক্ষণ

সূচিপত্র

মডিউল-০১: মোটরযান ড্রাইভিং ও রক্ষণাবেক্ষণের মৌলিক ধারণা

ইউনিট	বিষয়	পৃষ্ঠা
০১০১	পরিচিতি এবং মোটর ড্রাইভিং পেশার সুযোগ ও পরিধি	
০১০১.০১	অটো মেকানিক্স ও ড্রাইভিং পেশার সংজ্ঞায়ন	
০১০১.০২	ড্রাইভিং পেশার গুরুত্ব বর্ণনা	
০১০১.০৩	প্রশিক্ষণ শেষে আত্মকর্মসংস্থান এবং দেশে-বিদেশে উপযুক্ত পেশার সম্ভাবনা বর্ণনা	
০১০১.০৪	ড্রাইভারের শারীরিক ও মানসিক যোগ্যতা বর্ণনা	
০১০১.০৫	ড্রাইভারের দায়িত্ব ও কর্তব্য বর্ণনা	
০১০২	ব্যক্তিগত ও কর্মক্ষেত্রে নিরাপত্তা	
০১০২.০১	মোটরযান চালনা এবং এর রক্ষণাবেক্ষণে নিরাপত্তা সংশ্লিষ্ট বিষয়াবলী সম্পর্কে ব্যাখ্যা প্রদান	
০১০২.০২	কর্মক্ষেত্রে নিরাপত্তাবিষয়ক নিয়ম ও সতর্কতাসমূহ ব্যাখ্যা	
০১০২.০৩	ব্যক্তিগত ও কর্মক্ষেত্রে নিরাপত্তার বিভিন্ন পদ্ধতি ব্যাখ্যা	
০১০২.০৪	ব্যক্তিগত নিরাপত্তামূলক সরঞ্জামসমূহ সনাক্ত, বর্ণনা ও ব্যবহার প্রদর্শন	
০১০২.০৫	মানব শরীরের বিভিন্ন অংশের নিরাপত্তা সম্পর্কে বর্ণনা	
০১০২.০৬	ধারালো যন্ত্রপাতি ব্যবহারের সতর্কতা বর্ণনা	
০১০২.০৭	নিরাপত্তামূলক সতর্কতাসমূহ হাতে কলমে প্রদর্শন	
০১০২.০৮	অগ্নি ও বৈদ্যুতিক বিপত্তির বিভিন্ন উৎস সনাক্তকরণ	
০১০২.০৯	গাড়ি ও ওয়ার্কশপে অগ্নিনির্বাপক যন্ত্রসমূহের অবস্থান নির্ধারণ ও এর ব্যবহার প্রদর্শন	
০১০২.১০	দূর্ঘটনার সংজ্ঞা প্রদান	
০১০২.১১	বিভিন্ন ধরনের দূর্ঘটনা ব্যাখ্যা	
০১০২.১২	সড়ক দূর্ঘটনার বিভিন্ন কারণ ব্যাখ্যা	
০১০২.১৩	মোটরযান ড্রাইভিং এবং রক্ষণাবেক্ষণে দূর্ঘটনার ক্ষেত্রসমূহ ব্যাখ্যা	
০১০২.১৪	দূর্ঘটনার রেজিস্টার সংরক্ষণ	
০১০২.১৫	ওয়ার্কশপে প্রাথমিক চিকিৎসার বিভিন্ন বন্দোবস্তসমূহ ব্যাখ্যা এবং এর ব্যবহার প্রদর্শন	
০১০২.১৬	ব্যক্তিগত ও কর্মক্ষেত্রে পরিচ্ছন্নতাবোধ সম্পর্কে ব্যাখ্যা	
০১০২.১৭	মোটরযান ও ওয়ার্কসপের পরিচ্ছন্নতা পদ্ধতি প্রদর্শন	
০১০৩	কর্মপরিবেশ	
০১০৩.০১	মোটরযান ড্রাইভিং এবং রক্ষণাবেক্ষণের কর্মপরিবেশ বর্ণনা	
০১০৩.০২	কাজের সঠিক পরিবেশ বজায় রাখার মনোভব ও আচরণবিধি ব্যাখ্যা	
০১০৩.০৩	কর্মঘন্টা, ছুটি এবং ওভারটাইমের নিয়মনীতি ব্যাখ্যা	
০১০৩.০৪	ড্রাইভিং পেশার পরিবেশের সাথে মানিয়ে নেওয়া সম্পর্কে ধারণা	
০১০৩.০৫	ড্রাইভিং পেশার বিভিন্ন পরিস্থিতি সামলানো	
০১০৩.০৬	অতিরিক্ত চাপ ও কঠোর পরিশ্রমে ড্রাইভিং এড়িয়ে চলা সম্পর্কে ধারণা	
০১০৩.০৭	অতিরিক্ত চাপের ক্ষেত্রে সঠিক সিদ্ধান্ত ও আত্মসংযম	
০১০৩.০৮	বর্জ্য ব্যবস্থাপনা ব্যাখ্যা	
০২০২	ট্রাফিক আইন, নিয়মনীতি ও শাস্তি	
০২০২.০১	ট্রাফিক আইন, নিয়মনীতি ও শাস্তিসমূহ বর্ণনা	
০২০২.০২	বাধ্যতামূলক, সতর্কতামূলক ও তথ্যমূলক চিহ্নসমূহ সনাক্ত	
০২০২.০৩	রাস্তার চিহ্নসমূহ এবং সড়ক অবরোধকারী ব্যারিকেড ও চিহ্নসমূহ সনাক্ত ও বর্ণনা	
০২০২.০৪	ট্রাফিক পুলিশের সংকেত (হাত ও বাঁশি) এবং ট্রাফিক সাইন ও লাইটের সংকেতসমূহ সনাক্ত ও বর্ণনা	
০২০২.০৫	ট্রাফিক আইন ও নীতিসমূহের সাথে সংশ্লিষ্ট দলিলপত্র বর্ণনা	
০২০২.০৬	ড্রাইভিং লাইসেন্স উত্তোলন ও নবায়ন করার পদ্ধতি বর্ণনা	
০২০২.০৭	ট্রাফিক আইন ভঙ্গ ও পুলিশ কেসের ক্ষেত্রে পরিস্থিতি সামলানো সম্পর্কে ধারণা	

মডিউল-০১: মোটরযান ড্রাইভিং ও রক্ষণাবেক্ষণের মৌলিক ধারণা

ইউনিট ০১০১: পরিচিতি এবং মোটর ড্রাইভিং পেশার সুযোগ ও পরিধি :-

০১০১.০১: অটো মেকানিক্স ও ড্রাইভিং পেশার সংজ্ঞায়ন :-

অটোমেকানিক্স: ইঞ্জিনিয়ারিং এর যে শাখায় মোটরযান মেরামত সংক্রান্ত বিষয়ে শিক্ষাদান করা হয় তাকে অটোমেকানিক্স বলা হয়।
ড্রাইভিং পেশা: জীবিকা নির্বাহের লক্ষ্যে গাড়ি চালানোকে পেশা হিসাবে গ্রহণ করাকে “ড্রাইভিং পেশা” বলা হয়।

০১০১.০২: ড্রাইভিং পেশার গুরুত্ব বর্ণনা :-

যাতায়াতের জন্য ব্যবহৃত বিভিন্ন প্রকার যানবাহনে করে সকল শ্রেণি-পেশার মানুষকে বিভিন্ন প্রয়োজনে প্রতিনিয়ত এক স্থান হতে অন্য স্থানে ছুটে চলতে হয়। প্রতি বছর বহু মানুষ সড়ক দুর্ঘটনায় নিহত হয়। বর্তমানে নিরাপদ সড়ক দেশে এবং বিদেশে একটি বড় ইস্যু। GRB এই পেশার ব্যাপক চাহিদা রয়েছে। এখন দক্ষ চালক এবং বৈধ লাইসেন্সের অনেক গুরুত্ব রয়েছে। চালকরা শুধু মানুষ বহন করে না, দেশও বহন করেন। কেননা গাড়ির চাকা না ঘুরলে, দেশের অর্থনীতির চাকাও ঘুরবে না। একজন পেশাদার চালকের দক্ষতার উপর সড়কে জান-মালের নিরাপত্তা নির্ভর করে। তাই ড্রাইভিং পেশার মূল্য অনেক বেশি।

ড্রাইভিং প্রশিক্ষণ শেষে একজন মানুষের আত্মকর্মসংস্থান হয়। অর্থাৎ সে বেকার না থেকে নিজে নিজে গাড়ি কিনে বা অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের গাড়ি চালিয়ে স্বাবলম্বি হতে পারে। এর পাশাপাশি দেশের বাহিরেও গাড়ি চালিয়ে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করতে পারে।

০১০১.০৩: প্রশিক্ষণ শেষে আত্মকর্মসংস্থান এবং দেশে-বিদেশে উপযুক্ত পেশার সম্ভাবনা বর্ণনা :-

সৌদি আরবসহ জিসিসি দেশসমূহে এক লক্ষ গাড়ি চালকের কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে। এ লক্ষ্যে দেশে-বিদেশে শিক্ষিত ও দক্ষ পেশাদার ড্রাইভারের চাহিদা পূরণের জন্য জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো অধীনস্থ ৬১টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে সম্পূর্ণ সরকারি খরচে ড্রাইভিং লাইসেন্স প্রদান, ইংরেজী ও আরবী ভাষায় প্রশিক্ষণ সহ চারমাস মেয়াদী “মোটরড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স” প্রশিক্ষণ কোর্স শুরু করেছে। দেশেও এ পেশার বিস্তৃতি দিন দিন বাড়ছে। দেশে দক্ষ ও বৈধ পেশাদার চালকের অনেক অভাব। কাজেই গাড়ি চালনায় দক্ষ হলে এবং বৈধ লাইসেন্স থাকলে বাংলাদেশে এ কাজের সুযোগ অনেক। সরকারি বিভিন্ন অফিস, আদালত, প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, পুলিশ, ফায়ার সার্ভিস, আনসার সহ অন্যান্য বাহিনী, সামরিক বাহিনী, বেসরকারি সংস্থা, বাণিজ্যিক সংস্থা ও প্রাইভেট অফিস, শিল্পকারখানা, বিশ্ববিদ্যালয়, স্কুল, কলেজ সকল স্থানেই চালকের প্রয়োজন। এসব স্থানে চালকেরা অনেক সময় ভারি যানে মালামাল বহনের কাজ করেন। কেউ কেউ অফিসের কর্মকর্তানেওয়ার কাজ করেন। অনেকে ফায়ার সার্ভিস-কর্মচারীদের আনা-, সিটি কর্পোরেশন, বিদ্যুৎ সরবরাহ অফিসে সেবা দানের কাজে নিয়োজিত থাকে।

০১০১.০৪: ড্রাইভারের শারীরিক ও মানসিক যোগ্যতা বর্ণনা :-

ড্রাইভিং কে পেশা হিসাবে গ্রহণ করতে চাইলে একজন ব্যক্তিকে শারীরিক ও মানসিকভাবে যোগ্য হতে হবে। অর্থাৎ প্রথমে তাকে শারীরিকভাবে ফিট থাকতে হবে। যেমন: তার উচ্চতা, দৃষ্টি শক্তি স্বাভাবিক হতে হবে, শারীরিক অঙ্গহানি থাকা যাবে না, প্রতিবন্ধি হলে হবে না ইত্যাদি।

এছাড়া মানসিক ভাবে যোগ্য হতে হবে। যেমন: তাকে ট্রাফিক রুলস মেনে চলা, দায়িত্বশীল, ধৈর্যশীল, আত্মবিশ্বাসী এবং স্বতঃস্ফূর্তভাবে এ পেশায় কাজ করার আগ্রহ থাকতে হবে, মানসিকভাবে বিপর্যস্ত বা মানসিক ভারসাম্যহীনতা থাকা যাবেনা ইত্যাদি।

০১০১.০৫: ড্রাইভারের দায়িত্ব ও কর্তব্য বর্ণনা :-

- মহিলা, শিশু ও প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত আসন নিশ্চিত করা।
- মহিলা, শিশু ও প্রতিবন্ধি যাত্রীদের সাথে ভাল ব্যবহার করা।
- যাত্রী সাধারণ বিশেষ করে শিশুদের ক্ষতি হতে পারে এমনভাবে হর্ণ না বাজানো।
- আকস্মিকভাবে দ্রুত ব্রেক না করা।
- স্পিড ব্রেকারে গতি কমিয়ে গাড়ি চালানো।
- ঝুঁকিপূর্ণভাবে ওভার টেকিং না করা এবং মাত্রারতিরিক্ত গতিতে গাড়ি না চালানো।
- মহিলা, শিশু ও প্রতিবন্ধীদের উঠা-নামার সময় সর্বোচ্চ সহযোগিতা প্রদান করা।
- ভাড়া আদায়ের সময় কন্ট্রোল মার্জিত ব্যবহার নিশ্চিত করা।
- গাড়ি চালানোর সময় পরিষ্কার পোশাক পরিধান করা ও মোটরযান আসনসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা
- গাড়ি বের করার পূর্বে গাড়ির বিভিন্ন যন্ত্রাংশ ভালভাবে পরীক্ষা করে দেখা এবং প্রয়োজনীয় বৈধ কাগজপত্রাদি গাড়িতে সংরক্ষণ করা।
- মোটরযানে ধুমপান ও নেশাজাত দ্রব্য গ্রহণ থেকে বিরত থাকা।

ইউনিট ০১০২: ব্যক্তিগত ও কর্মক্ষেত্রে নিরাপত্তা:

০১০২.০১ মোটরযান চালনা এবং এর রক্ষণাবেক্ষণে নিরাপত্তা সংশ্লিষ্ট বিষয়বলী সম্পর্কে ব্যাখ্যা প্রদান:

মোটরযান চালানোর ক্ষেত্রে যথেষ্ট ও যথাযথ নিরাপত্তা অবলম্বন করতে হবে। যেমন গাড়িতে বসে সঠিক ভাবে সিট বেল্ট বেধে নিতে হবে, বেপারোয়া ভাবে গাড়ি চালানো যাবে না, ট্রাফিক আইন কানুন সম্পর্কে সঠিক জ্ঞান থাকতে হবে, যেখানে সেখানে গাড়ি পার্কিং করা যাবে না এবং বিভিন্ন রকম পুলিশ কেস ও জরিমানা যাতে না হয় সেভাবে সাবধানতা ও নিরাপত্তার সাথে গাড়ি চালাতে হবে।

এছাড়া গাড়ির রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে নিরাপত্তা অবলম্বন করতে হবে। যেমন গাড়ির চাকায় পরিমাণ অনুযায়ী হাওয়া দিতে হবে, মাপের বেশি হাওয়া দেওয়া যাবে না, গাড়ির জ্বালানী, ইঞ্জিন অয়েল, ব্রেক অয়েল, গিয়ার অয়েল ঢালার ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করতে হবে, কখনই প্রয়োজনের থেকে বেশি দেওয়া যাবে না ইত্যাদি।

০১০২.০২ কর্মক্ষেত্রে নিরাপত্তা বিষয়ক নিয়ম ও সতর্কতাসমূহ ব্যাখ্যা:

কর্মক্ষেত্রে নিরাপদ থাকার জন্য নিম্নের সতর্কতাসমূহ অব্যাহত মেনে চলতে হবে-

১. কর্মক্ষেত্রে থাকা অবস্থায় মাত্ররিজ্ঞ গতিতে গাড়ি চালানো যাবে না।
২. অতিরিক্ত মালামাল ও যাত্রী বহন করা থেকে বিরত থাকতে হবে।
৩. গাড়ি চালানো অবস্থায় মোবাইল ফোন ও এয়ার ফোনের মাধ্যমে কথা বলা হতে বিরত থাকতে হবে।
৪. ট্রাফিক আইন মেনে চলতে হবে।
৫. বুকিপূর্ণ ওভার টেকিং করা থেকে বিরত থাকতে হবে।
৬. যত্রতত্র গাড়ি পার্কিং করা যাবে না ইত্যাদি।

০১০২.০৩ ব্যক্তিগত ও কর্মক্ষেত্রে নিরাপত্তার বিভিন্ন পদ্ধতি ব্যাখ্যা:

ব্যক্তিগত ও কর্মক্ষেত্রে নিরাপত্তার বিভিন্ন পদ্ধতি নিচে উল্লেখ করা হলো-

১. গাড়ির চাবি, প্রয়োজনীয় কাগজপত্র এবং মালামাল নিজ দায়িত্বে রাখতে হবে।
২. গাড়িতে ফাস্ট এইড বক্স রাখতে হবে।
৩. গাড়ির নিরাপত্তা নিশ্চিত করা।

০১০২.০৪ ব্যক্তিগত নিরাপত্তামূলক সরঞ্জামসমূহ সনাক্ত, বর্ণনা ও ব্যবহার প্রদর্শন:

গাড়ির চালানোর সময় চালক নানা ধরনের সমস্যায় পড়তে পারে। তার জন্য নিরাপত্তামূলক জরুরী কিছু সরঞ্জামাদির তালিকা নিম্নে দেওয়া হলো:

১. অতিরিক্ত চাকা গাড়ির সঙ্গে রাখতে হবে।
২. পর্যাপ্ত জ্বালানীর ব্যবস্থা রাখতে হবে।
৩. গাড়ির সাধারণ মেরামতের জন্য প্রয়োজনীয় টুলস বা সরঞ্জামাদি সাথে রাখতে হবে।
৪. ফাস্ট এইড বক্স সাথে রাখতে হবে ইত্যাদি।

০১০২.০৫ মানব শরীরের বিভিন্ন অংশের নিরাপত্তা সম্পর্কে বর্ণনা:

মানব শরীরের বিভিন্ন অংশের নিরাপত্তার জন্য বিভিন্ন প্রকার সেফটি টুলস ব্যবহার করা হয়। গাড়ি চালানার সময় চালকের শরীরের ভারসম্য বজায় রাখার জন্য অবশ্যই সিট বেল্ট ব্যবহার করতে হবে। গাড়ি মেরামতের ক্ষেত্রে প্রয়োজনে হ্যান্ড গ্লাভস, চশমা, হার্ড হ্যাট ইত্যাদি ব্যবহার করতে হবে, যেন শরীরের কোন অংশ ক্ষতিগ্রস্ত না হয়।

০১০২.০৬ ধারালো যন্ত্রপাতি ব্যবহারের সতর্কতা বর্ণনা:

মোটরযান রক্ষণাবেক্ষণ ও মেরামতের ক্ষেত্রে বিভিন্ন প্রকার ধারালো যন্ত্রপাতি বা টুলস ব্যবহার করা হয়। ধারালো যন্ত্রপাতি বা টুলসসমূহ ব্যবহারের ক্ষেত্রে সব সময় সতর্ক থাকতে হবে যেন হাত বা শরীরের কোন অংশে ক্ষত সৃষ্টি না হয়। এজন্য বিভিন্ন প্রকার ধারালো টুলস ব্যবহার বিধি ভালো ভাবে জানতে হবে এবং ব্যবহারের ক্ষেত্রে সকল নিয়মকানুন মানতে হবে। যন্ত্রাংশ ভেদে মেরামতের বিধান অনুযায়ী নির্দিষ্ট প্রকারের টুলস ব্যবহার করতে হবে। এছাড়াও ধারালো যন্ত্রপাতির দ্বারা যেন গাড়ির অন্য কোন যন্ত্রাংশ ক্ষতিগ্রস্ত না হয় সেদিকেও বিশেষভাবে খেয়াল রাখতে হবে।

০১০২.০৭ নিরাপত্তামূলক সতর্কতাসমূহ হাতে কলমে প্রদর্শন:

যানবাহন চালানার ক্ষেত্রে সর্বদা ঝুঁকি কমিয়ে সতর্কতার সাথে পথ চলতে হবে। যেন চালক, যাত্রী ও পথচারী উভয়েই সড়ক দুর্ঘটনা থেকে নিরাপদে থাকতে পারে। নিম্নে নিরাপত্তামূলক সতর্কতাসমূহ উল্লেখ করা হলো:

১. সবসময় সীটবেল্ট ব্যবহার করতে হবে।
২. সড়কপথের বিপদজনক স্থানসমূহ সম্পর্কে ভালোভাবে ধারণা নিয়ে ও রাস্তায় আচমকা ঘটনা ঘটানোর বিষয়সমূহ বিস্তারিতভাবে জেনে নিরাপদে গাড়ি চালাতে হবে।
৩. সাধারণত দুর্ঘটনা ঘটে যখন চালক অপ্রস্তুত অন্যমনস্ক থাকে। তাই চালককে সর্বদা প্রস্তুত থেকে গাড়ি চালাতে হবে।
৪. অন্য চালকদের আচরণ, গতিবিধি ও মানসিকতা ভালভাবে পর্যবেক্ষণ করতে হবে।
৫. গাড়িতে অনুমোদিত সাইজের চাকা লাগাতে হবে।
৬. অতি রাগ/দুঃখ/চিন্তাজনিত অসম্ভব মানসিক চাপ থাকলে গাড়ি না চালানোই ভাল।
৭. গাড়ির জানালা ও আয়নাগুলো সবসময় পরিষ্কার রাখতে হবে বিশেষ করে শীত এবং বৃষ্টির সময়।
৮. গাড়ি চালানোর সময় কিছুক্ষণ পরপর (প্রতি মিনিটে ৬-৮ বার) লুকিং গ্লাসের মাধ্যমে পিছনে গাড়ির অবস্থান দেখতে হবে।
৯. চাকার বায়ুচাপ সঠিক রাখা। প্রতি তিন থেকে সাত দিন পরপর অথবা দূরের কোন যাত্রা শুরু করার আগে বায়ুচাপ পর্যবেক্ষণ করা। চাকার বায়ুচাপ কম হলে চাকা অত্যধিক গরম হয়ে ফেটে যেতে পারে। এছাড়া জ্বালানী খরচ বেশি হয়।
১০. সিগন্যালের নিয়ম মেনে গাড়ি চালানো অভ্যাস তৈরি করতে হবে।
১১. ওভারটেক করার আগে আয়না ব্যবহার করে পিছন দিক থেকে আগত গাড়িসমূহ দেখা এবং ডান দিকে ঘাড় ঘুড়িয়ে পিছন দিকে কোন গাড়ি আছে কি না তা নিশ্চি করা।

১২. বাম দিক দিয়ে ওভারটেকিং করা ঝুঁকিপূর্ণ ও বেআইনি বিধায় রাস্তার বাম দিক দিয়ে কখনো কোন গাড়ীকে ওভারটেক না করা, যদি না গাড়িটি ডানে মোড় নেয়।
১৩. গাড়ি চালানোর সময় কিছু না খাওয়া।
১৪. গাড়ি চালানোর সময় মোবাইল ফোনে কথা না বলা।
১৫. গাড়ি চালানোর সময় রাস্তার বাকের জোরে ব্রেক না করা।
১৬. গাড়ি চালানোর আগে আবহাওয়া সম্পর্কে ধারণা রাখতে হবে। কুয়াশা ও বৃষ্টিপড়া অবস্থায় সাধারণ গতির চেয়ে অর্ধেক গতিতে গাড়ি চালানো উচিত।
১৭. সড়কপথে পরিবেশের সাথে গাড়ির গতিবেগের সামঞ্জস্যতা বজায় রেখে গাড়ি চালাতে হবে। দ্রুতগতির ও উন্নতমানের রাস্তার গতি নিয়ন্ত্রণে রেখে গাড়ি চালানোর মানসিকতা তৈরি অতি জরুরি।
১৮. গাড়ির পিছন পিছন চলার সময় নিরাপদ দূরত্ব বজায় রাখার জন্য নিয়ম মেনে চলুন।

০১০২.০৮ অগ্নি ও বৈদ্যুতিক বিপত্তির বিভিন্ন উৎস সনাক্তকরণ:

ওয়ার্কশপ ও গাড়িতে বিভিন্ন উৎস হতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটতে পারে। তার মধ্যে নিম্নে কিছু উৎস উল্লেখ করা হলো:

১. বৈদ্যুতিক শর্ট সার্কিট
২. ধূমপান
৩. প্রদীপ বা মোমবাতি ব্যবহার
৪. সরাসরি আগুনের সংস্পর্শ ইত্যাদি।

০১০২.০৯ গাড়ি ও ওয়ার্কশপে অগ্নি নির্বাপক যন্ত্রসমূহের অবস্থান নির্ধারণ ও এর ব্যবহার প্রদর্শন:

গাড়ি বা ওয়ার্কশপের অগ্নি দূর্ঘটনা প্রতিরোধ করার লক্ষ্যে অগ্নি নির্বাপক যন্ত্র সংরক্ষণ করা অত্যাবশ্যকীয়। অগ্নি নির্বাপক যন্ত্র সমূহ সর্বদা শুষ্ক এবং স্বাভাবিক তাপমাত্রার স্থানে সংরক্ষণ করতে হবে যেন এর কার্যকারিতা নষ্ট না হয়। এছাড়া অগ্নি দূর্ঘটনা ঘটলে যেন সহজেই তা হাতের কাছে পাওয়া যায় এমন স্থানে রাখতে হবে। গাড়ির ক্ষেত্রেও এটি হাতের নাগালে রাখতে হবে। যেন সহজেই যে কেউ ব্যবহার করতে পারে। অগ্নি নির্বাপক যন্ত্রসমূহ প্রস্তুতকারী কর্তৃক প্রদত্ত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী ব্যবহার করতে হবে।

০১০২.১০ দূর্ঘটনার সংজ্ঞা প্রদান:

দূর্ঘটনা একটি অদৃষ্টপূর্ব, অকল্পনীয় এবং আকস্মিক ঘটনা বা বিষয় যা প্রায়শই অমনোযোগীতা কিংবা প্রয়োজন-অপ্রয়োজনে সৃষ্ট হয়ে থাকে এবং আর্থিক, শারিরিক ও মানুসিক ক্ষতি সাধন করে। সচরাচর ক্ষেত্রেই এটি ব্যক্তিকেন্দ্রিক, মানসিক কিংবা সামাজিক বিপর্যয় বয়ে আনতে পারে।

০১০২.১১ বিভিন্ন ধরনের দূর্ঘটনা ব্যাখ্যা:

দূর্ঘটনা মূলত ৩ প্রকারের হয়ে থাকে। যথা-

১. **বাহ্যিক ও অভ্যন্তরিন:** শারিরিক বা বাহ্যিক দূর্ঘটনার মধ্যে রয়েছে অনাকাঙ্ক্ষিত ভাবে সংঘর্ষ বা পতন। ক্ষতিকর কোন পদার্থের সাথে সংঘর্ষ, বৈদ্যুতিক সংস্পর্শ ইত্যাদি বাহ্যিক দূর্ঘটনার উদাহরণ।
অভ্যন্তরিন দূর্ঘটনার মধ্যে রয়েছে অপ্রত্যাশিতভাবে গোপন তথ্য প্রকাশের মাধ্যমে ফাঁস হয়ে যাওয়া কিংবা ভুলক্রমে ও নির্দিষ্ট সময়ের মধ্যে কোন বিষয়ে অংশগ্রহণ করতে ব্যর্থ হওয়া ইত্যাদি। এছাড়াও অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়াদি ভুলে যাওয়া, জরুরী কম্পিউটার ফাইল মুছে যাওয়া অভ্যন্তরিন দূর্ঘটনার উদাহরণ।
২. **কর্মরত অবস্থায়:** ঝুঁকিপূর্ণ কাজে অংশগ্রহণের ফলে আকস্মিকভাবে সংঘটিত দূর্ঘটনা 'কর্মকালীন দূর্ঘটনা' নামে পরিচিত। বিভিন্ন ধরনের বৃহৎ শিল্প যেমন- কাচ শিল্প, লৌহ শিল্প, খনির অভ্যন্তরে প্রবেশ ইত্যাদি কাজের ক্ষেত্রে এরূপ দূর্ঘটনা অধিক মাত্রায় ঘটতে পারে।
৩. **যানবাহন সংক্রান্ত:** বিভিন্ন প্রকার যানবাহনের মাধ্যমে যে সকল দূর্ঘটনা ঘটে তাকে যানবাহন সংক্রান্ত দূর্ঘটনা বলা হয়। বাস, ট্রাক, ট্রেন, লঞ্চ, জাহাজ, বিমান ইত্যাদি দূর্ঘটনা এর উদাহরণ।

০১০২.১২ সড়ক দূর্ঘটনার কারণ:

নিম্নের কারণগুলোর জন্য মূলত সড়ক দূর্ঘটনার ঘটে থাকে-

১. যথাযথ ট্রাফিক আইন না জানা এবং না মানা সড়ক দূর্ঘটনার অন্যতম কারণ।
২. চালকদের অসাবধানতা, অদক্ষতা ও লাইসেন্স বিহীন অদক্ষ চালক।
৩. ত্রুটিপূর্ণ যানবাহন।
৪. প্রতিযোগিতা মূলক গাড়ি চালানো এবং ওভারটেকিং দূর্ঘটনা জন্য সবচেয়ে বেশি দায়ী।
৫. প্রয়োজন সংখ্যক ট্রাফিক পুলিশের অভাব ও ট্রাফিক আইন ভঙ্গ করা।
৬. যানবাহনে ব্যবহৃত তেলে ভেজাল।
৭. ক্ষতিগ্রস্ত রাস্তা এবং রাস্তার মাঝে প্রয়োজনীয় ডিভাইডার না থাকা।
৮. মাত্রাতিরিক্ত মালামাল ও যাত্রী বহন।
৯. ড্রাইভারদের অবসাদগ্রস্ত অবস্থায় একটানা গাড়ি চালানো।
১০. অসুস্থ বা শারিরিকভাবে দুর্বল চালক দ্বারা গাড়ি চালানো।
১১. নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানো।
১২. গাড়ি চালানোর সময় মোবাইল ফোনে কথা বলা ইত্যাদি।

উপরোক্ত কারণে সড়ক দুর্ঘটনা ঘটতে পারে। সড়ক দুর্ঘটনা রোধ করতে অবশ্যই উপরোক্ত বিষয়সমূহ হতে সাবধান থাকতে হবে।

০১০২.১৩মোটরযান ড্রাইভিং এবং রক্ষণাবেক্ষণে দুর্ঘটনার ক্ষেত্রসমূহ ব্যাখ্যা:

মোটরযান ড্রাইভিং এ দুর্ঘটনার ক্ষেত্রসমূহ নিম্নে আলোচনা করা হলো:

১. অদক্ষ চালক দ্বারা গাড়ি চালনা।
২. প্রতিকূল আবহাওয়ায় গাড়ি চালনা।
৩. ক্ষতিগ্রস্ত সড়কে গাড়ি চালনা।
৪. নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালনা।
৫. অনিয়ন্ত্রিত গতিতে গাড়ি চালনা।
৬. ব্লাকিওর্ড ওভারটেকিং করা।
৭. ট্রাফিক আইন মেনে না চলা।

রক্ষণাবেক্ষণে দুর্ঘটনার ক্ষেত্রসমূহ নিম্নে আলোচনা করা হলো:

১. অদক্ষ মেরামতকর্মী দ্বারা মেরামত করানো।
২. ত্রুটিপূর্ণ টুলস ব্যবহার করা।
৩. ওয়ার্কশপ ব্যতীত যত্রতত্র মেরামত করা।
৪. গাড়ির যন্ত্রাংশ ইন্সপেকশন করার সময় যথাযথ সাবধানতা অবলম্বন না করা ইত্যাদি।

০১০২.১৪ দুর্ঘটনার রেজিস্ট্রার সংরক্ষণ:

জরুরী অবস্থা, দুর্ঘটনা, ভাল হাউজ কিপিং, প্রাথমিক চিকিৎসা, নিরাপত্তা চিহ্ন ও এর ব্যবহার এবং ব্যক্তিগত সুরক্ষা ও বিপদজনক ঘটনা সংঘটিত হলে প্রতিটি ঘটনার বিষয় নির্ধারিত ফর্মে প্রস্তুতকৃত রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে এবং প্রতি ৬ মাস অন্তর অন্তর এই সংক্রান্ত প্রতিবেদন কল কারখানা ও স্থাপনা অধিদপ্তরের পরিদর্শকের কার্যালয়ে প্রেরণ করতে হবে।

০১০২.১৫ ওয়ার্কশপে প্রাথমিক চিকিৎসায় বিভিন্ন বন্দোবস্তসমূহ ব্যাখ্যা এবং এর ব্যবহার প্রদর্শন:

ওয়ার্কশপে মেরামত সংক্রান্ত কাজের সময় দুর্ঘটনা ঘটতে পারে এবং কোন ব্যক্তি আহত হতে পারে। আহত অবস্থায় ততক্ষণে হাসপাতালে চিকিৎসার জন্য নেওয়া সম্ভব হয় না বলে কিছু প্রাথমিক চিকিৎসার প্রদানের ব্যবস্থা ওয়ার্কশপেই থাকা বাঞ্ছনীয়। প্রাথমিক চিকিৎসার জন্য ওয়ার্কশপ, গাড়ি এবং কর্মস্থলে একটি প্রাথমিক চিকিৎসা বাক্স বা ফাস্ট এইড বক্স সাথে থাকা বাঞ্ছনীয়। ফাস্ট এইড বক্সে প্রাথমিক চিকিৎসার জন্য প্রয়োজনীয় ঔষধ ও বিভিন্ন উপকরণ রাখতে হবে, যেন দুর্ঘটনায় আহত ব্যক্তিকে দ্রুত প্রাথমিক চিকিৎসা প্রদান করা যায়। ফাস্ট এইড বক্সে নিম্নলিখিত সরঞ্জাম রাখতে হবে:

ক্রমিক নং	আইটেমের নাম	পরিমাণ
১.	জীবানুমুক্ত সার্জিক্যাল গজ (১ গজের প্যাকেট)	১ ডজন
২.	অ্যাডহেসিভ টেপ (মাইক্রো পোর) এক ইঞ্চি	২টি
৩.	অ্যাডহেসিভ টেপ (মাইক্রো পোর) দুই ইঞ্চি	২টি
৪.	সেফটি পিন (আধা ইঞ্চি)	১ ডজন
৫.	সেফটি পিন (এক ইঞ্চি)	১ ডজন
৬.	রোলার ব্যান্ডেজ (ছয় ইঞ্চি)	১ রোল
৭.	রোলার ব্যান্ডেজ (চার ইঞ্চি)	১ রোল
৮.	তুলা (২৫ গ্রামের প্রাকেট)	৫ প্যাকেট
৯.	পোড়া স্থানে ব্যবহারের জন্য জীবানুমুক্ত ভ্যাসলিন গজ (১০ সে.মি* ১০ সে.মি)	৪টি
১০.	থার্মোমিটার	২টি
১১.	কাঁচি ১৩ সে.মি	১ জোড়া
১২.	অর্টারী ফরসেফ (ছোট ও মাঝারী আকৃতির)	১ জোড়া
১৩.	হ্যান্ড গ্লাভস (৬.৫ মাপের)	৩ জোড়া
১৪.	হ্যান্ড গ্লাভস (৭ মাপের)	৩ জোড়া
১৫.	ট্যবলেট প্যারাসিটামল (৫০০ মি.গ্রা.)	৫০টি
১৬.	ক্লোরহেক্সিডিন/হ্যান্ড রাব (৫০ মি.লি)	১ বোতল
১৭.	পভিডন আয়োডিন/অ্যান্টিসেপটিক দ্রবণ (১০০ মি.লি.)	১ বোতল।

উপরোক্ত উপকরণসমূহের সমন্বয়ে ব্যবহার বিধি অনুযায়ী দুর্ঘটনায় আহত ব্যক্তির প্রাথমিক চিকিৎসা প্রদান করা যেতে পারে।

০১০২.১৬ ব্যক্তিগত ও কর্মক্ষেত্রে পরিচ্ছন্নতাবোধ সম্পর্কে ব্যাখ্যা:

পরিষ্কার পরিচ্ছন্নতা ঈমানের অঙ্গ। কর্মক্ষেত্রে পরিষ্কার পরিচ্ছন্ন ও সুস্থ থাকাটা জরুরী। অপরিষ্কার ও অস্বাস্থ্যকর কর্মক্ষেত্রে কাজের ক্ষেত্রে সমস্যা হতে পারে। নানা প্রকার শারীরিক ও মানসিক সমস্যার সৃষ্টি করে। ব্যক্তিগত ও কর্মক্ষেত্রে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার উপায় সমূহ নিম্নে উল্লেখ করা হলো:

ব্যক্তিগত পরিচ্ছন্নতা:

১. প্রতিদিন নিয়মিত দাত ব্রাশ করা
২. নিয়মিত গোসল করা
৩. হাত ও পায়ের নখ ছোট রাখা
৪. চুল ছোট রাখা

৫. প্রয়োজনে নিয়মিত দাড়ি কাটা
৬. নিয়মিত ৬-৮ ঘন্টা ঘুমোনো
৭. বেশি করে পানি পান করা
৮. কোন কাজ শেষে দুই হাত পরিষ্কার করে ধোয়া
৯. পরিষ্কার পোষাক পরিধান করা ইত্যাদি।

কর্মক্ষেত্রে পরিচ্ছন্নতা:

১. কাজের এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা
২. কাজে ব্যবহৃত বিভিন্ন উপকরণ গোছগাছ করে রাখা
৩. বসার জায়গাটি পরিষ্কার রাখা
৪. পর্যাপ্ত পরিমাণ আলো বাতাস চলাচলের ব্যবস্থা রাখা ইত্যাদি।

০১০২.১৭ মোটরযান ও ওয়ার্কশপের পরিচ্ছন্নতা পদ্ধতি প্রদর্শন

গাড়ি চলাচলের সময় গাড়িতে প্রচুর ধূলাবালি জমে যায়। এমনকি গাড়ির ভিতরেও তা প্রবেশ করে। যা গাড়ি বিভিন্ন যন্ত্রাংশের ক্ষতিসহ গাড়ির চালক ও যাত্রীর স্বাস্থ্য ঝুঁকির সৃষ্টি করে। তাই নিয়মিতভাবে পানি দ্বারা গাড়ির বাইরের অংশ পরিষ্কার করতে হবে। গাড়ির ভেতরের বিভিন্ন স্থান কাপড় দিয়ে মুছে এবং সকল প্রকার কাচ গ্লাস ক্লিনার দ্বারা পরিষ্কার রাখতে হবে।

ওয়ার্কশপে গাড়ি মেরামত করার ফলে গাড়ির বিভিন্ন ময়লা, পরিত্যক্ত অয়েল, গ্রিজ ইত্যাদি দ্বারা ওয়ার্কশপ ও টুলসসমূহ নোংরা হয়। যা নিয়মিত ডিটারজেন্ট/পরিষ্কারক পদার্থ দ্বারা পরিষ্কার করতে হবে।

ইউনিট ০১০৩ কর্মপরিবেশ:-

০১০৩.০১ - মোটরযান ড্রাইভিং এবং রক্ষণাবেক্ষণের কর্মপরিবেশ বর্ণনা:-

একটি মোটর যানকে সঠিক ও চলমান রাখার জন্য তা নিয়মিত রক্ষণাবেক্ষন করার প্রয়োজন। এই রক্ষণাবেক্ষন নিয়মতান্ত্রিক ও নির্দিষ্ট ক্রম অনুযায়ী করা হলে তা একজন ড্রাইভারের পক্ষে সহজ ও সুন্দরভাবে করা সম্ভব হবে। এই কাজের বিস্তারিত বর্ণনা ক্রমানুসারে নিম্নরূপ:-

১. সাধারণ: নিম্নলিখিত জিনিসগুলো পরীক্ষা করতে হবে :

- রেডিয়েটরের পানির পরিমাণ এবং পরিচ্ছন্নতা।
- সাস্পেন্স তৈলের পরিমাণ এবং পরিচ্ছন্নতাঃ পরিমাপের কাঠি দিয়ে তৈলের পরিমাণ মাপা।
- প্রেট্রোল/ডিজেলের পরিমাণঃ কাজ শেষ করার পর ট্যাংকে ভর্তি করা।
- তৈল পানি এবং জ্বালানী গাড়ীর নিচে ফুটো দিয়ে বেড়িয়ে যায় কিনা? এরকম হলে মেরামতের জন্য ওয়াকসপ এর সাথে যোগাযোগ করতে হবে।
- চাকার নাট আটসাত আছে কিনা পরীক্ষা করা।
- টায়ারে হাওয়ার চাপ এবং টায়ারের সাধারণ পরিচ্ছন্নতা।

২. বৈদ্যুতিক/ব্যাটারীঃ নিম্নলিখিত জিনিসগুলো পরীক্ষা করতে হবে :

- ব্যাটারীঃ পরিষ্কার পরিচ্ছন্নতা, টার্মিনাল দৃঢ়ভাবে লাগানো এবং এর উপর প্রেটোলিয়াম জেলি দেওয়া ডিস্টিলওয়াটার বা পানির পরিমাণ দেখা, ভেন্ট প্লাগের ছিদ্র, আর্থকানেকশন দৃঢ়ভাবে লাগানো এবং প্লাগের পরিস্কার পরিচ্ছন্নতা দেখা।
- ডায়নামোঃ বাহনের (মাউন্টিং) নিরাপত্তা ফ্যানবেল্ট প্লে (১ ইঞ্চি প্লে উভয় পাশে) এবং সংযোজন দৃঢ়ভাবে লাগানো আছে কিনা পরীক্ষা করা।
- স্কেফ ষ্টার্টারঃ মাউন্টিং দ্রুতভাবে ও লীডের পরিষ্কার পরিচ্ছন্নতা।
- রেগুলেটর (নিয়ন্ত্রক)ঃ নিরাপদ মাউন্টিং সংযোজন এবং সীল।
- এমিটারঃ গাড়ী স্টার্ট দিয়ে রিডিং পরীক্ষা করতে হবে।
- স্পার্ক প্লাগঃ ইঞ্জিন ষ্টার্ট দিয়ে স্ক্রু ড্রাইভারের সাহায্যে শর্ট শার্কিট করে স্পার্কিং প্লাগের কার্যক্ষমতা পরীক্ষা করতে হবে। ইঞ্জিনের শব্দ শুনতে হবে। যদি শব্দে কোন পরিবর্তন আসে তাহলে বুঝতে হবে যে প্লাগ ক্রটি যুক্ত।
- বাতিঃ চালকের সহকারী দিয়ে পরীক্ষা করতে হবে- হেড লাইট এবং ডিপসুইচ, পাশের ও পিছনের বাতি, থামার এবং প্যানেল বাতি, হর্ণ, ফুয়েল, গেজ ববেং নির্দেশক বাতি।

৩. নিয়ন্ত্রকঃ নিম্নলিখিত জিনিসগুলো পরীক্ষা করতে হবে :

- ক্লাচঃ ক্লাচ প্যাডেল সহজেই কাজ করার জন্য ১ ইঞ্চি এর বেশি মুক্ত সঞ্চালন হবে না।
- ব্রেক (হাইড্রলিক)ঃ যখন সম্পূর্ণভাবে চাপ দেয়া হয় ব্রেক প্যাডেল বোর্ড থেকে ২ ইঞ্চি উপরে থাকবে। প্যাডেল ব্যবস্থা ঠিকমত কাজ করে কিনা তা দেখতে হবে। ব্রেক প্যাডেল চাপ দেওয়ার সময় যদি কোন পরিষ্কার বাধা না আসে তাহলে প্যাডেল কয়েকবার চাপ দিতে হবে। চাপ দেওয়া রদুরত্ব যদি অসমান থাকে তা হলে বুঝতে হবে কোন ক্রটি আছে। এ রকম হলে ওয়াকসপ থেকে মেরামত করতে হবে।

- ব্রেক (মেকানিক্যাল)ঃ প্যাডেলের কাজ এবং সমস্ত ব্রেক রড/তার বাঁকা বা নষ্ট হয়েছে পরীক্ষা করে দেখতে হবে। সংযোজন গুলোতে তেল দেয়া আছে কিনা দেখতে হবে।
- হ্যান্ড ব্রেকঃ গাড়ীর মধ্যে মাল বোছাই করে চালু জায়গায় গাড়ী পার্ক করে হ্যান্ড ব্রেক পরীক্ষা করতে হবে।
- গেজ (মাপন যন্ত্র)ঃ ড্যাসবোর্ডের উপর গেজ এবং সুইচের পরিষ্কার পরিচ্ছন্নতা ও নিরাপত্তা।
- গিয়ার লিভারঃ সহজেই এটা লাগানো এবং মুক্ত করতে পারা উচিত।
- স্টিয়ারিং হুইলঃ জয়েন্ট এর ঢিলা এবং ঠিকমত কাজ কওে কিনা দেখতে হবে। সব নাট বোল্ট ঠিকমত এবং দৃঢ়ভাবে লাগানো আছে কিনা পরীক্ষা করতে হবে।
- চাকাঃ চাকা জ্যাক করে উপরে তুলতে হবে এবং বিয়ারিয় ঠিক আছে কিনা দেখতে হবে। ব্রেকের সাথে ঘর্ষণ খাচ্ছে কিনা তা দেখতে হবে।

৪. চালনাঃ নিম্নলিখিত জিনিসগুলো পরীক্ষা করা উচিত :

- এ্যাঙ্কেল ও ডিফারেন্সিয়াল কেসিংঃ ভাংগা ছিদ্র এবং তেলের পরিমাণ।
- প্রপেলার শ্যাফট এবং ইউ জয়েন্টঃ অতিরিক্ত সঞ্চালনের জন্য সংযোগ গুলোতে গ্রীজ লাগানো হয়েছে কিনা।
- গিয়ার বক্স ও ট্রান্সফার কেসঃ ভাংগা লীড এবং তৈলের পরিমাণ।
- স্প্রিংঃ নিরাপত্তা ও নষ্ট স্প্রিং লীফঃ সব দৃঢ়ভাবে লাগানো আছে কিনা।
- শক এবজরবারঃ তৈলের জায়গায় ছিদ্র ভাংগা বা নষ্ট হয়েছে কিনা।
- চাকাঃ সামনের ও পিছনের চাকা জ্যাক করে উপরে তুলে হাত দিয়ে ঘোরাতে হবে।

৫. ইঞ্জিনঃ নিম্নলিখিত জিনিসগুলো পরীক্ষা করা দরকারঃ

- কম্প্রেশন (চাপ)ঃ ইঞ্জিন স্টার্ট করে ইঞ্জিনের চাপ পরীক্ষা করতে হবে। প্রত্যেক স্ট্রোকে সমান চাপ এবং বাধা সঠিক কম্প্রেশন নির্দেশ করে।
- লীক (ছিদ্র)ঃ ইঞ্জিন পরীক্ষা করে দেখতে হবে কোন তৈলের ছিদ্র আছে কিনা। হোস পাইপ এবং জ্বালানীর লাইন চেক করে দেখতে হবে। ট্যাপেটের থ্রটল বা ইহিজনের নকিংয়ের শব্দ শুনতে হবে।
- শব্দঃ ছিদ্র আছে কিনা দেখতে হবে।
- ওয়াটার শার্কুলেশন (পানি চলাচল)ঃ ইঞ্জিন চলাকালীন অবস্থায় রেডিয়েটর ক্যাপ খলে পানির চলাচল পরীক্ষা করে দেখতে হবে। ছিদ্র আছে কিনা পরীক্ষা করে দেখতে হবে।
- ওয়াটার মেনিফোল্ডঃ ইঞ্জিন চলাকালীন সময়ে সংযোজন এবং গ্যাসকোটে কোন ছিদ্র আছে কিনা তা দেখতে হবে।
- রেডিয়েটরঃ রেডিয়েটরের সংযোজনের দৃঢ়তা এবং পাখাগুলো পরিষ্কার করে পরীক্ষা করে দেখতে হবে।
- কার্বুরেটরঃ দৃঢ়ভাবে বসানো আছে কিনা অতিরিক্ত প্রবাহ বা পেট্রোল উপচে পড়ছে কিনা পরীক্ষা করে দেখতে হবে।
- এয়ার ক্লিনারঃ এয়ার ক্লিনারের মধ্যে তৈলের পরিমাণ এবং পরিষ্কার পরিচ্ছন্নতা দেখতে হবে।

৬. ফ্রেম ও ফিটিং নিম্নলিখিত পরীক্ষা করা প্রয়োজনঃ

- ফ্রেম বাঁকা হয়ে যাওয়া বা ভেঙ্গে যাওয়া ধরে রাখার জন্য নাট বোল্ট ক্রস মেম্বার বা প্লানিং বোর্ড, মাডগার্ড, টুল বক্স ,ঝালানী তৈল এবং পানির পাত্র পরীক্ষা করে দেখা।
- উইন্ড স্ক্রীনঃ নিরাপত্তা, ড্রাইভারের আয়না, উইন্ডো কাঁচের এবং নবস ড্যাস বোর্ড এবং কাঁচের পরিষ্কার করে দেখতে হবে।
- বনেটঃ বনেট এবং এটা ধরে রাখার জন্য ক্লীপ পরীক্ষা করে দেখতে হবে।
- বাম্পারঃ বেঁকে যাওয়া, টোয়িং শিকল এবং টোয়িং হকের দৃঢ়তা দেখা।

৭. লুব্রিকেশন ও পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য নিম্নলিখিত বিষয়গুলো দেখা প্রয়োজনঃ

- গাড়ী ঠিকমত ধোয়া হয়েছে কিনা দেখা।
- তৈলাঙ্ককরণঃ সব প্রয়োজনে এবং লিংকেজে তৈল আছে কিনা দেখা।
- তৈলের পরিমাণ (লেভেল)। গিয়ার বক্স ট্রান্সফারকেস, ডিফারেন্সিয়াল ইঞ্জিন, স্টিয়ারিং বক্স মাস্টার সিলিভার, শকএবজরবারে ঠিক পরিমানে তৈল আছে কিনা এবং স্টার্টার ও ডায়নামোতে তৈল দেয়া হয়েছে কিনা পরীক্ষা করে দেখতে হবে।
- তৈল বদল করন। সঠিক সময়ে এবং সঠিক করে তৈল বদলী করতে হবে।

০১০৩.০২-কাজের সঠিক পরিবেশ বজায় রাখার মনোভাব ও আচারবিধি ব্যাখ্যা:-

আমাদের চারপাশের সবকিছু নিয়েই আমাদের পরিবেশ। প্রতিনিয়ত অপরিষ্কৃত আর অনিরাপদ পদ্ধতির শিল্পায়ন ও নগরায়নের প্রভাবে ক্রমান্বয়ে মনুষ্য বসবাসের অনুপযোগী হয়ে পড়েছে আমাদের পরিবেশ। স্বাভাবিক জীবনযাপনের অনুকূল পরিবেশ বজায় রাখার গুরুত্ব বিবেচনা ও এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে প্রতি বছর ৫ জুন বিশ্বব্যাপি পালিত হয় বিশ্ব পরিবেশ দিবস। বিশ্বের অন্যান্য

দেশের ন্যায় বাংলাদেশও বিভিন্ন কর্মসূচির মধ্যে দিয়ে র্যালি, সমাবেশ, আলোচনা সভা, সেমিনার, সিম্পোজিয়াম আয়োজন ছাড়াও প্রচার মাধ্যমে গনসচেতনতামূলক ব্যাপক প্রচারণা চালানো হয়।

আমাদের মতো উন্নয়নশীল দেশে সৃষ্টি, স্বাভাবিক ও নিরাপদ জীবনযাপনের জন্য পরিবেশের গুরুত্ব অপরিসীম। যে কোন মানুষের দেহ ও মনের সুস্থতা দূষণমুক্ত এবং উন্নত পরিবেশের উপর নির্ভর করে। তাই পরিবেশ সংরক্ষণে সকলকে সচেতন হতে হবে এবং পরিবেশ দূষণের যে কোন প্রচেষ্টার বিরুদ্ধে সোচ্চার হতে হবে।

শব্দ দূষণ নিয়ন্ত্রণ: মানুষ বা অন্য কোন প্রাণির শ্রুতিসীমা অতিক্রমকারী কোন শব্দ সৃষ্টির কারণে শ্রবনশক্তি ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনাকে শব্দদূষণ বলে। মানুষ সাধারণত ২০ থেকে ২০,০০০ ডেসিমেলের বেশী বা কম মাত্রার শব্দ শুনতে পায়না। তাই মানুষের জন্য শব্দদূষণ প্রকৃতপক্ষে এই সীমার মধ্যে তীব্রতর শব্দ দ্বারা হয় থাকে। যানবাহন, কল-কারখানা, বিমানের, তীব্র আওয়াজ শব্দ দূষণের সৃষ্টি করে। শব্দ দূষণে উচ্চ রক্তচাপ, অনিদ্রা, শ্রবনশক্তি হ্রাস, মনসংযোগ কমে যাওয়া, মাথা ব্যথা ও মাথা ধরা, খিটখিট মেজাজ, বিরক্তিবোধ এমনকি অস্বাভাবিক আচরণ করার মতো দৈনিক নানা সমস্যার সৃষ্টি হদয়

শব্দ দূষণের অন্যতম প্রধান উৎস যানবাহনের শব্দ বা হর্ন। রাস্তায় অস্বাভাবিক যানজটের কারণে ব্যস্ত হয়ে আগে যাবার প্রবণতায় চালকরা উচ্চ হর্ন বাজায়। এছাড়া আবাসিক এলাকায় বিগুং তৈরীর সময় ইট ভাংগার মেশিনের শব্দ, শিল্প এলাকায় কলকারখানার শব্দ, বানিজ্যিক এলাকায় গ্রীলের দোকানে হাতুড়ী পেটানোর শব্দ, ক্যাসেটের দোকানে উচ্চ শব্দে গান বাজানো, মাইকে বিজ্ঞাপন প্রচারসহ নানা ভাবে শব্দ দূষণ ঘটছে। ২০০৬ সালের সেপ্টেম্বরের শব্দ দূষণ নিয়ন্ত্রন বিধিমালা অনুযায়ী হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান, অফিস-আদালত কে নীরব এলাকা ঘোষণা করা হয়। মোটরযান অধ্যাদেশ ১৯৮৩ অনুযায়ী মোটরযান বিকট আওয়াজ সৃষ্টিকারী হাইড্রোলিক হর্নের ব্যবহার নিষিদ্ধ রয়েছে। শব্দ দূষণের ভয়াবহতা থেকে পরিব্রান পেতে প্রথমত প্রয়োজন এর কুফল সম্পর্কে সকলকে সচেতন হওয়া এবং যে কোন শব্দদূষণের বিরুদ্ধে সোচ্চার হওয়া।

নিরাপদ সড়ক:

বাংলাদেশ পুলিশ বিভাগের তথ্য অনুযায়ী দেশে প্রতিবছর সড়ক দুর্ঘটনায় প্রায় তিন হাজার লোক প্রান হারায়। আহত হয় প্রায় দুই হাজার মানুষ। সড়ক দুর্ঘটনাজনিত ক্ষয়-ক্ষতির পরিমাণ জিডিপি প্রায় দুই শতাংশ। সড়ক দুর্ঘটনায় নিহতের ৫৪ শতাংশই পথচারী। এতে প্রতীয়মান হয় যে, সড়ক ব্যবহারকারীদের সড়ক ব্যবহার বিধি এবং সড়ক নিরাপত্তা সম্পর্কে সচেতনতার যথেষ্ট অভাব রয়েছে। সড়ক দুর্ঘটনার জন্য কেবল ব্যবহারকারীদের অসচেতনতাই দায়ী নয়, অতিরিক্ত মালামাল পরিবহন, ক্রটিযুক্ত গাড়ী চালানো, ট্রাফিক আইন অমান্য করা, সড়কের উপর হাট-বাজার স্থাপন, সড়কের উপর নির্মাণ সমগ্রী রাখা সড়ক দুর্ঘটনার অন্যতম কারণ। বিপুল লোকের প্রাণহানি ও দুর্ঘটনাজনিত আর্থিক ক্ষয়-ক্ষতির হ্রাস করার জন্য চালকদের প্রশিক্ষণ ও সড়ক ব্যবহারকারীগণের সড়ক ব্যবহার ও সড়ক নিরাপত্তা সম্পর্কে সচেতন হওয়া প্রয়োজন।

চালকের আচরণবিধি:

গাড়ি চালানোর সময় ভদ্রতা দেখাতে কোন পয়সা খরচ হয় না বরং এতে আপনার নিজের এবং অপরের নিরাপত্তা নিশ্চিত হয়। রাস্তায় গাড়ি চালানোর সময় অন্যান্য চালক ও পথচারীদেরও প্রতি সৌজন্যতা ও সহানুভূতি প্রকাশ করলে সড়ক দুর্ঘটনা অনেকাংশেই কমে যায়। গাড়ি চালানোর সময় সাধারণভাবে যে সব সৌজন্যতা দেখানো যায় তার কিছু নমুনা নিচ দেয়া হলো:

- এমনভাবে গাড়ি চালাতে হবে যাতে অন্যরা রাস্তায় বিরক্ত না হয়।
- পথচারী থাকুক বা না থাকুক কখনই পথচারী পারাপারে মাত্রাতিরিক্ত গতি বা অসতর্ক অবস্থায় গাড়ি না চালানো।
- সর্বদা চারপাশের পথচারী ও যানবাহন সম্পর্কে যত্নবান হওয়া।
- জেব্রা ক্রসিং এর উপর গাড়ি থামিয়ে পথচারী পারাপারে অসুবিধা সৃষ্টি না করা।
- সবসময় পথচারীকে অগ্রাধিকার দেয়া।
- পথচারী অথবা বাইসাইকেলকে অতিক্রম করার সময় নিরাপদ দূরত্ব বজায় রাখা অথবা গাড়ির গতিবেগ যথাসম্ভব কমানো।
- পার্শ্ব রাস্তার যানবাহনকে প্রধান সড়কে উঠার সুযোগ দিন।
- অথথা হর্নবাজিয়ে সামনের গাড়ির চালককে অস্বস্তিতে না ফেলা।
- মোড় নেয়ার সময় সঠিক লেন থেকে মোড় নেয়া।
- হঠাৎ করে লেন পরিবর্তন না করা।
- দিক পরিবর্তন বা লেন পরিবর্তন করার সময় ইন্ডিকেটর বাতি ব্যবহার করে অন্য গাড়িকে সতর্ক করা।
- এক সঙ্গে একটির বেশি গাড়ি ওভারটেকিং না করা।
- ওভারটেকিং এর শেষে ইন্ডিকেটর বাতি নিভিয়ে দেয়া।
- ঘন ঘন ওভারটেকিং না করা।
- ওভারটেকিং করা ছাড়া সবসময় বাম দিক দিয়ে গাড়ি চালনা করা।
- অন্য গাড়িতে ওভারটেক করার সুযোগ দেয়া।
- আপনার গাড়িকে ওভারটেক করার সময় গতি কমিয়ে সাহায্য করা।
- জংশনে পুলিশ থাকুক বা না থাকুক সিগন্যাল নিয়ম মেনে গাড়ি চালানো।
- অথথা হাই ভিম ব্যবহার করবে না।
- পার্শ্ব রাস্তা থেকে গাড়ী প্রধান সড়কে উঠার আগে সংকেত দিয়ে অন্য চালককে সতর্ক করা।
- গাড়ি এমনভাবে পার্কিং করতে হবে যাতে অন্যের চলাচলে অসুবিধা না হয় এবং অন্যেও পার্কিং করা গাড়ি বের হতে অসুবিধা না হয়।

- জংশনে গাড়ি থামিয়ে অযথা প্রতিবন্ধকতা তৈরি না করা।
- রাস্তায় এমন কিছু ফেলবেন না যাতে অন্যের অসুবিধা হয়।
- অন্য চালকের কোন ভুল বা তার গাড়ির কোন ত্রুটি দেখা দিলে হর্ণ বাজিয়ে বা লাইট ব্যবহার করে তা নজরে আনা।

মোটরযান বিধিমালা-১৯৮৪ এর ৯০ ও ৯১ বিধিতে চালকদের শিষ্টাচার ও নৈতিকতার বিষয়ে আলোকপাত করা হয়েছে। তন্মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে:

- চালকের জন্য সংরক্ষিত আসনে কোন ব্যক্তি পণ্য বা কোন জিনিসপত্র রাখার অনুমতি প্রদান না করা।
- রাস্তায় নির্দিষ্ট স্থান বা স্টপেজ ব্যতিত মোটরযান না থামানো।
- যাত্রী উঠা নামার উদ্দেশ্যে রাস্তার বাম পার্শ্বে অন্য মোটরযান থেকে নিরাপদ দূরত্বে মোটরযান থামানো।
- পরিস্কার পরিচ্ছন্ন পোশাক পরিধান করা।
- নির্ধারিত ধারন ক্ষমতার অতিরিক্ত যাত্রী বহন না করা।
- প্রত্যেক যাত্রীর ভাড়ার বিপরীতে টিকিট প্রদান করা।
- মালবাহী মোটরযানে যাত্রী পরিবহনের সময় পর্যাপ্ত সাবধানতা অবলম্বন করা
- যাত্রীবাহী মোটরযান নির্দিষ্ট সময়ে যাত্রা করা।
- যাত্রী উঠানামার স্থানে কোন প্রতিবন্ধকতা সৃষ্টি না করা বা মালামাল না রাখা।
- কোন যাত্রীর দৃষ্টি আকর্ষণ করার জন্য চিৎকার না করা বা মহিলা যাত্রীর বিরক্তির উদ্বেক হতে পারে এমন কোন আচরন না করা
- অধিক মালামাল পরিবহন না করা।
- গাড়ী চালানোর সময় ধূমপান না করা। মোটরযান যান্ত্রিক ত্রুটি যুক্ত জেনে অথবা পর্যাপ্ত জ্বালানী মজুদ না করে মোটরযান চালানো থেকে বিরত থাকা।

দৈনন্দিন গাড়ী চালনায় আমাদেরও দেশে কোন কোন পেশাজীবী গাড়ী চালকের মধ্যে যে সকল উল্লেখযোগ্য দোষত্রুটি গুলো সচরাচর পরিলক্ষিত হয়, সেগুলো নিম্নরূপ:-

- অতিমাত্রায় আত্মবিশ্বাসের সাথে দ্রুত গতিতে গাড়ী চালনা, অবৈধভাবে ওভারটেকিং এ অতিরিক্ত যাত্রী/মালামাল বহন করা।
- গাড়ী চালানোর সময় ধূমপান মোবাইল ফোন ব্যবহার অন্যের সাথে গল্প/হাস্য তামাশা করা।
- যাত্রী সাধারণের উঠানামার সময় একটি জায়গায় মোটরযান সম্পূর্ণ স্থির করার কথা থাকলেও তা না করা বিশেষ করে মহিলা ও শিশু যাত্রীদের উঠানামার সময় সর্বোচ্চ সহযোগিতা না করা। বাস/মিনিবাসে মহিলা, শিশু ও প্রতিবন্ধী যাত্রীদের জন্য নির্ধারিত আসনে অন্য যাত্রীরা বসে থাকলে তাদেরকে নির্ধারিত আসনে বসার জন্য হেলপার /কন্ডাক্টরকে নির্দেশ না দেওয়া।
- মহিলা, শিশু ও প্রতিবন্ধী যাত্রীদের সাথে সদাচারণ না করা।
- রাস্তায় মোটরযান চালনার সময় সকল ধরনের ট্রাফিক আইন এবং বিধি মেনে না চলা।
- রাস্তায় চলাচল করা অন্য মোটরযানের বা চালকের অধিকারের প্রতি সম্মান প্রদর্শন না করা।
- রাস্তায় চলাচলের সময় অন্যান্য মোটরযান থেকে নিরাপদ দূরত্ব বজায় না রাখা।
- মোটরযান পরিস্কার পরিচ্ছন্ন না রাখা এবং পরিবেশ দূষণের প্রতি যত্নশীল না হওয়া।
- আকস্মিকভাবে ব্রেক করার কারণে যাত্রী সাধারণ বিশেষ করে মহিলা, শিশু ও প্রতিবন্ধী যাত্রীগণ প্রায়শই আহত হয়।

মহিলা, শিশু, প্রতিবন্ধী ও যাত্রী সাধারণের প্রতি পেশাদার গাড়ীচালকের করণীয়:-

- মহিলা, শিশু ও প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত আসন নিশ্চিত করা।
- মহিলা, শিশু ও প্রতিবন্ধী যাত্রীদের সাথে ভাল ব্যবহার করা।
- যাত্রী সাধারণ বিশেষ করে শিশুদের ক্ষতি হতে পারে এমনভাবে হর্ণ না বাজানো।
- আকস্মিকভাবে দ্রুত ব্রেক প্রদান না করা।
- স্পিড ব্রেকারে গতি কমিয়ে গাড়ী চালানো।
- ঝুঁকিপূর্ণভাবে ওভার টেকিং না করা এবং মাত্রাতিরিক্ত গতিতে গাড়ী না চালানো।
- মহিলা, শিশু ও প্রতিবন্ধীদের উঠা-নামার সময় সর্বোচ্চ সহযোগিতা প্রদান করা।
- ভাড়া আদায়ের সময় কন্ডাক্টরের মার্জিত ব্যবহার নিশ্চিত করা।
- গাড়ী চালানোর সময় পরিস্কার পোশাক পরিধান করা ও মোটরযান আসন সমূহ পরিস্কার পরিচ্ছন্ন রাখা।
- গাড়ী বের করার পূর্বে গাড়ীর বিভিন্ন যন্ত্রাংশ ভালভাবে পরীক্ষা করে দেখা এবং প্রয়োজনীয় বৈধ কাগজপত্রাদী গাড়ীতে সংরক্ষন করা।
- মোটরযানে ধূমপান ও নেশাজাত দ্রব্যগ্রহণ থেকে বিরত থাকা।

০১০৩.০৩কর্মঘন্টা, ছুটি এবং ওভারটাইমের নিয়মনীতি ব্যাখ্যা:-

কারখানারকর্তৃপক্ষ দেশের প্রচলিত শ্রম আইন-২০০৬ অনুযায়ী দৈনন্দিন কর্মঘন্টা পরিচালনায় সর্বদা বদ্ধ পরিকর। কারখানার সময়সূচী/কর্মঘন্টা : (কারখানা আইন-১৯৬৫, ধারা: ৫০-৭৬ ও শ্রম আইন ২০০৬ ধারা ১০০-১০৯) নিম্ন লিখিত সময়সূচি অনুযায়ী কারখানার সাধারণ কাজের সময় পরিচালিত হবে। কম্পোজিট লিঃ এর কর্তৃপক্ষ প্রচলিত আইনের প্রতি শ্রদ্ধাশীল এবং কর্মক্ষেত্রে আইনানুগ বিধি-নিষধ এর যথার্থ প্রয়োগ ও বাস্তবায়ন করার লক্ষ্যে সদা সচেতন। বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর নবম অধ্যায়ের ১০০-ধারায় বর্ণিত, কোন প্রাপ্তবয়স্ক শ্রমিক কোন প্রতিষ্ঠানে সাধারণতঃ দৈনিক আট ঘন্টার অধিক সময় কাজ করিবেন না বা তাহাকে দিয়ে কাজ করানো যাবে না। তবে ধারা-১০৮ এর বিধান সাপেক্ষে উক্তরূপ শ্রমিক দৈনিক দশ ঘন্টা পর্যন্ত কাজ করিতে পারিবেন। কম্পোজিট লিঃ এর কর্তৃপক্ষ কারখানার কার্য সময় সাঠক ভাবে পরিচালনা ও নিয়ন্ত্রনের জন্য প্রচলিত আইনের আলোকে বিশেষ নীতিমালা প্রনয়ন করেছেন যা প্রতিদিনের কর্মঘন্টা এবং প্রতি সপ্তাহের কর্মদিবস সম্পর্কিত আইনগত বিধি ষেধ অনুসারে নির্ধারিত ও পরিচালিত।

কারখানার কাজ শুরু সময়: সকাল ৮:০০ ঘটিকা হতে

কারখানার কাজ শেষের সময়: বিকেল ৫:০০ ঘটিকা পর্যন্ত

বিরতি: কারখানায় মধ্যাহ্ন বিরতি, নামাজ ও বিশ্রামের জন্য দুপুর ০১:০০ টা হতে ০২:০০ টা পর্যন্ত মোট ০১ ঘন্টা বিরতি।

ক) সাধারণ কার্য-দিবস (বাংলাদেশ শ্রম আইন ২০০৬ ধারা ১০০ ও ১০১) :

সকল শিল্প কারখানা তার নিজ নিজ প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত সময়-সূচী অনুসারে প্রতিদিন সকালে উৎপাদন কাজ-শুরু করবে আবার নির্ধারিত সময়ে কাজ শেষ করে। দেশের প্রচলিত আইন এবং আন্তর্জাতিক শ্রম আইন অনুসারে প্রত্যেক শ্রমিকের জন্য প্রতিদিন সর্বোচ্চ ০৮(আট) ঘন্টা শ্রম সময় নির্ধারণ করা হয়েছে। এই কর্ম সময় দুই ভাগে বিভক্ত করা যাবে যা, সকাল হইতে দুপুর পর্যন্ত দুপুরের এক ঘন্টা আহ্বারের সময়ের পর হইতে বিকাল ৫টা পর্যন্ত।

খ) ওভারটাই (বাংলাদেশ শ্রম আইন ২০০৬ ধারা ১০২ ও ১০৮) :

কোন শ্রমিককে প্রতি দুই ঘন্টা, সপ্তাহে ১২ ঘন্টা এবং মাসে ৪৮ থেকে ৫২ ঘন্টার বেশী ওভারটাইম করানো হয় না। আর এ ওভারটাইম কাজ শ্রমিকের নিজ ইচ্ছার সাথে সম্পূর্ণ। কোন শ্রমিক যদি ওভার টাইম কাজ করতে না চায় তবে তাকে দিয়ে ওভারটাইম কাজ করানো হয় না। ওভারটাইম কাজ করার জন্য প্রতি শ্রমিককে তার সাধারণ মজুরী থেকে দ্বিগুণ হারে মজুরী প্রদান করা হয়।

গ) সাপ্তাহিক ছুটি (বাংলাদেশ শ্রম আইন ২০০৬ ধারা ১০৩) :

শ্রমিকদেরকে নির্দিষ্ট কাজের পর বিশ্রাম প্রদান আবশ্যিক। এজন্য শ্রম আইন, আই এল ও কনভেনশন এবং দেশের প্রচলিত নিয়ম অনুসারে শনিবার হতে বৃহস্পতিবার মোট ছয় দিন কর্মদিবসের জন্য একদিন (শুক্রবার) সাপ্তাহিক ছুটির ব্যবস্থা আছে। শ্রমিকেরা সাধারণ ভাবেই এই ছুটি পেয়ে থাকে অনিবার্য কারণে বা বিশেষ জরুরী প্রয়োজনে শুক্রবার সাপ্তাহিক ছুটি প্রদান করা না গেলে তৎপরবর্তী দুই দিনের মধ্যে যে কোন একদিন সাপ্তাহিক ছুটির পরিবর্তে ছুটি দেয়ার বিধান আছে।

অতিরিক্ত কর্মঘন্টা :

প্রয়োজন অনুসারে কারখানার সাধারণ কর্মঘন্টার অধিক অর্থাৎ বিকাল ০৫:০০টা হতে ০৭:০০টা পর্যন্ত সর্বোচ্চ ২ ঘন্টা অতিরিক্ত কর্মঘন্টা হিসেবে আহ্বান করা যাবে। অতিরিক্ত কর্মঘন্টা বাধ্যতামূলক নয় যা সম্পূর্ণ শ্রমিকের ইচ্ছার উপর নির্ভরশীল। এ হিসেবে সপ্তাহে গড়ে $(8\text{চ}+12)=60$ ঘন্টা এবং বছরে প্রতি সপ্তাহে গড়ে ৫৬ (ছাপ্পান্ন) ঘন্টার বেশী করানো যাবে না।

কাজের ঘন্টা:

বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর মতে “কর্ম-ঘন্টা” অর্থ আহ্বার এবং বিশ্রামের জন্য বিরতি ব্যতীত যে সময় কোন শ্রমিক কাজ করার জন্য মালিকের এখতিয়ারাধীন থাকেন।

কোম্পানীর নীতিসমূহ :-

- প্রত্যেক সাত দিনে এক দিন ছুটি প্রদান করবে, ব্যবসার জরুরী প্রয়োজন পূরণ সংক্রান্ত অত্যাবশ্যকতা ব্যতীরেকে।
- গার্মেন্টস বিভাগের দৈনিক কাজের সময় ০৮ ঘন্টা। এক ঘন্টা দুপুরের বিরতি সহ নিয়মিত কাজের এক শিফট সকাল ০৮:০০টায় শুরু হবে এবং বিকাল ০৫:০০টায় শেষ হবে। এবং টেক্সটাইল বিভাগের দৈনিক কাজের সময় ০৮ ঘন্টা। সুবিধা অনুযায়ী এক ঘন্টা বিরতি সহ তিন শিফট, সকাল ০৬.০০ টা থেকে দুপুর ০২.০০ টা, দুপুর ০২.০০ টা থেকে রাত ১০.০০ টা এবং রাত ১০.০০ টা থেকে সকাল ০৬.০০ টা।

- গার্মেন্টস বিভাগের উৎপাদনের প্রয়োজনীয়তাকে সামনে রেখে অতিরিক্ত কাজের জন্য শ্রমিকদের ইচ্ছার ভিত্তিতে দিনে দুই ঘন্টা করে সপ্তাহে ১২ (বার) ঘন্টার মধ্যে কার্যকাল সীমাবদ্ধ রাখবে।
- শুক্রবারকে ছুটির দিন হিসেবে নির্ধারিত করবে এবং বছরে ১১ দিন আইনগত উৎসব ছুটি প্রদান করবে।
- টাইম কার্ড অথবা সুইপ কার্ড অথবা উপস্থিতির রেজিস্টার এ কর্মীদের স্বীকারোক্তিমূলক স্বাক্ষরসহ কাজের ঘন্টাসমূহ লিপিবদ্ধ করার পদ্ধতি অবলম্বন করবে, যা তাদের কর্মঘন্টাকে নিশ্চিত করবে।
- আইনত অত্যাবশ্যকীয় সর্বোচ্চ নিয়মিত এবং অতিরিক্ত কাজের ঘন্টাসমূহ এবং দিনসমূহের তথ্যাদি লক্ষ্যনীয় স্থানে লাগাতে হবে যাতে কর্মরত সকলেই জানতে পারে।
- 'ব্যবসার জরুরী প্রয়োজন' এই বিষয়টি বিদ্যুৎ সমস্যা, ধর্মঘট, হরতাল, দেশে জরুরী অবস্থা, পোর্ট সমস্যা ইত্যাদি হিসেবে সংজ্ঞায়িত কিন্তু এর মধ্যেই সীমাবদ্ধ নয়।
- প্রয়োজ্য আইনসমূহ এবং নীতিসমূহ:
- আইনসমূহ এবং নীতিসমূহের উৎস
- কারখানা বিধিমালা ১৯৭৯
- বাংলাদেশ শ্রম আইন ২০০৬
- বাংলাদেশ সরকার গেজেট

কোম্পানীর পদ্ধতিসমূহ:

আইন অনুযায়ী কাজের ঘন্টা, অতিরিক্ত কাজের অভ্যাস/চর্চাসমূহ যোগাযোগ, বিস্তার এবং দেখাশোনা করার জন্য একজন যোগ্য ব্যক্তিকে নিয়োগ করে তার মাধ্যমে কোম্পানীর যাবতীয় নীতিসমূহের বাস্তবায়ন করা। উৎপাদনের সমন্বয় এবং সময় তালিকা প্রস্তুতের কাজে নিয়োজিত ব্যক্তি সহ সংশ্লিষ্ট সকল ব্যক্তিদের সর্বোচ্চ নিয়মিত কাজের ঘন্টা, অতিরিক্ত কাজের ঘন্টা এবং বিশ্রামের জন্য প্রয়োজনীয় ছুটির দিন সংক্রান্ত ফ্যাক্টরীর নীতিসমূহ এবং পদ্ধতিসমূহের উপর প্রশিক্ষণ প্রদান করা।

অতিরিক্ত কর্মঘন্টার হার :

(মূল বেতন/২০৮) x ২ x অতিরিক্ত কর্মঘন্টা

সাপ্তাহিক ছুটি : প্রতি সপ্তাহে এক দিন সাপ্তাহিক ছুটি হিসেবে শুক্রবার কারখানা বন্ধ থাকবে।

অতিরিক্ত কর্মঘন্টা নিয়ন্ত্রণ পদ্ধতি:

অতিরিক্ত কর্মঘন্টা বিধিবদ্ধ সীমার মধ্যে রাখার জন্য মাসিক পরিকল্পনা গ্রহণ করতে হবে। কারখানার প্ল্যানিং ব্যবস্থাপক, উৎপাদন ব্যবস্থাপক ও মার্চেন্টাইজিং ব্যবস্থাপক কর্মঘন্টার উপর প্রভাব সৃষ্টিকারী চলকগুলোকে যেমন শ্রমিক অনুপস্থিতি, মাইগ্রেশন, ছুটি, পণ্য গুদামজাত করন, লিড টাইম ইত্যাদি আনুসঙ্গিক বিষয়গুলোকে বিবেচনায় রেখে কর্মঘন্টা নির্ধারন করবেন।

অতিরিক্ত কর্মঘন্টা পরিচালনা পদ্ধতি:

সংশ্লিষ্ট সেকশনের ইনচার্জ কর্তৃক নির্দিষ্ট রিকুইজিশনের মাধ্যমে অতিরিক্ত কর্মঘন্টা আহবান করতে হবে এবং ইচ্ছুক শ্রমিকদের সম্মতি স্বাক্ষর সম্বলিত রিকুইজিশন শিল্প কারখানা ব্যবস্থাপক কর্তৃক অনুমোদন নিতে হবে। উক্ত প্রক্রিয়া সাধারণ কর্মঘন্টার মধ্যে সম্পন্ন করতে হবে। রিকুইজিশন ব্যতীত অতিরিক্ত কর্মঘন্টায় কোন শ্রমিক রাখা যাবে না।

০১০৩.০৪: ড্রাইভিং পেশার পরিবেশের সাথে মানিয়ে নেওয়া সম্পর্কে ধারণা:-

গাড়ী চালকের সুস্থ ও সবল থাকতে পরিষ্কার পরিচ্ছন্নতা অত্যন্ত জরুরী। যেহেতু পেশা হিসাবে গাড়ী চালনা বেছে নিয়েছেন সুতরাং এই পেশার পরিবেশ ও আনুসঙ্গিক আচার আচরণের সাথে নিজেকে মানিয়ে নিতে হবে। প্রতিদিন দাঁত মাজা, গোসল করা, সপ্তাহে একদিন নখ কাটা ও মাসে একবার চুল কাটা অভ্যাসে পরিণত করা দরকার। পরিধানের কাপড় শার্ট ও প্যান্ট হালকা রংগের হতে হবে। সাথে মানানসই জুতা থাকতে হবে। প্রতিটি চালকের দিনে ৬ থেকে ৮ ঘন্টা ঘুমানো উচিত। এতে মাথা ঠান্ডা থাকে ও কাজে মনোযোগ বাড়ে। পরিষ্কার পরিচ্ছন্নতা ঈমানের অঙ্গ তাই সকল চালক ভাইদের অনুরোধ করছি সর্বদা পরিষ্কার পরিচ্ছন্ন থাকতে। একজন গাড়ী চালকের আয়ের উপর নির্ভর করে তার পুরো পরিবার এবং তার সন্তানের আগামী দিনের পথচলা। তাই পরিষ্কার পরিচ্ছন্ন থাকুন, সুস্থ ও সবল থাকুন। ভাল থাকা, সুস্থ থাকার আশাই হোক আপনার জীবনের মূল লক্ষ্য।

গাড়ী চালকের স্বাস্থ্য ঝুঁকি :

অধিকাংশ গাড়ী চালকেই কোন না কোন ভাবে স্বাস্থ্য ঝুঁকিতে ভুগছে। তারা অপুষ্টির শিকার। একজন প্রাপ্ত বয়স্ক গাড়ী চালকের দৈনিক ২৮০০-২৯০০ ক্যালরিক খাদ্য গ্রহণ করতে হয়। একজন চালকের সুস্থ থাকার জন্য তার খাদ্য তালিকায় ছয়টি খাদ্যপ্রান থাকতে হবে।

ক) শর্করা	:	ভাত, রুটি, ভুট্টা।
খ) আমিষ	:	ডিম, দুধ, মাছ, মাংস, বিভিন্ন ধরনের ডাল।
গ) স্নেহ	:	তৈল, ঘি, মাখন।
ঘ) ভিটামিন	:	নানা রঙের ফল ও শাকসবজী।
ঙ) খনিজ লবণ ও আয়রন	:	আয়োডিন লবণ, কচু শাক, কাঁচা কলা পেয়ারা।
চ) পানি	:	নিরাপদ পানি।

এই ছয়টি খাদ্য প্রাণকে ঠিক রেখে সামর্থ্য অনুযায়ী খাদ্য তালিকা তৈরী করে চলতে হবে। তাহলেই চালকদের স্বাস্থ্য ঠিক রাখা সম্ভব। এ ছাড়া ও নেশা ও মাদক দ্রব্য সেবন থেকে বিরত থাকতে হবে। বাস্তবে গাড়ী চালকগন কোন নিয়ম মেনে চলেন না যার ফলে জড়িস সহ, নানাবিধ রোগে জর্জরিত থাকেন। মানুষ ঠিকমত নিয়ম মেনে খাবার খায়না বলেই যে টাকা রোজগার করতে গিয়ে শরীর নষ্ট করে আর সেই শরীর ভাল করতে গিয়ে টাকা খরচ করে। যার কারণে আয়ের চেয়ে ব্যয় বেশী হয়।

০১০৩.০৫: ড্রাইভিং পেশার বিভিন্ন পরিস্থিতি সামলানো:

- ১) সব রাস্তা বন্ধ থাকলে: যদি কোথাও রাস্তার কাজ বা অন্য কোন প্রয়োজনে বন্ধ থাকে তাহলে বিকল্প রাস্তা নির্দেশনা দেওয়া থাকবে। যানবাহন চালককে গাড়ী চালানোর সময় লক্ষ্য রাখতে হতে কোন বিকল্প নির্দেশনা দেওয়া আছে কি না? যদি থাকে তাহলে তা অনুসরণ করতে হবে। একান্তই যদি কোন বিকল্প না থাকে তাহলে ঐ রাস্তা পরিহার করতে হবে।
- ২) স্টপলাইট শুধু হলুদ বাতি উঠলে: এই পরিস্থিতি সাধারণত ট্রাফিক সিগন্যালে হয়ে থাকে। সিগন্যালে থামার সময় হলুদ বাতি উঠলে বুঝতে হবে কিছু মুহূর্ত পর আপনাকে গাড়ী থামাতে হবে। সুতরাং গাড়ীর গাতি কমিয়ে নিয়ন্ত্রনে রাখতে হবে। সিগন্যালে থেকে ছাড়ার সময় অর্থাৎ লাল বাতির পর হলুদ হলে গাড়ী বন্ধ করা থাকলে চালু করতে হবে গন্তব্যে যাওয়ার জন্য।
- ৩) জীবজন্তু হঠাৎ গাড়ীর সামনে আসলে: যথাসম্ভব গাড়ীর গতি কমিয়ে ব্রেক করতে হবে। বিচক্ষণতা কাজে লাগিয়ে পরিস্থিতি বুঝে সিদ্ধান্ত নিতে হবে মুহূর্তের মধ্যে।
- ৪) সূর্য যদি দৃষ্টি আচ্ছন্নকারী হয়: এ রকম পরিস্থিতিতে চালকের সামনে সানরুপ প্যাড বা পর্দা দিতে হবে যা গাড়ীতে চালকের মাথার উপর থাকে। চালকের প্রয়োজন অনুযায়ী সমনে বা পার্শ্বে মুভমেন্ট করানো যায়।
- ৫) আপনি যদি অদক্ষ চালকের সম্মুখীন হলে: বর্তমান সময়ে হরহামেসাই এ রকম পরিস্থিতিতে পরতে হয়। আপনি যদি বুঝতে পারেন অদক্ষ চালক সামনে, পিছনে বা পার্শ্বে উপস্থিত তাহলে তাকে সামনে ছেড়ে দিতে হবে। আপনাকে তার থেকে দূরে থাকতে হবে। কারণ যে কোন সময় সে কোন অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা ঘটতে পারে।
- ৬) হঠাৎ ঝড়ের সম্মুখীন হলে: আপনাকে যথাসম্ভব নিরাপদ জায়গায় গাড়ী পার্কিং করতে হবে। যদি সে সময় পাওয়া না যায় তাহলে সেখানেই গাড়ী পার্কিং করতে হবে। তবে লক্ষ্য রাখতে হবে গাড়ীর চতুর্দিকে ২০ গজ এলাকা জুড়ে কোন ছোট-বড় গাছ থাকা যাবে না।
- ৭) রাস্তা পানি দ্বারা অবরুদ্ধ থাকলে: পানির পরিমাণ যদি অনুমান করা সম্ভব হয় এবং পানির উচ্চতা ০২ ফিট বা তার নিচে হয় তাহলে একটা নির্দিষ্ট গতিতে রাস্তা পার হতে হবে। পানির উচ্চতা অনুমান করা সম্ভব না হলে গাড়ী থেকে নেমে কোন কিছুর সাহায্যে পানির উচ্চতা অনুমান করে সিদ্ধান্ত নিতে হবে। পানির উচ্চতা যদি গাড়ীর সাইলেপ্যার অবধি বা তার বেশী হয় তাহলে রাস্তা পার হওয়া যাবে না। যদি কোন ভাবে পানি এয়ার ফিল্টার পর্যন্ত পৌছে যায় তাহলে গাড়ী বন্ধ হয়ে যাবে। তবে মনে রাখতে হবে পানি দ্বারা অবরুদ্ধ রাস্তা পার হওয়ার সময় গাড়ী একটানা গতিতে থাকতে হবে যেন পানি গাড়ীর যন্ত্রাংশের ভিতরে না ঢুকে যায়।

০১০৩.০৬: অতিরিক্ত চাপ ও কঠোর পরিশ্রমে ড্রাইভিং এড়িয়ে চলা সম্পর্কে ধারণা:-

অতিরিক্ত চাপেও আপনাকে মাথা ঠান্ডা ও শান্ত থাকার চেষ্টা করতে হবে। একটানা গাড়ী চালানো আইন বহির্ভূত কাজ। যার ফলে দুর্ঘটনা ঘটতে পারে। কিন্তু আমাদের দৈনন্দিন জীবনে অনেক কিছুই সামলাতে হয় ফলে বিভিন্ন জটিলতার সম্মুখীন হতে হয় আবার মানসিক চাপেও থাকতে হয়। যার প্রভার আমাদের কর্মজীবনেও পরে। সরকারি নিয়ম অনুযায়ী টানা ০৮ ঘন্টা গাড়ী চালানোর পর অবশ্যই ০২ ঘন্টা বিশ্রাম নেওয়া। হালকা নাস্তা করা। চা পান করাটাও অনেক ভাল কাজে দেয়। চাপমুক্ত ও সতেজ মস্তিষ্কে গাড়ী চালাতে হবে। যদি কখন এমন পরিস্থিতি তৈরী হয় যে, আপনি কোন ভাবেই মাসসিক চাপমুক্ত হতে পারতেছেন না সে ক্ষেত্রে উর্ধ্বতন কর্মকর্তাকে বলে একটা সমাধান নিতে হবে। কিন্তু কোন ভাবেই বিকৃত মস্তিষ্ক ও শারিরিকভাবে অসুস্থ থাকলে গাড়ী চালানো যাবে না।

০১০৩.০৭: অতিরিক্ত চাপের ক্ষেত্রে সঠিক সিদ্ধান্ত ও আত্মসংযম:-

জীবনের প্রতিটি ধাপেই মানুষকে মুখোমুখি হতে হয় নানারকম সমস্যার আর নিতে হয় সিদ্ধান্ত। সিদ্ধান্তের ভালো-খারাপের ওপরেই নির্ভর করে একজন মানুষের ভবিষ্যৎ। একজন সফল মানুষের জীবনে তাই সিদ্ধান্তের একটি বড় আর গুরুত্বপূর্ণ জায়গা রয়েছে। দীর্ঘ সময় বিরতিহীন মোটরযানবাহন পরিচালনায় শরীরে অতিরিক্ত ক্রান্তি ও চাপ সৃষ্টি হতে পারে। এর থেকে পরিত্রানের উপায়ও রয়েছে। অতিরিক্ত চাপের ক্ষেত্রে সঠিক সিদ্ধান্ত ও আত্মসংযম নিলে দেওয়া হলো :

- প্রথমে অতিরিক্ত চাপেও আপনাকে মাথা ঠান্ডা ও শান্ত থাকার চেষ্টা করতে হবে। শান্ত হয়ে সিদ্ধান্ত নিলে তা ঠিক হবে এবং আপনি সহজেই সঠিক সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন।
- যেকোন ব্যাপারে চট করে নেওয়া প্রথম সিদ্ধান্তটি বেশিরভাগ ক্ষেত্রে আমাদের আবেগের প্রকাশই হয়ে থাকে। আর তাই সেটা বাস্তবতাসম্পন্ন আর বুদ্ধিমত্তার পরিচায়ক নাও হতে পারে। তাই কোন কিছু শোনার পরপরই যেটা মাথায় আসবে সেটা না করে নিজে একটু সময় দিন। প্রথমেই কোন সিদ্ধান্তে চলে আসবেন না।
- প্রত্যেকটি জিনিসেরই কাজের সীমাবদ্ধতা থাকে। সীমাবদ্ধতা থাকে মানব মস্তিষ্কেরও। আর তাই দৈনন্দিন জীবনের ছোটখাটো সিদ্ধান্তগুলোকে নিয়মে বদলে ফেলুন। এতে করে বড় বড় সিদ্ধান্তগুলো নেওয়ার ব্যাপারে চাপ কম পড়বে ও সেগুলো আরো বেশি সঠিক হবার ক্ষেত্র পাবে।
- নিজের সিদ্ধান্তের পেছনে যতটা না সময় খরচ করবেন তার ঠিক সমপরিমাণ সময় দিন সেটার খুঁত বের করার ক্ষেত্রে। আপনার কাজকে আপনার চাইতে আর কেউ ভালো জানেনা। তাই সেটার বাজে দিকগুলোও সবার চাইতে বেশি জানবেন আপনিই। তাই সিদ্ধান্ত নিয়ে এগিয়ে যাওয়ার আগে বাছাই করুন সেটার কী কী সমস্যা আছে আর তার সমাধান আপনার হাতের নাগালে কিনা।
- যে কোন সিদ্ধান্ত কখনো পারফেক্ট হয় না। এই সত্যটা মনে নিলে দেখবেন মনের ওপর থেকে চাপ অনেকটাই কমে গেছে। সেইসঙ্গে সিদ্ধান্ত নেওয়াও আপনার জন্য কত সহজ হচ্ছে।
- প্রত্যেক সিদ্ধান্তেই একাধিক অপশন থাকে। সম্ভব হলে প্রতিটি অপশনটাই করে দেখুন। যেটা ভালো লাগে সেটা বেছে নিন।
- সিদ্ধান্ত নেওয়ার আগে বিকল্প উপায়গুলো আরও একটু ভেবে রাখুন। এতে পরবর্তীতে কোন সমস্যা হলে বিকল্প পথগুলো আপনাকে সঠিক সিদ্ধান্ত নিতে সাহায্য করবে।
- ভয়ের কারণে বা ভয় পেয়ে কোন সিদ্ধান্ত নেবেন না। আবার ভয়টাকে অবহেলাও করবেন না। কেননা এতে ঝুঁকি বেড়ে যায়।
- কোন বিষয়ে সিদ্ধান্তহীনতায় ভুগলে নিজেকে বারবার প্রশ্ন জিজ্ঞাসা করুন। নিজের কাছ থেকে ইতিবাচক সাড়া পেলে তবেই সিদ্ধান্ত নিন।
- কোন বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার বা মনস্থির করার জন্য প্রতিটি মানুষেরই নিজের একটা পদ্ধতি থাকে। কাজেই বেশি সিদ্ধান্তহীনতায় ভুগলে আগে আপনি আপনার নিজের চেনা পথটাই বেছে নিন। তাহলে সঠিক সিদ্ধান্তে আসা আপনার জন্য অনেক সহজ হবে।
- একটি সিদ্ধান্ত কেবল একটি জিনিসের ওপরই প্রভাব ফেলেনা। প্রভাব ফেলে আরো অনেকগুলো ব্যাপারের ওপর যেগুলো সেই কাজটির সাথে জড়িত। আর তাই যেকোন সিদ্ধান্ত নেওয়ার পর বড় পরিসরে সেটার ফলাফলের প্রভাব চিন্তা করুন। আপনার বাকি সব পরিকল্পনায় কতটা সমস্যা সৃষ্টি করছে সেটি। যাচাই করে নিন ভালোভাবে।
- মোটর যানবাহনের ক্ষেত্রে চাপের মধ্যেও দ্রুত সিদ্ধান্ত নেওয়ার প্রচেষ্টা থাকতে হবে।
- কোন বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার আগে বিষয়টির আগাগোড়া খুব ভালো করে জেনে নিন। তাহলে বিষয়টি সম্পর্কে সিদ্ধান্ত নেওয়া আপনার জন্য অনেক সহজ হবে।

০১০৩.০৮ :বর্জ্য ব্যবস্থাপনা ব্যাখ্যা:-

বর্জ্য ব্যবস্থাপনা (ইংরেজি ভাষায়: Waste management) : বিভিন্ন উৎস থেকে আসা যে সব পদার্থ মানুষের দৈনন্দিন জীবনে কাজে আসে না, তাকে বর্জ্য বলে। বর্জ্য ব্যবস্থাপনা বলতে বর্জ্য/ আবর্জনা সংগ্রহ, পরিবহন, প্রক্রিয়াজাতকরণ, পূর্ণব্যবহার (Recycling) এবং নিক্ষেপনের (Disposal) সমন্বিত প্রক্রিয়াকে বোঝায়।

বর্জ্য/আবর্জনার প্রকারভেদঃ

আবর্জনার পরম শ্রেণীভেদ বলতে কিছু নেই। নির্দিষ্ট উদ্দেশ্য ও প্রয়োজনে অণুসারে ভিন্ন ভিন্ন ভাবে আবর্জনাকে শ্রেণীভেদ করা হয়।

বেশিরভাগ ক্ষেত্রেই ময়লা সংগ্রহের সুবিধার্থে ময়লাকে এভাবে শ্রেণীবিভাগ করা হয়ঃ

- পৌর এলাকার আবর্জনা
- বাণিজ্যিক এলাকার আবর্জনা
- শিল্প এলাকার আবর্জনা

যেখানে শেষ গন্তব্যস্থল হিসেবে ময়লাকে মূলত মাটিচাপা দেয়া হয় সেখানে শ্রেণীবিভাগটা এরকম:

- পচনশীল
- অপচনশীল

যে শহরে ময়লা পুড়ানো হয় সেখানে শ্রেণীবিভাগটা এমন হতে পারে:

- দহনযোগ্য
- অদহনীয়

- পূর্ণব্যবহারযোগ্য
- প্লাস্টিক
- পুরাতন কাপড়
- খবরের কাগজ
- পেট-বোতল
- কাচের বোতল
- ধাতব বস্তু
- অতিরিক্ত বড় ময়লা
- ইলেক্ট্রনিক দ্রব্যাদি
- বর্জ্য পদার্থের অসুবিধা
- বাতাস দূষিত করে এবং রোগ জীবাণু ছড়ায়
- পানিকে দূষিত করে এবং রোগজীবাণু ছড়ায়
- মশা-মাছির মাধ্যমে বর্জ্য পদার্থ খাবারকে দূষিত করে এবং রোগ জীবাণু ছড়ায়
- পরিবেশ নোংরা করে
- দুর্গন্ধ ছড়ায়
- জীবাণুর সংক্রমণে সহায়তা করে
- বর্জ্য নিষ্কাশন

বিভিন্ন ভাবে বর্জ্য নিষ্কাশন করা হয়-

১. গর্ত করে বর্জ্য পদার্থ ফেলে গছের মুখ চাপা দিতে হবে।
২. বিভিন্ন স্থান থেকে বর্জ্য পদার্থ সংগ্রহ করে নির্দিষ্ট স্থানে ফেলতে হবে। পরে পুড়িয়ে ফেলতে হবে।
৩. নিচু স্থানে বর্জ্য পদার্থ ফেলে দীর্ঘদিন রাখতে হবে। একসময় এই বর্জ্য সার হিসেবে ব্যবহার করা যাবে।
৪. কলকারখানার বর্জ্য পানিতে না ফেলে নির্দিষ্ট স্থানে জমা রেখে জীবাণুনাশক স্প্রে ব্যবহার করতে হবে, পরে সেগুলো সরিয়েফেলতে হবে।

গৃহব্যবস্থাপনা : শারীরিক,মানুষিকভাবে সুস্থ থাকার জন্য ভাল গৃহ বা বাড়ির ভূমিকা অনস্বীকার্য। একটি বাড়ির যে সব বৈশিষ্ট্য থাকা উচিত সেগুলো হলো-

- পানির সমতল থেকে উঁচুতে-
- চারপাশে খোলা জায়গা থাকতে হবে, একটি বাড়ি থেকে অপর বাড়ির দূরত্ব কমপক্ষে আট ফুট হতে হবে
- পর্যাপ্ত আলো, বাতাসের ব্যবস্থা করে তৈরি করতে হবে
- মেঝে পাকা হতে হবে, দেয়ালগুলো শক্ত, ছাদের উচ্চতা মেঝে থেকে দশ ফুট হতে হবে
- একটি কক্ষ কম পক্ষে ১২০ বর্গফুট হতে হবে
- দরজা, জানালা পর্যাপ্ত থাকতে হবে
- স্যানিটারি ল্যাট্রিন থাকতে হবে
- কমপক্ষে দুই রুম বিশিষ্ট বাড়ি হতে হবে এবং সদস্য সংখ্যা সীমিত হতে হবে
- বারান্দা থাকতে হবে।

গুড হার্ডিজিং বা ভাল বাড়ির সুবিধা-

- নিশ্চিত ঘুম ও বিশ্রামের নিশ্চয়তা থাকে
- পর্যাপ্ত আলো বাতাস থাকায় মানুষিক ভাবে সুস্থতা থাকে
- কোলাহলমুক্ত জীবন যাপন করা যায়
- অতিরিক্ত তাপ ও শীত থেকে মুক্ত থাকা যায়
- পরিষ্কার পরিচ্ছন্ন বাড়িতে অসুখ-বিসুখ কম হয়

ইউনিট ০২০২ ট্রাফিক আইন, নিয়মনীতি ও শাস্তি

২০২.০১:ট্রাফিক আইন, নিয়মনীতি ও শাস্তিসমূহ বর্ণনা:-

ট্রাফিক আইন:-

মৌলিক ট্রাফিক আইন তিন প্রকার :-

১। প্রথম মৌলিক ট্রাফিক আইন : দুর্ঘটনা এড়াতে হলে প্রত্যেক রাস্তা ব্যবহারকারীকে সদা সতর্কতা অবলম্বন করতে হবে।

নিম্নে কতগুলো প্রথম মৌলিক ট্রাফিক আইনের পরিপন্থি কাজ উল্লেখ করা হল :

- ক. না দেখেই গাড়ী আগে বাড়ানো।
- খ. লালবাতি ভংগ করা।
- গ. না দেখেই ছোট রাস্তা হতে বড় রাস্তায় উঠা
- ঘ. অসতর্কতায় ইন্টারসেকশনে প্রবেশ করা।
- ঙ. গতিসীমা বজায় না রাখা।
- চ. না দেখেই ডানে বামে ইউটার্ন / মোড় নেয়া।

২। দ্বিতীয় মৌলিক ট্রাফিক আইন : অযথা বা অপ্রয়োজনে কারও গতির ধারাবাহিকতা বিঘ্ন করা যাবে না।

নিম্নে কতগুলো দ্বিতীয় মৌলিক ট্রাফিক আইনের পরিপন্থি কাজ উল্লেখ করা হল :-

- ক. ইউ-টার্নে থামানো।
- খ. রাস্তার উপর রিভার্সিং।
- গ. খুব কম গতির গাড়ী চালনা।
- ঘ. সেখানে সেখানে পার্কিং বা স্টপিং
- ঙ. আঁকা বাঁকা গাড়ী চালনা।

৩। তৃতীয় মৌলিক ট্রাফিক আইন অন্যান্য রাস্তা ব্যবহারকারীদের প্রতি সদৃষ্টি জ্ঞাপন করতে হবে।

নিম্নে কতগুলো তৃতীয় মৌলিক ট্রাফিক আইনের পরিপন্থি কাজ উল্লেখ করা হল :-

- ক. বিকল্প হর্ণ ব্যবহার (বিশেষ করে রাত্রিকালীন)
- খ. রিক্সা বা ঠেলা গাড়ীকে সহায়তার পরিবর্তে বিরক্ত করা।
- গ. রাস্তা মেরামতের সময়ে অতিরিক্ত গতি দেয়া।
- ঘ. কালো ধোঁয়াপূর্ণ গাড়ী ব্যবহার করা।

নিয়মনীতি:-

১. রাস্তায় গাড়ী চালানোর সময় মোটর গাড়ীর ড্রাইভারগণ যতদূর সম্ভব রাস্তার বাম দিক ঘেঁষে গাড়ী চালাবে এবং বিপরীত দিক থেকে আগত গাড়ীগুলোকে তার ডান দিক দিয়ে যেতে বা ক্রস করতে দেবে।

২। রাস্তায় গাড়ী চালানোর সময় একই দিকে চলমান সামনের গাড়ী বা যে কোন যানবাহনকে ওভারটেক করার সময় তার ডান দিক দিয়ে ওভারটেক করবে এবং বিপরীত দিক থেকে আগত গাড়ীগুলো ডান দিক দিয়ে ক্রস করবে।

৩। ওভারটেক করার সময় ডান দিক দিয়ে এবং ক্রস করার সময় ডান দিক দিয়ে বিধান থাকা সত্ত্বেও কোন কোন ক্ষেত্রে এর ব্যতিক্রম বিধান আছে। যেমন- যদি সামনের গাড়ীর ড্রাইভার ডান দিকে যাবে বলে সংকেত দেয় এবং তার গাড়ী রাস্তার মাঝামাঝি অথবা তার চেয়ে বেশী এসে পড়ে তবে পিছনের গাড়ীর ড্রাইভার (উক্ত) সামনের গাড়ীর বাম দিক দিয়ে ওভারটেক করবে। আবার বিপরীত দিক দিয়ে আসা গাড়ীর ড্রাইভার যদি ডান দিকে যাবে বলে সংকেত দেয় এবং তার গাড়ী যদি রাস্তার মাঝামাঝি অথবা তার চেয়ে বেশী এসে পড়ে তবে উক্ত গাড়ীর বাম দিক দিয়ে ক্রস করবে।

৪। পিছনের গাড়ীর ড্রাইভার যদি সামনের গাড়ীকে ওভারটেক করতে শুরু করে তবে সামনের গাড়ীর ড্রাইভার কোন ক্রমেই তার গতি বৃদ্ধি করবে না এবং ওভারটেক করতে গাড়ীটিকে কোনরূপ বাঁধার সৃষ্টি করবে না।

৫. সংযোগ কেন্দ্রের প্রবেশ দ্বারে উপনীত হয়ে প্রত্যেক মোটর গাড়ীর ড্রাইভার ডান দিকে তাকাবে, প্রয়োজন হলে থামবে এবং ডান দিক থেকে আগত গাড়ীগুলোকে আগে যেতে দিবে।

৬। রাস্তায় কোন সভা, শোভাযাত্রা, ছাত্র মিছিল, শ্রমিক মিছিল, পুলিশ বা সেনাবাহিনীর লংমার্চ অগ্রসর অথবা রাস্তায় উন্নয়নমূলক কাজে নিয়োজিত শ্রমিকের বেলায় প্রত্যেক মোটর গাড়ীর ড্রাইভার তার গাড়ীর সর্বোচ্চ গতি ১৫ মাইল বা ২৫ কিলোমিটারের বেশী হতে পারে না।

৭। বামে ও ডানে মোড় :-

ক. বাম দিকে মোড় নেয়ার সময় প্রত্যেক মোটর গাড়ীর ড্রাইভার যতদূর সম্ভব রাস্তার বাম দিক ঘেঁষে চলবে যাতে তার বাম দিক দিয়ে কোন রিক্সা বা গাড়ী প্রবেশ করতে না পারে। বাম দিকের সংকেত দিবে এবং তার গাড়ী হতে রাস্তার মোড় পর্যন্ত কোন রিক্সা বা কোন

গাড়ীকে ওভারটেক করবে না। মোড়ে পৌঁছে ডান দিক থেকে আগত কোন গাড়ীর সাথে সংঘর্ষ হওয়ার সম্ভাবনা নেই নিশ্চিত হয়ে বাম দিকে মোড় নেবে।

খ. ডান দিকে মোড় নেওয়ার সময় প্রত্যেক মোটর গাড়ীর ড্রাইভার রাস্তার মাঝামাঝি চলবে যাতে তার ডান দিক দিয়ে তার গাড়ী হতে রাস্তার মোড় পর্যন্ত যথেষ্ট ফাঁকা জায়গা থাকে। ডান দিকে সংকেত দিয়ে প্রবেশ করবে এবং উক্ত রাস্তার সেন্টার লাইন অতিক্রম কওে ডান দিকে মোড় নেবে।

চ. রাউন্ড এ্যাভাউট বা গোল চক্কে প্রবেশ করার সময় প্রত্যেক মোটর গাড়ীর ড্রাইভার বাম দিক দিয়ে প্রবেশ করবে এবং ডান দিকে মোড় নেবে।

শাস্তিসমূহ:-

প্রত্যেক রাস্তায় অনেক গাড়ী ও পথচারী চলাচল করে। একজনের সামান্য ভুলে সে ক্ষতিগ্রস্ত না হলেও অনেকের বড় ক্ষতি হতে পারে। ট্রাফিক ব্যবস্থা হচ্ছে কিছু পরিকল্পিত পদ্ধতি। এই ব্যবস্থায় আমরা সবাই নিরাপদ থাকতে পারি এবং চলাচল করতে পারি। ট্রাফিক ব্যবস্থার বিধি-বিধান অনুসরণ করা রাষ্ট্রের নাগরিকদের মৌলিক দায়িত্বের মধ্যে একটি। ট্রাফিক আইন ভংগ জনিত অপরাধের বিবরণ, আইনের ধারা এবং শাস্তি নিম্নে তুলে ধরা হলোঃ

ক্রঃ নং	অপরাধের বিবরণ	আইনের ধারা	শাস্তি
১.	ড্রাইভিং লাইসেন্স ব্যতীত গাড়ী চালানো।	মোটরযান অধ্যাদেশ ৮৩ এর ধারা-১৩৮	সর্বোচ্চ ৪ মাস পর্যন্ত কারাদন্ড অথবা ৫০০ টাকা পর্যন্ত জরিমানা বা উভয়দন্ড।
২.	ডনষিদ্ধ হর্ণ কিংবা উচ্চ শব্দ উৎপাদনকারী যন্ত্র সংযোজন ও ইহার ব্যবহার (যদি কোন গাড়ীর মালিক গাড়ীতে এমন ধরনের হর্ণ বা উচ্চ শব্দ উৎপাদনকারী যন্ত্র ব্যবহার করেন, যাহা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আইন বা আদেশ দ্বারা নিষিদ্ধ করিয়াছেন।	মোটরযান অধ্যাদেশ ৮৩ এর ধারা-১৩৯	১০০ টাকা পর্যন্ত জরিমানা।
৩.	আদেশ অমান্য বা বাধা সৃষ্টি করা এবং তথ্য প্রদানে অস্বীকৃতি। (সরকারী ভারপ্রাপ্ত কোন ব্যক্তির আদেশ যদি চালক অমান্য কওে বা তাহার আইনসঙ্গত কর্মে বাধা সৃষ্টি করে অথবা তাহার দাবী অনুযায়ী তথ্য প্রদানে অস্বীকৃতি জানায় বা অসহযোগিতা করে)	মোটরযান অধ্যাদেশ ৮৩ এর ধারা-১৪০	সর্বোচ্চ ১মাস পর্যন্ত কারাদন্ড অথবা ৫০০ টাকা পর্যন্ত জরিমানা বা উভয়দন্ড।
৪.	ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত অপরাধ। (ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির অযোগ্য কোন ব্যক্তি প্রকাশ্যে মোটরযান চালাইলে কিংবা সঙ্গতি বিহীন বা অনুপযুক্ত ড্রাইভিং লাইসেন্স দ্বারা মোটরযান চালাইলে)	মোটরযান অধ্যাদেশ ৮৩ এর ধারা-১৪১	সর্বোচ্চ ৩ মাসের কারাদন্ড অথবা ৫০০ টাকা পর্যন্ত জরিমানা বা উভয়দন্ডে দন্ডিত হইবেন এবং ড্রাইভিং লাইসেন্স বাতিল করিতে পারিবেন।
৫.	ডনর্ধারিত গতির চেয়ে অধিক বা উচ্চ (OVER SPEED)গতিতে গাড়ী চালাইলে।	মোটরযান অধ্যাদেশ ৮৩ এর ধারা-১৪২	প্রথমবার অপরাধের জন্য সর্বোচ্চ ৩০ দিনের কারাদন্ড বা উভয় দন্ড হইতে পারে। পরবর্তীতে একই অপরাধ করিলে ৩ মাস কারাদন্ড ৫০০০ টাকা জরিমানা বা উভয়দন্ড এবং ড্রাইভিং লাইসেন্স এর কার্যকারিতা ১ মাসের জন্য স্থগিত করা যাইবে।
৬.	বেপরোয়া ও বিপদজনকভাবে গাড়ী চালাইলে।	মোটরযান অধ্যাদেশ ৮৩ এর ধারা-১৪৩	৬ মাসের কারাদন্ড অথবা ৫০০ টাকা পর্যন্ত জরিমানা এবং যে কোন মেয়াদের জন্য ড্রাইভিং লাইসেন্স এর কার্যকারিতা স্থগিতকরণ।
৭.	মদ্যপ বা নেশাগ্রস্ত অবস্থায় গাড়ী চালাইলে।	মোটরযান অধ্যাদেশ ৮৩ এর ধারা-১৪৪	৩ মাস পর্যন্ত কারাদন্ড অথবা ১০০০ টাকা পর্যন্ত জরিমানা বা উভয়দন্ড।
৮.	সাময়িক শারীরিক কিংবা দৈহিক ভাবে অযোগ্য হওয়া সত্ত্বেও অর্থাৎ লাইসেন্স প্রাপ্তির অযোগ্য ব্যক্তি গাড়ী চালাইলে।	মোটরযান অধ্যাদেশ ৮৩ এর ধারা-১৪৫	ড্রাইভিং লাইসেন্স এর কার্যকারিতা সাময়িকভাবে স্থগিতকরণ।
৯.	সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত যে কোন গাড়ী চালনার প্রতিযোগিতায় (Race) অংশগ্রহণ করিলে কিংবা নির্ধারিত গতিসীমার অধিক গতিতে(Over Speed) গাড়ী চালাইলে।	মোটরযান অধ্যাদেশ ৮৩ এর ধারা-১৪৮	১ মাস পর্যন্ত কারাদন্ড বা ৫০০ টাকা জরিমানা বা উভয়দন্ড।

১০.	গাড়ির রেজিস্ট্রেশন সার্টিফিকেট, রোড ট্যাক্স টোকেন, ফিটনেস সার্টিফিকেট, ইন্সুরেন্স সার্টিফিকেট ও রুট পারমিট (ভাড়া চালিত হইলে) ব্যতিত গাড়ী চালাইলে।	মোটরযান অধ্যাদেশ ৮৩ এর ধারা-১৫২	৩ মাস পর্যন্ত কারাদন্ড বা ৫০০ টাকা জরিমানা বা উভয়দন্ডে দন্ডিত।
১১.	ইন্সুরেন্স বিহীন অবস্থায় গাড়ী চালাইলে।	মোটরযান অধ্যাদেশ ৮৩ এর ধারা-১৫৫	২০০০ টাকা জরিমানা
১২.	গাড়ীর মালিক অথবা বৈধ ব্যক্তির বা কর্তৃপক্ষের সম্মতি বা অনুমতি ব্যতিত গাড়ী চালাইলে	মোটরযান অধ্যাদেশ ৮৩ এর ধারা-১৫৬	৩ মাস পর্যন্ত কারাদন্ড বা ২০০০ টাকা জরিমানা বা উভয়দন্ডে দন্ডিত।
১৩.	কোন যানবাহন সড়কে রাখা বা সড়কে রাখিয়া মেরামত করা বা কোন যন্ত্রাংশ বা দ্রব্য বিক্রয়ের জন্য সড়কে রাখিয়া প্রতিবন্ধকতা সৃষ্টি করিলে।	মোটরযান অধ্যাদেশ ৮৩ এর ধারা-১৫৭	৫০০ টাকা পর্যন্ত জরিমানা এবং গাড়ী বা রাস্তায় রাখা জিনিসপত্র বাজেয়াপ্ত করা যাইবে।
১৪.	মোটরযানের অননুমোদিত ভাবে হস্তক্ষেপ করিল অথবা কোন মোটরযানের অনধিকার প্রবেশ বা আরোহন করিলে কিংবা গাড়ীর ব্যক্তি স্পীড গভর্নর অথবা স্পীড গভর্নর সীল বা ট্র্যান্সমির ভাড়া মিটার (যাহা ভাড়ায় চালিত) বা ট্র্যান্সমির ভাড়া মিটারের সীল হস্তক্ষেপ করিলে বা সীল বিনষ্ট করিলে।	মোটরযান অধ্যাদেশ ৮৩ এর ধারা-১৫৮	সবোর্চ ৩ মাস পর্যন্ত কারাদন্ড বা ১০০০ টাকা জরিমানা বা উভয়দন্ডে দন্ডিত।

০২০২.০২: বাধ্যতামূলক, সতর্কতামূলক ও তথ্যমূলক চিহ্নসমূহ সনাক্ত:-
 ট্রাফিক সংক্রান্ত বিভিন্ন সংকেত বা চিহ্ন

 (NO ANIMAL-DRAWN VEHICLES) পশুবাহিত যান চলাচল নিষেধ	 (NO PEDESTRIANS) পথচারী চলাচল নিষেধ	 (NO RICKSHAWS) রিকশা চলাচল নিষেধ	 (NO CYCLES) সাইকেল চলাচল নিষেধ
 (NO TRACTORS OR SLOW MOVING VEHICLES) ট্রাক্টর অথবা ধীরগতির মোটরযান চলাচল নিষেধ	 (NO VEHICLES CARRYING EXPLOSIVES) বিস্ফোরকবাহী মোটরযান চলাচল নিষেধ	 (NO VEHICLES OVER LENGTH SHOWN) প্রদর্শিত মাপের বেশি দৈর্ঘ্যের মোটরযান চলাচল/প্রবেশ নিষেধ	 (NO VEHICLES OVER HEIGHT SHOWN) প্রদর্শিত মাপের বেশি উচ্চতার মোটরযান চলাচল/প্রবেশ নিষেধ
 (NO VEHICLES OVER WIDTH SHOWN) প্রদর্শিত মাপের বেশি প্রস্থ মোটরযান চলাচল/প্রবেশ নিষেধ	 (NO VEHICLES OVER MAXIMUM GROSS WEIGHT SHOWN) প্রদর্শিত ওজনের বেশি বোঝাইসহ মোটরযান চলাচল নিষেধ (দুর্বল সড়ক)	 (AXLE WEIGHT LIMIT) প্রদর্শিত ওজনের বেশি এক্সেল ওজনের মোটরযান চলাচল নিষেধ	 (NO PARKING) পার্কিং নিষেধ
 (NO STOPPING) থামানো নিষেধ	 (NO OVERTAKING) ওভারটেকিং নিষেধ	 (NO PASSING WITHOUT STOPPING) না থেমে অতিক্রম করা/চলা নিষেধ	 (NO RIGHT TURN) ডানদিকে মোড়/টার্ন নেওয়া নিষেধ
 (NO LEFT TURN) বামদিকে মোড়/টার্ন নেওয়া নিষেধ	 (NO U TURN) ইউটার্ন নেওয়া নিষেধ	 (NO USE OF HORN) হর্ন বাজানো নিষেধ	 (SPECIAL SPEED LIMIT) বিশেষ গতিসীমা বা সর্বোচ্চ গতিসীমা
 (NATIONAL SPEED LIMITS APPLY) গণের সর্বোচ্চ গতিসীমার বাধ নিষেধ শেষ এবং জাতীয় গতিসীমা শুরু	 (RESTRICTION ENDS) গতিসীমা ব্যতীত অন্যান্য বাধা নিষেধ শেষ	 (TEMPORARY STOP SIGN) সাময়িক থামার চিহ্ন	 (TEMPORARY GO SIGN) সাময়িক চলাচলের চিহ্ন


‘হাঁ-বাচক’ বাধ্যতামূলক সাইনসমূহ

 <p>(AHEAD ONLY) শুধুমাত্র সামনে চলুন</p>	 <p>(TURN LEFT) শুধুমাত্র বামদিকে চলাচল</p>	 <p>(KEEP LEFT) বামপাশ দিয়ে চলুন</p>	 <p>(KEEP RIGHT) ডানপাশ দিয়ে চলুন</p>
 <p>(TURN LEFT AHEAD) সামনে এগিয়ে বামে মোড় নিন</p>	 <p>(TURN RIGHT AHEAD) সামনে এগিয়ে ডানে মোড় নিন</p>	 <p>(SMALL ROUND ABOUT) ছোট গোলচক্র</p>	 <p>(PASS EITHER SIDE) বাম অথবা ডানপাশ দিয়ে চলুন</p>
 <p>(ONE WAY TRAFFIC) একদিকে চলাচল</p>	 <p>(ONE WAY STREET) একমুখী চলার রাস্তা</p>	 <p>(ROUTE FOR RICKSHAWS ONLY) শুধুমাত্র রিকশা চলাচলের রাস্তা</p>	 <p>(ROUTE FOR CYCLES ONLY) শুধুমাত্র সাইকেল চলাচলের রাস্তা</p>

বিশেষ বাধ্যতামূলক সাইন


রাস্তা দিন বা আগে যেতে দিন (GIVE WAY)

রাস্তা দিন সাইন দেখতে ত্রিভুজাকৃতির হয় এবং এর মাথা নিচের দিকে থাকে। এই সাইন দেখলে অবশ্যই গাড়ির গতি কমিয়ে জাংশনের দিকে অগ্রসর হতে হবে এবং প্রধান সড়কের গাড়ির গতিবিধি পর্যবেক্ষণ করে সুযোগমতো খুব সতর্কতার সাথে জাংশন অতিক্রম করতে হবে। এই ধরনের সাইন জাংশন ও গোলচক্রে ব্যবহৃত হয়।






থামুন ও রাস্তা দিন (STOP AND GIVE WAY) সাইন

থামুন ও রাস্তা দিন সাইন অষ্টভুজাকৃতির লাল রঙের হয়। এই সাইন থাকলে চালককে অবশ্যই প্রথমে গাড়ি থামাতে হবে এবং নিরাপদ অগ্রসর হওয়ার মত অবস্থা সৃষ্টি হলে তারপর অগ্রসর হতে হবে। যে সব রোড জাংশন সহজে দৃষ্টিগোচর হয় না বা যে-সব রোড জাংশনে থামা ব্যতীত প্রবেশ নিরাপদ নয়, সেখানে এই ধরনের সাইন ব্যবহৃত হয়। পাহারাদারবিহীন রেলক্রসিংয়েও এই ধরনের সাইন ব্যবহৃত হয়।






























সতর্কতামূলক সাইনসমূহ

 <p>(CROSS ROAD- MINOR ROAD AHEAD) সামনে আড়াআড়ি ছেটি সড়ক আছে</p>	 <p>(CROSS ROAD-MAJOR ROAD AHEAD) সামনে আড়াআড়ি প্রধান সড়ক আছে</p>	 <p>(SIDE ROAD RIGHT) সামনে ডানদিকে পার্শ্ব রাস্তা আছে</p>	 <p>(STAGGERED JUNCTION) সামনে বামে-ডানে একধিক সংযোগ সড়ক আছে</p>
 <p>(T JUNCTION) সামনে টি-জংশন আছে</p>	 <p>(Y JUNCTION) সামনে ওয়াই-জংশন আছে</p>	 <p>(TRAFFIC MERGES FROM LEFT) সামনে বামদিক থেকে গাড়ি এসে মিশতে পারে</p>	 <p>(MERGE WITH TRAFFIC FROM RIGHT) সামনে ডানদিকের গাড়ির সাথে মিশতে হবে</p>
 <p>(ROUND ABOUT) সামনে গোলাচকর</p>	 <p>(SHARP BEND TO THE RIGHT) সামনে ডানদিকে আচমকা মোড় আছে</p>	 <p>(HAIRPIN BEND TO RIGHT) সামনে ডানদিকে খাঁড়া বাঁক আছে</p>	 <p>(DOUBLE BEND FIRST LEFT) সামনে দুটি বাঁক আছে, প্রথমটি বামে</p>
 <p>(ROAD NARROWS ON BOTH SIDES) সামনে উভয়পাশ হতে রাস্তা সরু হয়েছে</p>	 <p>(ROAD NARROWS IN THE RIGHT) সামনে ডানদিক হতে রাস্তা সরু হয়েছে</p>	 <p>(DUAL CARRIAGEWAY ENDS) দুটি পৃথক সড়ক সামনে মিলিত হয়ে দু-গেনের একটি সড়কে পরিণত হয়েছে</p>	 <p>(TRAFFIC SIGNALS) সামনে ট্রাফিক সিগন্যাল আছে</p>
 <p>(STEEP HILL DOWNWARD) সামনে ঢালু পাহাড় আছে</p>	 <p>(STEEP HILL UPWARD) সামনে খাঁড়া পাহাড় আছে</p>	 <p>(HEIGHT LIMIT AHEAD) প্রতিবন্ধকতার কারণে সামনে সীমিত উচ্চতা আছে (এই ক্ষেত্রে ৪.৪ মিটার)</p>	 <p>(TWO WAY TRAFFIC STRAIGHT AHEAD) সামনে উভয়দিকে সোজাসুজি চলাচল</p>

বিশেষ সতর্কতামূলক সাইনসমূহ

<p>(SHARP CHANGE OF DIRECTION TO THE LEFT) আচমকা বামে মোড়</p>  <p>এই ধরনের সাইন বিপজ্জনক বাঁক, বিশেষ করে যে-সব বাঁক সম্পর্কে পূর্ব হতে ধারণা করা যায় না সে-সব বাঁকে ব্যবহৃত হয়</p>	<p>(SHARP CHANGE OF DIRECTION TO THE LEFT) আচমকা বামে মোড়</p>  <p>সাময়িক বিকল্প সড়কের ক্ষেত্রে ব্যবহৃত আচমকা বামে মোড় সাইন</p>	<p>(T JUNCTION CHEVRON) সামনে টি-জংশন</p>  <p>এই ধরনের সাইন টি-জংশনের পবেশ মুখে ছোট রাস্তার বিপরীতে প্রদর্শন করা হয়, যাতে চালক ছোট রাস্তা দিয়ে অসুস্থ হওয়ার সময় জংশন সনাক্ত করতে পারে এবং প্রয়োজন অনুযায়ী সড়ক বাম বা ডানদিকে যেতে পারে।</p>
<p>(TEMPORARY DIVERSION AHEAD) সামনে সাময়িক বিকল্প সড়ক</p>  <p>মেরামত বা অন্য কোনো কারণে মূল রাস্তা বন্ধ থাকলে, বিকল্প রাস্তা ব্যবহারের বিষয়ে সতর্ক করতে এই সাইন ব্যবহৃত হয়।</p>	<p>(LAYOUT OF TEMPORARY TRAFFIC DIVERSION AHEAD) সামনে সাময়িক বিকল্প সড়কের নকশা</p>  <p>এই সাইনটি বিকল্প রাস্তার নকশা বা বিন্যাস বুঝতে ব্যবহৃত হয়। এই নির্দিষ্ট নকশাটি দেখাচ্ছে যে, দু-গেনে বিশিষ্ট একটি বিকল্প রাস্তা, যা বিপরীত দিকে হেঁত রাস্তায় পড়েছে।</p>	<p>(DIRECTION OF TEMPORARY DIVERSION) সাময়িক বিকল্প সড়কের নির্দেশনা</p>  <p>এই সাইনটি শহরের মধ্য দিয়ে প্রবাহিত বিকল্প রাস্তা চিহ্নিত করতে ব্যবহৃত হয়। এটি বিকল্প রাস্তার শুরুতে এবং বিকল্প রাস্তা বরাবর জংশনে ব্যবহৃত হয়।</p>
<p>(LANE CLOSED TO TRAFFIC AHEAD) সামনে সাময়িকভাবে গেনে বন্ধ</p>  <p>সামনে এক বা একাধিক গেনে সাময়িকভাবে বন্ধ করতে এই ধরনের সাইন ব্যবহার করা হয়। এই নির্দিষ্ট সাইনে দেখানো হয়েছে যে, তিন গেনেবিশিষ্ট রাস্তার ডানপাশের গেনেটি বন্ধ রয়েছে।</p>	<p>(COUNT-DOWN MARKERS) নিম্নমুখী গণনা সাইন</p>  <p>রেলক্রসিংয়ের দূরত্ব বুঝতে এই সাইন ব্যবহৃত হয়। তিনব্যক্তির সাইন দিয়ে মোট দূরত্ব, দু-ব্যক্তির সাইন দিয়ে দু-তৃতীয়াংশ এবং একব্যক্তির সাইন দিয়ে এক-তৃতীয়াংশ দূরত্ব বুঝায়।</p>	<p>(LOCATION OF RAILWAY CROSSING) রেলক্রসিংয়ের অবস্থান</p>  <p>এই সাইনটি রেলক্রসিংয়ের অবস্থান বুঝতে ক্রসিং পয়েন্টের নিকটে প্রদর্শন করা হয়। একের অধিক রেল-ট্রাক থাকলে সেখানে অতিরিক্ত 'অর্ধেক ক্রস' সাইনটি ব্যবহৃত হয়।</p>
<p>(SINGLE SIDED DANGEROUS OBSTRUCTION) একপাশে বিপজ্জনক প্রতিরোধক</p>  <p>সেতু/ব্রিজ, কালভার্ট ইত্যাদি বিপজ্জনক প্রতিরোধকের প্রাচীর/পিলারে এই ধরনের সাইন ব্যবহার করে আলোর প্রতিফলনের মাধ্যমে বিপজ্জনক প্রতিরোধক সম্পর্কে চালকের দৃষ্টি আকর্ষণ করা হয়। হলুদ ভোরাকাটা দাগসমূহ যে-পাশেরদিকে (বরাবর) নিম্নগামী হয়, সে-পাশ দিয়ে যানবাহন অতিক্রম করবে।</p>	<p>(DOUBLE SIDED DANGEROUS OBSTRUCTION) উভয়পাশে বিপজ্জনক প্রতিরোধক</p>  <p>এই ক্ষেত্রে গাড়ি যে-কোনো পাশ দিয়ে যেতে পারে। চ্যানেলকৃত সড়কদ্বীপ, যেখানে ট্রাফিক প্রবাহ বিভক্ত হয় সেখানে চালকের মনোযোগ আকর্ষণ করতে এই ধরনের সাইন ব্যবহৃত হয়</p>	


সাধারণ তথ্যমূলক সাইনসমূহ

 <p>(NO THROUGH ROAD) সামনে রাস্তা শেষ (ভিতর দিয়ে যাওয়া যাবে না)</p>	 <p>(PEDESTRIAN CROSSING) পথচারী পারাপার</p>	 <p>(PARKING PLACE) পার্কিংয়ের জন্য নির্ধারিত স্থান</p>	 <p>2km (FILLING STATION) ফিলিং স্টেশন (পেট্রোল পাম্প)</p>
 <p>(BREAKDOWN SERVICE) মোটরযান মেরামতস্থল</p>	 <p>(TELEPHONE) পাবলিক টেলিফোন সেটার বা বুক</p>	 <p>(OVERNIGHT ACCOMMODATION) রাত্রিযাপনের ব্যবস্থা আছে</p>	 <p>(FIRST-AID POST) প্রাথমিক চিকিৎসা কেন্দ্র</p>
 <p>(HOSPITAL) হাসপাতাল</p>	 <p>(REFRESHMENTS) চা ও হালকা খাবারের ব্যবস্থা আছে</p>	 <p>(RESTAURANT) রেস্তোরা</p>	 <p>(PICNIC SITE) বনভোজন এলাকা</p>
 <p>(MOSQUE) মসজিদ</p>	 <p>(TEMPLE) মন্দির</p>	 <p>(CHURCH) গির্জা</p>	 <p>(FIRE STATION) দমকল বহিনী</p>
 <p>(TOILETS) টয়লেট বা শৌচাগার</p>	 <p>(RECOMMENDED ROUTE FOR) PEDESTRIANS, CYCLES AND RICKSHAWS পথচারী, সাইকেল এবং রিকশা চলাচলের অনুমোদিত রাস্তা</p>	 <p>(LANE FOR CYCLES AND RICKSHAWS) সাইকেল এবং রিকশা চলাচলের অনুমোদিত পেন</p>	 <p>(LANE AHEAD FOR CYCLES AND RICKSHAWS) সামনে সাইকেল এ বং রিকশা চলাচলের পেন</p>
 <p>(BUS STOP) বাস থামার স্থান</p>	 <p>(TAXI PARK) ট্যাক্সি পার্কিংয়ের স্থান</p>	 <p>cywjk POLICE (POLICE STATION) থানা/পুলিশ ফাঁড়ি</p>	 <p>c_ié TOLE (TOLL ROAD OR BRIDGE) টোল সড়ক অথবা টোল সেতু</p>
 <p>wSbvB`n JHENAIDAH (PLACE IDENTIFICATION SIGN) গ্রাম, শহর, নগর ইত্যাদি চিহ্নিতকরণ সাইন (প্রবেশ পথে থাকে)</p>	 <p>wSbvB`n JHENAIDAH (EXIT FROM BUILT-UP AREA) গ্রাম, শহর বা নগর থেকে বহির্গমন পথ</p>	 <p>cvVvMvi LIBRARY (PEDESTRIAN ROUTE) পাঠাগার, টয়লেট, রেলস্টেশন ইত্যাদি স্থানে পথচারী যাওয়ার পথ</p>	


চলন্ত গাড়িতে মাথা, হাত ইত্যাদি বাইরে বের করা থেকে বিরত থাকুন

৯


রাস্তার দাগ সমূহ ক্যারেজওয়ে আড়াআড়িভাবে




প্রধান রাস্তায় চলমান গাড়ীগুলোকে রাস্তা দিন



রাউন্ড এবাউটে ডান দিন থেকে আগত গাড়ীগুলোকে রাস্তা দিন



মিনি রাউন্ড এবাউটে ডান দিন থেকে আগত গাড়ীগুলোকে রাস্তা দিন




'থামুন' চিহ্নিত লাইন, থামুন



সংকেত অথবা পুলিশ নিয়ন্ত্রিত 'থামুন' লাইন

ক্যারেজওয়ে বরাবর

লেনের দাগ সমূহ



ট্রাফিক আইল্যান্ড
গোল চক্র বা রোড
জংশনের কাছাকাছি

ট্রাফিক আইল্যান্ড
(সাধারণ রাস্তা)

ওভার টেকিং
নিষেধ লাইন

লেনের রেখা

মধ্যবর্তী

বিপদ সতর্কিকরণ
রেখা

নিম্নে বাস্তার চিহ্নসমূহের বিস্তারিত আলোচনা করা হলোঃ

রোড সাইন অর্থ রাস্তার সংকেতিক চিহ্ন বা প্রতীক। এদের রূপ, ধরন, গঠন এবং আকার পৃথিবীর প্রত্যেক দেশে এক। এই রোড সাইনস বা সাংকেতিক চিহ্নগুলো রাস্তার সংযোগ স্থলে, রাস্তার পাশে, সাইড রাস্তার শুরু থেকে রাস্তা ব্যবহারকারীদের বিশেষ করে যানবাহন চালকদের বন্ধু হিসেবে কাজ করে এবং দুর্ঘটনা এড়িয়ে চলতে সাহায্য করে। আর এই রোড সাইনগুলো আন্তর্জাতিক ট্রাফিক আইনের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। এজন্য যানবাহন চালকদের এ সম্পর্কে পূর্ণ জ্ঞান থাকা একান্ত অপরিহার্য। রোড সাইনগুলোর কার্যকলাপ এবং গুরুত্ব আলোচনা করে এর সংজ্ঞা দেওয়া যেতে পারে যে, যে সমস্ত সাংকেতিক চিহ্ন রাস্তার পাশে, রাস্তার সংযোগ স্থলে, সাইড রাস্তার শুরুতে বারের সাহায্যে দৃশ্যমান হয়ে রাস্তার ব্যবহারকারীদের সামনের রাস্তার পরিস্থিতি সম্পর্কে সংকেত প্রদান করে এবং দুর্ঘটনা এড়াতে সাহায্য করে তাই রোড সাইনস। রোড সাই সাধারণত ৩ (তিন প্রকার)-

১. মেম্বেরটরী রোড সাইন অর্থাৎ বাধ্যতামূলক সাংকেতিক চিহ্নসমূহ।

২. কশানারী রোড সাইন অর্থাৎ সতর্কতারমূলক সাংকেতিক চিহ্নসমূহ।

৩. ইনফরমেরটরী রোড সাইন অর্থাৎ তথ্যমূলক সাংকেতিক চিহ্নসমূহ।

১. বাধ্যতামূলক সাংকেতিক চিহ্ন আবার ২ প্রকার যেমনঃ

ক. বাধ্যতামূলক হ্যাঁ বাচক বা আদেশ সূচক চিহ্ন।


খ. বাধ্যতামূলক না বাচক বা নিষেধ সূচক চিহ্ন।

ক. বাধ্যতামূলক হ্যাঁ বাচক বা আদেশ সূচক চিহ্ন : বাধ্যতামূলক হ্যাঁ-বাচক চিহ্ন দেখতে গোলাকার বা বৃত্তের মত এবং উক্ত বৃত্তের ক্ষেত্রফল সম্পূর্ণ নীল রং দ্বারা আবৃত। এ ধরনের চিহ্নগুলো বিপদজনক স্থানের শুরুতে লাগানো থাকে এবং অবশ্যই পালনীয় আদেশ সূচক সংকেত বহন করে। যেমন-ঘন্টায় ত্রিশ মাইলের উপরে চল, সামনে চল, বামে চল ইত্যাদি।


Receptionist (অভ্যর্থনাকারী): All right (ঠিক আছে) Mr. Mesbah (জনাব মেহবাহ) Let me pull up your reservation. (আপনার রিজার্ভেশনটা দেখতে দিন) I can't find a record of your booking. (আপনার রিজার্ভেশনের ব্যাপারে কোন তথ্য আমি খুঁজে পাচ্ছি না) Did you book the room directly through us? (আপনি কি আপনার রুম সরাসরি আমাদের মাধ্যমে ঠিক করেছিলেন?) or did you use a hotel reservation service or a travel agent? (নাকি কোন হোটেল রিজার্ভেশন সার্ভিস অথবা কোন ট্রাভেল এজেন্টের মাধ্যমে করেছিলেন?)

Myself (আমি নিজে): I booked it directly through you. (আমি সরাসরি আপনার মাধ্যমে ঠিক করেছিলাম) I have already paid a diposit on the first night. (আমি ইতিমধ্যেই প্রথম রাতের ভাড়া পরিশোধ করেছি) I have a reservation number if that helps (আমার রিজার্ভেশন নাম্বার আছে যদি সেটা কোন সাহায্য করতে পারে)

Receptionist (অভ্যর্থনাকারী): Yes. Sure (হ্যাঁ। অবশ্যই) Can I see that, please? (আমি কি গুটা দেখতে পারি?)

Myself (আমি নিজে): Here you are. (এই নিন)

Receptionist (অভ্যর্থনাকারী): Thank you (ধন্যবাদ). Oh I see (ওহ। বুঝতে পেরেছি) May be there was a glitch with the booking system. (হয়ত বুকিং সিস্টেমে সামান্য ত্রুটি ছিল) Well, we don't have any single rooms available with the exception of one adjoined room. (আচ্ছা, একটি সংযুক্ত রুম ছাড়া আমাদের আর কোন সিঙ্গেল রুম খালি নেই) But you would then be right nex door to a family with children (কিন্তু বাচ্চসহ একটি রুমের পাশের রুমে আপনি উঠতে পারেন যেটা একটু হেইচৈপূর্ণ হতে পারে) But that's not a problem (কিন্তু সেটা কোন সমস্যা না) I can upgrade you to one of our business suites. (আমি আপনাকে আমাদের একটি বিজনেস ক্লাসে উন্নীত করতে পারি)

Myself (আমি নিজে): Oh. That sounds nice. (ওহ, এটা শুনতে ভাল) But how much more will that cost? (কিন্তু অতিরিক্ত কত টাকা দিতে হবে?)

Receptionist (অভ্যর্থনাকারী): That would of course be at no extra charge to you. (আপনাকে অবশ্যই এটার জন্য কোন অতিরিক্ত টাকা দিতে হবে না)

Myself (আমি নিজে): Oh. Thank you (ওহ। আপনাকে ধন্যবাদ)

Receptionist (অভ্যর্থনাকারী): My pleasure (শুনে ভালো লাগল)

Myself (আমি নিজে): What about the wireless internet? (ইন্টারনেটে ব্যাপারটা কি?)

Receptionist (অভ্যর্থনাকারী): Oh. It's really easy. (ওহ এটা সত্যিই সহজ) This is your access code and instruction on how to use it. (এই নিন আপনার পাসওয়ার্ড এবং ব্যবহার করার নির্দেশনা) If you have any problem, feel free to call the front dest. (যদি কোন সমস্যা হয় তাহলে ফ্রন্ট ডেস্কে ফোন করতে দ্বিধা করবেন না) and this is a list of all the hotel. (আর এটা হোটেলের সকল সুযোগ সুবিধার একটা তালিকা)

Myself (আমি নিজে): Thank you so much (আপনাকে অনেক ধন্যবাদ)

Receptionist (অভ্যর্থনাকারী): You are welcomed (আপনাকে স্বাগতম) Could you please give me a copy of any of your ID like NID/ Driving Licence/ Passport? (দয়া করে আপনি আপনার যেকোন একটি আইডি যেমন, জাতীয় পরিচয়পত্র/ ড্রাইভিং লাইসেন্স/ পাসপোর্ট এর ফটোকপি দিতে পারেন?) and could you please fill up the registration form? (এবং এই নিবন্ধন ফরমটা দয়া করে পূরণ করবেন)

Myself (আমি নিজে): Sure. (অবশ্যই)

Receptionist (অভ্যর্থনাকারী): This is your room key. (এই হল আপনার রুমের চাবি) your room number is 653 (আপনার রুম নাম্বার ৬৫৩)

Myself (আমি নিজে): Thank you very much (আপনাকে অনেক ধন্যবাদ)

Receptionist (অভ্যর্থনাকারী): Welcome (স্বাগতম)

০১০৪.০৪.১২: রেস্টুরেন্টে কথোপকথন (Conversation in Restaurant):-

Receptionist (অভ্যর্থনাকারী): Welcome to KFC sir (স্যার, কেএফসিতে আপনাকে স্বাগতম).

Myself (আমি নিজে): Thank you (ধন্যবাদ)

Receptionist (অভ্যর্থনাকারী): Please have a seat. (দয়া করে এখানে বসুন). Your waiter/ waitress will be with you in a moment. (পরিচারক/ পরিচারিকা আপনার কাছে এক্ষুনি আসবে)

Myself (আমি নিজে): OK (আচ্ছা) Thank you (ধন্যবাদ)

Waiter/ Waitress (পরিচারক/ পরিচারিকা): Hello sir. (এইযে স্যার) Would you like to order now? (আপনি কি এখন অর্ডার করবেন?)

Myself (আমি নিজে): Yes please (হ্যাঁ)

Waiter/ Waitress (পরিচারক/ পরিচারিকা): What would you like to eat? (আপনি কি খেতে চান?)

Myself (আমি নিজে): I want to have a Burger, an Arabian Shwarma and a Vegetable Soup. (আমি একটি বার্গার, একটি এরাবিয়ান শর্মা এবং একটি ভেজিটেবল স্যুপ খেতে চাই)

Waiter/ Waitress (পরিচারক/ পরিচারিকা): Any item to drink? (পনীয় কিছু খেতে চান?)

Myself (আমি নিজে): What items do you have? (কি কি আছে?)

Waiter/ Waitress (পরিচারক/ পরিচারিকা): We have bottle water/ mineral water, juice and coke. (পানি, জুস এবং কোক আছে)

Myself (আমি নিজে): Coke please (কোক দিন)

Waiter/ Waitress (পরিচারক/ পরিচারিকা): Please wait a bit (দয়া করে কিছুক্ষণ অপেক্ষা করুন)

Myself (আমি নিজে): Sure (অবশ্যই)

Waiter/ Waitress (পরিচারক/ পরিচারিকা): Here you are what you orderd. (এই নিন আপনি যা যা চেয়েছিলেন)

Myself (আমি নিজে): Thank you so much (অনেক ধন্যবাদ)

Waiter/ Waitress (পরিচারক/ পরিচারিকা): Welcome (স্বাগতম)

Waiter/ Waitress (পরিচারক/ পরিচারিকা): Here is your bill sir. (স্যার, আপনার বিল)

Myself (আমি নিজে): Ok. (ঠিক আছে) Thank you (আপনাকে ধন্যবাদ) Here is your payment. (এইযে আপনার বিল)

Waiter/ Waitress (পরিচারক/ পরিচারিকা): Thank you sir (ধন্যবাদ স্যার)

Myself (আমি নিজে): Welcome (স্বাগতম)

০১০৪.০৪.১৩: ফরম পূরণ সংক্রান্ত:-

নাম :	Name:
পিতার নাম :	Father's Name:
পেশা :	Occupation:
বর্তমান ঠিকানা :	Present Address:
স্থায়ী ঠিকানা :	Permanent Address:
পোস্ট :	Post Office:
পোস্ট কোড :	Post Code:
থানা :	Police Station:
জেলা :	District:
শিক্ষাগত যোগ্যতা :	Educational Qualification:
বর্তমান পেশা :	Present Occupation:
পাসপোর্ট নং :	Passport No:
জাতীয় পরিচয়পত্রের নং :	NID No:
দস্তখত :	Signature:

০১০৪.০৪.১৪: কেনাকাটা সংক্রান্ত কথোপকথন:-

স্পর্শ নিষেধ	No Touch
--------------	----------

শুধু মহিলাদের জন্য	Only for female
তোমার কাছে সাদা জামা আছে?	Is there any white shirt?
আমাকে দেখাও	Show me.
আমি এটা পছন্দ করি না	I don't like it.
আমি একটা সিল্কের শার্ট চাই	I want a silk shirt.
দেখুন, এটা সুন্দর শার্ট	See it. It's a nice shirt.
আমি অন্য রং চাই	I want another color.
আপনি কি রং চান?	What color do you want?
লাল রং	Red
আপনার কাছে এর চেয়ে ভাল আছে কি?	Do you have any better item?
এটা উন্নত মানের	This is high quality product.
আচ্ছা, একটু দেখি	Well. Look a little.
এটা কত?	How much does it cost?
দশ রিয়াল	Ten Riyal.

০১০৪.০৪.১৫: ব্যাংকে কথোপকথন:-

আমি আপনার ব্যাংকে একটা একাউন্ট খুলতে চাই	I want to open an account in you bank.
ফরমটি পূরণ করুন	Please fill up the form.
কারেন্ট একাইন্ট না সেভিংস একাউন্ট?	Current account or Savings account?
সেভিংস একাউন্ট	Savings account.
আমি রিয়াল জমা দিতে চাই	I want to deposit some amount of Riyal.
কত রিয়াল জমা দিতে চান?	How much do you want to deposit?
এক হাজার রিয়াল	One thousand Riyal.

০১০৪.০৪.১৬: পোস্ট অফিসে :-

আপনি কি চান?	What do u want?
একটি খাম	I want an envelope.
চিঠি কোথায় পাঠাবেন?	Where do you want to send the letter?
বাংলাদেশ	To Bangladesh
কার কাছে লিখেছেন?	Whom have you written to?
আমার ভাইয়ের কাছে লিখেছি	To my brother.
ঠিকানা লিখেছেন?	Have you written the address?
হ্যাঁ লিখেছি	Yes.
ঠিক আছে, খামের উপর টিকিট লাগান	Ok. Affix a ticket on the envelope.
তারপর চিঠিটি পোস্ট বাক্সে ফেলুন	Then put the letter in the box.

০১০৪.০৪.১৭: বাংলাদেশ সম্পর্কে কথোপকথন :-

তোমার দেশের নামা কি?	What is the name of your country?
আমার দেশের নাম বাংলাদেশ	The name of my country is Bangladesh.
তোমার দেশের রাষ্ট্রীয় ভাষা কি?	What is the state language of your country?
আমার দেশের রাষ্ট্রীয় ভাষা বাংলা	The state language of my country is Bangla.
তোমার দেশের আবহাওয়া কেমন?	How is the weather of your country?
আমারদেশের আবহাওয়া না শীত না গরম	The weather of my country is neither very cold nor very hot.
তোমার দেশ সম্পর্কে আমাকে কিছু বর্ণনা দাও	Tell me something about your country.
আমার দেশ সর্বত্র সবুজ গাছ-গাছালীতে ভরপুর	My country is full of green tree everywhere.
আমারদেশ খুব সুন্দর	My country is very beautiful
আমার দেশের আধিকাংশ মানুষই মুসলমান	Most of the people of my country are Muslim.
ঢাকা বাংলাদেশের রাজধানী	Dhaka is the capital of Bangladesh.
ঢাকাকে মসজিদের নগরী বলা হয়	Dhaka is called the city of mosque.

ভাত আমাদের প্রধান খাদ্য	Rice is our main food item.
আমাদের দেশে জনসংখ্যা অধিক	My country is much populated.
আমাদের দেশে অধিক দক্ষ শ্রমিক আছে	There are so many skilled workers in my country.

মোটরযান রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং

সূচিপত্র

মডিউল-০৩: মোটরযান রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং

ইউনিট	বিষয়	পৃষ্ঠা
০৩০১	অটো মেকানিক্স এর পরিচিতি	
০৩০১.০১	ডিজেল ও অটো/ পেট্রোল ইঞ্জিনের কার্যপদ্ধতি এবং চালুকরণ পদ্ধতি বর্ণনা	
০৩০১.০২	মোটরযান চালু ও অথসরকরণের সামগ্রিক প্রক্রিয়া বর্ণনা	
০৩০১.০৩	মোটরগাড়ির বিভিন্ন অংশ সনাক্তকরণ	
০৩০১.০৪	ফুয়েল সিস্টেম সনাক্ত ও বর্ণনা	
০৩০১.০৫	গিয়ার সিস্টেমসহ ইঞ্জিনের লুব্রিকেশন সিস্টেম সনাক্ত ও বর্ণনা	
০৩০১.০৬	পাওয়ার ট্রান্সমিশন সিস্টেম সনাক্ত ও বর্ণনা	
০৩০১.০৭	ক্লাচ ও ব্রেক সিস্টেম সনাক্ত ও বর্ণনা	
০৩০১.০৮	সিএনজি রূপান্তর পদ্ধতি সনাক্ত ও বর্ণনা	
০৩০১.০৯	অটো ইলেকট্রিকেশন সিস্টেম সনাক্ত ও বর্ণনা	
০৩০১.১০	মোটরযান রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিংয়ের প্রয়োজনীয়তা ব্যাখ্যা	
০৩০২	মোটরযান সার্ভিসিং	
০৩০২.০১	এয়ার ফিল্টার, ফুয়েল ফিল্টার ও ইঞ্জিন ওয়েল ফিল্টার পরিবর্তন	
০৩০২.০২	ফুয়েল সিস্টেমের (পেট্রোল ও ডিজেল উভয় ক্ষেত্রে) সাধারণ সার্ভিসিং সম্পাদন	
০৩০২.০৩	কুলিং সিস্টেমের সাধারণ সার্ভিসিং সম্পাদন	
০৩০২.০৪	লুব্রিকেশন সিস্টেমের সাধারণ সার্ভিসিং সম্পাদন	
০৩০২.০৫	ব্রেক সিস্টেমের সাধারণ সার্ভিসিং সম্পাদন	
০৩০২.০৬	ইগনিশন সিস্টেমের সাধারণ সার্ভিসিং সম্পাদন	
০৩০২.০৭	স্টিয়ারিং সিস্টেমের সাধারণ সার্ভিসিং সম্পাদন	
০৩০২.০৮	সাসপেনশন সিস্টেমের সাধারণ সার্ভিসিং সম্পাদন	
০৩০২.০৯	ক্লাচ মেকানিজমের সাধারণ সার্ভিসিং সম্পাদন	
০৩০২.১০	ব্যাটারি সার্ভিসিং	
০৩০২.১১	ইলেকট্রিক্যাল সিস্টেম, স্টার্টার ও ডায়নামোর সাধারণ সার্ভিসিং সম্পাদন	
০৩০২.১২	সিএনজি কীটস এর সার্ভিসিং সম্পাদন	
০৩০২.১৩	ড্যাশবোর্ডের বিভিন্ন ইন্সট্রুমেন্ট ও নির্দেশক বাতির সার্ভিসিং সম্পাদন	
০৩০২.১৪	মোটরযানের পর্যায়ভিত্তিক সার্ভিসিং সম্পাদন	
০৩০৩	মোটরযানের সাধারণ মেরামত ও রক্ষণাবেক্ষণ	
০৩০৩.০১	ফুয়েল সিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ	
০৩০৩.০২	লুব্রিকেশন সিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ	
০৩০৩.০৩	পাওয়ার ট্রান্সমিশন সিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ	
০৩০৩.০৪	ক্লাচ ও ব্রেক সিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ	
০৩০৩.০৫	সিএনজি কনভারসন সিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ	
০৩০৩.০৬	অটো ইলেকট্রিকেশন সিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ	
০৩০৩.০৭	ইঞ্জিন স্টার্টারের (ডিসি সিরিজ মোটর) মেরামত ও রক্ষণাবেক্ষণ	
০৩০৩.০৮	গিয়ার ওয়েল ও ডিফারেন্সিয়াল ফ্লুইড এর ক্ষেত্রে মেরামত ও রক্ষণাবেক্ষণ	
০৩০৩.০৯	টায়ার, টায়ার থ্রেসার ও রোটেশন পরিবর্তন	
০৩০৩.১০	উপযুক্ত পরিমাপ ও সীমা অনুসারে মোটরযানের বিভিন্ন ফিউজ ও রিলে পরিবর্তন	

মডিউল ০৩: মোটরযান রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং

ইউনিট ০৩০১ অটো মেকানিক্স-এর পরিচিতি:-

০৩০১.০১ ডিজেল ও অটো/ পেট্রোল ইঞ্জিনের কার্যপদ্ধতি এবং চালুকরণ পদ্ধতি:

ডিজেল ইঞ্জিনের কার্যপদ্ধতি:

ডিজেল ইঞ্জিনে জ্বালানি হিসেবে ডিজেল ব্যবহৃত হয়। ইহা ফোর স্ট্রোক সাইকেল ইঞ্জিন। এই ইঞ্জিনে ক্র্যাঙ্ক শ্যাফট এর দুই পাক বা ৩৬০ ডিগ্রি ঘূর্ণনে একটি পাওয়ার স্ট্রোক উৎপন্ন হয়। স্ট্রোকগুলো হলো- সাকশন, কম্প্রেশন, পাওয়ার ও এগজস্ট।

সাকশন স্ট্রোক: এই স্ট্রোকে পিস্টন টিডিসি হতে বিডিসিতে গমন করে এবং সিলিভারের মধ্যে বায়ু শূণ্যতার সৃষ্টি হয়। এই সময় ইনলেট ভাল্ব খুলে যায় ফলে বায়ুমন্ডলের বাতাস এয়ার ক্লিনার হয়ে সিলিভারে প্রবেশ করে।

কম্প্রেশন স্ট্রোক: এই স্ট্রোকে পিস্টন বিডিসি হতে টিডিসিতে গমন করে। কম্প্রেশন স্ট্রোকে উভয় ভাল্ব বন্ধ থাকে। সিলিভারের মধ্যকার বাতাস সংকুচিত হয়ে তাপ ও চাপযুক্ত হয়। পিস্টনটি টিডিসি'র কাছাকাছি পৌঁছালে ইনজেক্টর সুক্ষ্ম কনা আকারে ডিজেল ফুয়েলকে স্প্রে করে। ফলে দহন ক্রিয়া সম্পন্ন হয় এবং প্রচন্ড তাপশক্তির সৃষ্টি হয়।

পাওয়ার স্ট্রোক: এই স্ট্রোকে দুইটি ভাল্ব বন্ধ থাকে। কম্প্রেশন স্ট্রোকে সৃষ্ট তাপশক্তি পিস্টনকে টিডিসি থেকে বিডিসিতে যেতে বাধ্য করে। এই স্ট্রোকেই ইঞ্জিনের পাওয়ার বা শক্তি উৎপন্ন হয়।

এগজস্ট স্ট্রোক: এই স্ট্রোকে পিস্টন বিডিসি হতে টিডিসির দিকে উঠতে থাকে। এই সময় এগজস্ট ভাল্ব খুলে যায়। দহন ক্রিয়ার ফলে সিলিভারের মধ্যকার পোড়া গ্যাস এগজস্ট পোর্টের মাধ্যমে সাইলেঙ্গার হয়ে বায়ুমন্ডলে বের হয়ে যায়।

পেট্রোল ইঞ্জিনের কার্যপদ্ধতি:

পেট্রোল ইঞ্জিনে জ্বালানি হিসেবে পেট্রোল ব্যবহৃত হয়। ইহা ফোর স্ট্রোক সাইকেল ইঞ্জিন। এই ইঞ্জিনে ক্র্যাঙ্ক শ্যাফট এর দুই পাক বা ৩৬০ ডিগ্রি ঘূর্ণনে একটি পাওয়ার স্ট্রোক উৎপন্ন হয়। স্ট্রোকগুলো হলো- সাকশন, কম্প্রেশন, পাওয়ার ও এগজস্ট।

সাকশন স্ট্রোক: এই স্ট্রোকে পিস্টন টিডিসি হতে বিডিসিতে গমন করে এবং সিলিভারের মধ্যে বায়ু শূণ্যতার সৃষ্টি হয়। এই সময় ইনলেট ভাল্ব খুলে যায় ফলে এয়ার ফুয়েল মিক্সার সিলিভারে প্রবেশ করে।

কম্প্রেশন স্ট্রোক: এই স্ট্রোকে পিস্টন বিডিসি হতে টিডিসিতে গমন করে। কম্প্রেশন স্ট্রোকে উভয় ভাল্ব বন্ধ থাকে। সিলিভারের মধ্যকার এয়ার ফুয়েল মিক্সার সংকুচিত হয়ে তাপ ও চাপযুক্ত হয়। পিস্টনটি টিডিসি'র কাছাকাছি পৌঁছালে স্পার্ক প্লাগে বৈদ্যুতিকস্পার্কসংঘটিত হয় ফলে দহন ক্রিয়া সম্পন্ন হয় এবং প্রচন্ড তাপশক্তির সৃষ্টি হয়।

পাওয়ার স্ট্রোক: এই স্ট্রোকে দুইটি ভাল্ব বন্ধ থাকে। কম্প্রেশন স্ট্রোকে সৃষ্ট তাপশক্তি পিস্টনকে টিডিসি থেকে বিডিসিতে যেতে বাধ্য করে। এই স্ট্রোকেই ইঞ্জিনের পাওয়ার বা শক্তি উৎপন্ন হয়।

এগজস্ট স্ট্রোক: এই স্ট্রোকে পিস্টন বিডিসি হতে টিডিসির দিকে উঠতে থাকে। এই সময় এগজস্ট ভাল্ব খুলে যায়। দহন ক্রিয়ার ফলে সিলিভারের মধ্যকার পোড়া গ্যাস এগজস্ট পোর্টের মাধ্যমে সাইলেঙ্গার হয়ে বায়ুমন্ডলে বের হয়ে যায়।

ইঞ্জিন চালুকরণ পদ্ধতি:

ডিজেল/পেট্রোল উভয় ইঞ্জিনই নিম্নে উল্লিখিত পদ্ধতিতে চালু করা যায়-

- (ক) ক্র্যাংকিং মটর বা সেক্স স্টার্টার পদ্ধতি
- (খ) হাতল দ্বারা চালুকরণ পদ্ধতি
- (গ) রশি দ্বারা চালুকরণ পদ্ধতি
- (ঘ) কিক বা পদাঘাত-এর মাধ্যমে চালুকরণ পদ্ধতি

- (ঙ) সংকুচিত বাতাস দ্বারা চালুকরণ পদ্ধতি
- (চ) অক্সিলিয়ারি বা সাহায্যকারী ইঞ্জিন দ্বারা চালুকরণ পদ্ধতি
- (ছ) বিস্ফোরক দ্বারা চালুকরণ পদ্ধতি।

০৩০১.০২ মোটরযান চালু ও অগ্রসরকরণের সামগ্রিক প্রক্রিয়া:

মোটরযান চালুকরণ:

ইঞ্জিন চালুর পূর্বেই ইঞ্জিনের বিভিন্ন সিস্টেম পরীক্ষা নিরীক্ষার প্রয়োজন হয়। যেমন: পর্যাপ্ত জ্বালানী, রেডিয়েটর কুলেন্ট/পানি, ইঞ্জিন অয়েল/লুব অয়েল, ব্যাটারী, এবং ইঞ্জিনের বিভিন্ন যন্ত্রাংশ যথাযথ রয়েছে কিনা তা নিশ্চিত হওয়ার পর ইঞ্জিন চালু করতে হবে। ডিজেল এবং পেট্রোল উভয় ইঞ্জিনেই ত্র্যাংকিং মটর বা সেক্স স্টার্টার ইঞ্জিনের ফ্লাই হুইলের সাথে সংযুক্ত থাকে। ব্যাটারির বিদ্যুত সংযোগ ইগনিশন সুইচের মাধ্যমে ত্র্যাংকিং মটর বা সেক্স স্টার্টার মটরের সাথে যুক্ত থাকে। গিয়ার নিউট্রাল করার পর ইগনিশন সুইচের মাধ্যমে গাড়ির ইঞ্জিন চালু করতে হয়।

মোটরযান অগ্রসরকরণ:

মোটরযান অগ্রসরের পূর্বে অবশ্যই গাড়ির চাকার হাওয়া, ব্রেক সিস্টেম, স্টিয়ারিং সিস্টেম, হর্ন, লাইটিং সিস্টেম, মিররসমূহ সঠিক আছে কিনা তা নিশ্চিত হতে হবে। অতঃপর ক্লাচ চেপে গিয়ার লিভার প্রথম গিয়ার পজিশনে দেয়ার পর ক্লাস ধীরে ধীরে ছাড়লে গাড়ি সম্মুখে অগ্রসর হবে। স্টিয়ারিং হুইলের মাধ্যমে গাড়ি ডানে বামে বা সোজা পথে চলার দিক নিয়ন্ত্রণ করতে হবে। পর্যায়ক্রমে রাস্তার অবস্থা অনুযায়ী গাড়ির গতি বাড়ানোর প্রয়োজন হলে ক্লাচ চেপে গিয়ার ২য়, ৩য়, ৪র্থ/টিপ পজিশনে দিলে গাড়ির গতি বৃদ্ধি পাবে। গিয়ার পরিবর্তনের ক্ষেত্রে অবশ্যই ক্লাস চেপে গিয়ার লিভারের সাহায্যে গিয়ার পরিবর্তন করতে হবে।

০৩০১.০৩ মোটর গাড়ির ইঞ্জিনের বিভিন্ন অংশ সমূহ:

ইঞ্জিন কতকগুলো চলমান ও স্থির যন্ত্রাংশের সমন্বয়ে গঠিত। প্রধান প্রধান কয়েকটি যন্ত্রাংশের নাম নিম্নে উল্লেখ করা হলো:

- (১) ইঞ্জিন হেড
- (২) ইঞ্জিন ব্লক
- (৩) অয়েল প্যান
- (৪) রকার আর্ম
- (৫) ইঞ্জিন ভলভ
- (৬) এয়ার ক্লিনার
- (৭) ইনলেট মেনিফোল্ড
- (৮) এগজস্ট মেনিফোল্ড
- (৯) ইঞ্জিন সিলিভার
- (১০) পিস্টন ও পিস্টন রিং
- (১১) কানেকটিং রড
- (১২) বিগ ইন্ড বিয়ারিং
- (১৩) মেইন বিয়ারিং
- (১৪) পিস্টন পিন/গজন পিন
- (১৫) ত্র্যাংক শ্যাফট
- (১৬) ত্র্যাংক শ্যাফট গিয়ার
- (১৭) ক্যাম শ্যাফট
- (১৮) ক্যাম শ্যাফট গিয়ার
- (১৯) ট্যাপেড
- (২০) ট্যাপেড কভার
- (২১) লুব অয়েল পাম্প
- (২২) লুব অয়েল ফিল্টার
- (২৩) ডিপ্ স্টিক
- (২৪) ফুয়েল ট্যাংক
- (২৫) ফুয়েল ফিল্টার
- (২৬) হাই প্রেশার ফুয়েল পাম্প (ডিজেল ইঞ্জিনের ক্ষেত্রে)
- (২৭) হাই প্রেশার ফুয়েল পাইপ (ডিজেল ইঞ্জিনের ক্ষেত্রে)
- (২৮) ইনজেক্টর (ডিজেল ইঞ্জিনের ক্ষেত্রে)
- (২৯) কার্বুরেটর (পেট্রোল ইঞ্জিনের ক্ষেত্রে)
- (৩০) স্পার্ক প্লাগ (পেট্রোল ইঞ্জিনের ক্ষেত্রে)
- (৩১) হাইটেনশন লিড
- (৩২) অল্টারনেটর
- (৩৩) ওয়াটার পাম্প
- (৩৪) ফ্লাই হুইল

- (৩৫) থার্মোস্টিয়াট ভাল্ব
- (৩৬) ক্র্যাংকিং মোটর বা সেক্ষ স্টার্টার
- (৩৭) লুব অয়েল ফিলার ক্যাপ
- (৩৮) সাইলেন্সার
- (৩৯) কুলিং ফ্যান
- (৪০) ইগনিশন কয়েল
- (৪১) ইসিইউ
- (৪২) সেন্সর
- (৪৩) ইঞ্জিন হেড গ্যাসকেট
- (৪৪) হেড বোল্ট
- (৪৫) ইঞ্জিন সাইড কভার
- (৪৬) ফ্যান বেল্ট
- (৪৭) এসি পাম্প
- (৪৮) গ্লো বাহিটার প্লাগ (ডিজেল ইঞ্জিনের ক্ষেত্রে)
- (৪৯) অয়েল সিল
- (৫০) টাইমিং চেইন/বেল্ট ইত্যাদি।

০৩০১.০৪ ইঞ্জিন ফুয়েল সিস্টেমের বর্ণনা:

ডিজেল ইঞ্জিন ফুয়েল সিস্টেম:

ফুয়েল ট্যাংক থেকে ডিজেল ফুয়েলকে শোষণ করে হাইপ্রেসার ফুয়েল পাম্পের মাধ্যমে অতি উচ্চ চাপে ইনজেক্টরের সাহায্যে কম্প্রেশন স্ট্রোকের শেষে ইঞ্জিন সিলিন্ডারে সুক্ষ্ম কনা আকারে স্প্রে ঘটানোই ফুয়েল সিস্টেমের কাজ।

ডিজেল ইঞ্জিন ফুয়েল সিস্টেমের অংশসমূহ:

১. ফুয়েল ট্যাংক
২. লো-প্রেসার ফুয়েল লাইন
৩. ফুয়েল ফিল্টার
৪. লো-প্রেসার ফুয়েল পাম্প
৫. হাই-প্রেসার ফুয়েল পাম্প
৬. হাই-প্রেসার ফুয়েল পাইপ
৭. ইনজেক্টর
৮. ওভার ফ্লো লাইন

পেট্রোল ইঞ্জিন ফুয়েল সিস্টেম:

ফুয়েল ট্যাংক থেকে পেট্রোল ফুয়েলকে শোষণ করে কার্বুরেটরে বাতাসের সাথে মিশ্রিত করে ইনলেট মেনিফোল্ড-এর মাধ্যমে সাকশন স্ট্রোকের সময় ইঞ্জিন সিলিন্ডারে প্রেরণ করাই পেট্রোল ইঞ্জিন ফুয়েল সিস্টেমের কাজ।

পেট্রোল ইঞ্জিন ফুয়েল সিস্টেমের অংশসমূহ:

১. ফুয়েল ট্যাংক
২. লো-প্রেসার ফুয়েল লাইন
৩. ফুয়েল ফিল্টার
৪. এসি পাম্প
৫. ফুয়েল লাইন
৬. কার্বুরেটর
৭. ইনলেট মেনিফোল্ড
৮. ইঞ্জিন সিলিন্ডার

০৩০১.০৫ গিয়ার সিস্টেমসহ ইঞ্জিনের লুব্রিকেশন সিস্টেম সনাক্ত ও বর্ণনা:-

অটোমোটিভ গিয়ার বক্স:

ক্রাচ এবং প্রোপেলার শ্যাফটের মধ্যবর্তী স্থানে যে বক্সের মধ্যে বিভিন্ন প্রকার গিয়ার ও পিনিয়ন সংযুক্ত থাকে তাকে গিয়ার বক্স বলে। গিয়ার বক্স এর সাথে গিয়ার লিভার সংযুক্ত থাকে। এটি ইঞ্জিন পাওয়ার ট্রান্সমিশন সিস্টেমের একটি অংশ। ইঞ্জিনের শক্তি ক্রাচের মাধ্যমে গিয়ার বক্সে পৌঁছায়।

ইঞ্জিন লুব্রিকেশন সিস্টেম:

নিম্ন লিখিত অংশ সমূহ নিয়ে লুব্রিকেশন সিস্টেম গঠিত:

১. অয়েল প্যান
২. স্ট্রাইনার
৩. লুব অয়েল পাম্প
৪. লুব অয়েল ফিল্টার
৫. লুব অয়েল লাইন
৬. লুব অয়েল প্রেশার গেজ
৭. ডিপ স্টিক
৮. লুব অয়েল (উপকরণ)

ইঞ্জিন লুব্রিকেশন সিস্টেমের বর্ণনা:

লুব্রিকেশন সিস্টেম ইঞ্জিনের চলমান যন্ত্রাংশে লুব্রিকেটিং অয়েল সরবরাহ করে যন্ত্রাংশসমূহকে পিচিছিল করে সহজ সরল ভাবে চলতে সহায়তা করে। এছাড়াও লুব্রিকেশন সিস্টেম নিম্নে উল্লিখিত কাজগুলো সম্পন্ন করে থাকে-

১. যন্ত্রাংশ সমূহকে মরিচা পড়ার হাত থেকে রক্ষা করে।
২. যন্ত্রাংশের ঘর্ষন জনিত ক্ষয় রোধ করে।
৩. যন্ত্রাংশ সমূহের পরিষ্কারক পদার্থ হিসেবে কাজ করে।
৪. অয়েল ফিল্ম বা পর্দা সৃষ্টি করে কম্প্রেশন লিক হতে দেয় না।
৫. তাপ ও শব্দ রোধক হিসেবে ব্যবহৃত হয়।

০৩০১.০৬ পাওয়ার ট্রান্সমিশন সিস্টেম শনাক্ত ও বর্ণনা:

পাওয়ার ট্রান্সমিশন সিস্টেমের অংশ সমূহের নাম:

১. ফ্লাই হুইল
২. ক্লাচ
৩. ট্রান্সমিশন গিয়ারবক্স
৪. প্রোপেলার শ্যাফট
৫. ইউনিভার্সেল জয়েন্ট
৬. ডিফারেন্সিয়াল গিয়ারবক্স
৭. রিয়ার এক্সেল
৮. হুইল বা চাকা

পাওয়ার ট্রান্সমিশন সিস্টেমের বর্ণনা:

ইঞ্জিনের উৎপাদিত শক্তি কতকগুলো ইউনিট বা অংশের মাধ্যমে যে পদ্ধতিতে গাড়ির চাকায় পৌঁছায় তাকে পাওয়ার ট্রান্সমিশন সিস্টেম বলে। পাওয়ার ট্রান্সমিশন সিস্টেম ইঞ্জিনের শক্তির সঞ্চালন, পরিবর্তন ও দিক পরিবর্তনের কাজ করে থাকে।

০৩০১.০৭ ক্লাচ ও ব্রেক সিস্টেম সনাক্ত ও বর্ণনা:

ক্লাচ এর বিভিন্ন অংশের নাম:

১. ক্লাচ প্যাডেল।
২. ক্লাচ লিংকেজ।
৩. ক্লাচ স্লীভ সিলিন্ডার।
৪. পুশরড।
৫. ক্লাচ ফর্ক
৬. ক্লাচ রিলিজ বিয়ারিং
৭. ক্লাচ প্রেশার প্লেট
৮. ক্লাচ প্লেট

ক্লাচ এর বর্ণনা:

ইহা পাওয়ার ট্রান্সমিশন সিস্টেমের একটি গুরুত্বপূর্ণ অংশ। ইঞ্জিনের পিছনের দিকে ফ্লাই হুইল এবং গিয়ার বক্সের মধ্যবর্তী স্থানে ক্লাচ সংযুক্ত থাকে। ক্লাচ প্যাডেল ক্লাচের সাথে যুক্ত থাকে। গাড়ির চালক যখন ক্লাচ প্যাডেল চাপ দেয় তখন ক্লাচ ফ্লাই হুইল থেকে বিচ্ছিন্ন হয়ে যায় আবার ছেড়ে দিলে ফ্লাই হুইল এর সঙ্গে লেগে যায়। ইঞ্জিনের বেগ শক্তিকে গিয়ার বক্সে প্রেরণ করা এবং বিচ্ছিন্ন করা ক্লাচের কাজ।

ব্রেক সিস্টেমের এর বিভিন্ন অংশের নাম:

১. ব্রেক প্যাডেল
২. লিংকেজ
৩. পুশ রড
৪. ডাস্ট কভার
৫. সার্ভো এসিসটেড ইউনিট

৬. মাস্টার সিলিন্ডার
৭. ব্রেক লাইন
৮. হুইল সিলিন্ডার
৯. ব্রেক স্যু
১০. ব্রেক ড্রাম
১১. ব্রেক অয়েল রিজার্ভার
১২. ব্রেক অয়েল (উপকরণ)

ব্রেক সিস্টেমের বর্ণনা:

গাড়ির চালক ব্রেক সিস্টেমের সাহায্য রোডের অবস্থা অনুযায়ী নিজের ইচ্ছামত কম সময়ের মধ্যে ও কম দূরত্বে চলন্ত গাড়ির গতিকে রোধ করতে পারে বা একেবারে থামাতে পারে। ইহা ছাড়াও চালক বিহীন অবস্থায় গাড়ি যে গড়ায়ে না যায়, তা হতে গাড়িকে রক্ষা করে।

ব্রেক সিস্টেমের প্রকারভেদ:

গাড়িতে ব্যবহৃত ব্রেক সিস্টেমকে প্রধানত ৪ ভাগে ভাগ করা যায়। যথা-

১. হাইড্রোলিক ব্রেক সিস্টেম - (ক) ড্রাম টাইপ (খ) ডিস্ক টাইপ
২. হ্যান্ড ব্রেক/ যান্ত্রিক ব্রেক/ পার্কিং ব্রেক/ ইমার্জেন্সি ব্রেক
৩. পাওয়ার ব্রেক
৪. এয়ার ব্রেক

০৩০১.০৮ সিএনজি রূপান্তর পদ্ধতি সনাক্ত ও বর্ণনা:-

সিএনজিতে রূপান্তরে প্রয়োজনীয় যন্ত্রাংশের নাম:

১. সিএনজি সিলিন্ডার
২. সিলিন্ডার সাট অফ/সার্ভিস ভাল্ব
৩. ফাস্ট স্টেইজ সিডাকশন ইউনিট.
৪. প্রেসার গেজ
৫. সলিনয়েড ভাল্ব (পেট্রোল)
৬. মাইক্রো সুইচ
৭. ফ্লেক্সিবল হোজ এসেম্বলী-১
৮. সলিনয়েড ভাল্ব (সিএনজি)
৯. ফ্লেক্সিবল হোজ এসেম্বলী-২
১০. টু স্টেইজ সিএনজি রেগুলেটর
১১. ফ্লো কন্ট্রোল ইউনিট
১২. লো প্রেসার হোজ
১৩. মিক্সার এসেম্বলী
১৪. রিলে
১৫. সিলেক্টর সুইচ
১৬. রেগুলেটর (ইলেক্ট্রিক্যাল)

সিএনজিতে রূপান্তর পদ্ধতি:

সাধারণ ডিজেল এবং পেট্রোল যানবাহনে সিএনজি অতি সহজে ব্যবহার করা যায়। এব জন্য নিম্নলিখিত ইউনিটসমূহ নূতনভাবে সংযোজিত করতে হয়। (ক) ডিজেল বা পেট্রোল ট্যাঙ্কের অতিরিক্ত আরও একটি ট্যাংক যার ধারণ ক্ষমতা গাড়ীর ধারণভেদে ১৫ থেকে ১৬ ঘন মিটার, (খ) ত্রিমুখী শাট আফ ভাল্ব, (গ) সিএনজি সলিনয়েড ভাল্ব, (ঘ) তিন স্তর বিশিষ্ট সিএসজি রেগুলেটর, (ঙ) মিক্সার, (চ) সিলেক্টর সুইচ, (ছ) মিটার, (জ) কানেকটর। এসব ইউনিটগুলো এমনভাবে লাগানো হয় বাহির থেকে বুঝা যায় না। সিএনজি হঠাৎ ফুরিয়ে গেলে রেগুলেটর ডিজেল বা পেট্রোল সরবরাহ লাইনের সাথে যুক্ত করে নিমিষের মধ্যে গাড়িকে ডিজেল বা পেট্রোল দ্বারা চালনা করা যায়।

০৩০১.০৯ অটো ইলেক্ট্রিকেশন সিস্টেম সনাক্ত ও বর্ণনা:-

মোটরযানের ইলেক্ট্রিকেশন সিস্টেমের নাম:

১. ইঞ্জিন স্টার্টিং সিস্টেম
২. ফুয়েল সিস্টেম
৩. ইগনিশন সিস্টেম
৪. লাইটিং সিস্টেম
৫. হর্ন সিস্টেম
৬. উইপার মটর
৭. ড্যাশ বোর্ড ইনস্ট্রুমেন্ট
৮. মাল্টিমিডিয়া সিস্টেম
৯. অটো ডোর সিস্টেম
১০. চার্জিং সিস্টেম
১১. ইলেক্ট্রিক মিরর সিস্টেম এবং গাড়িতে ব্যবহৃত সকল প্রকার ইলেক্ট্রিক অপারেটেড যন্ত্রপাতি সমূহ।

মোটরযান ইলেক্ট্রিকেশনের বর্ণনা:

মোটরযানে ব্যবহৃত বিভিন্ন বৈদ্যুতিক ইউনিট, ইকুইপমেন্ট, ড্যাশবোর্ডে সন্নিবেশিত পরিমাক যন্ত্র (মিটার) সমূহ কার্যক্ষম এবং স্টোরেজ ব্যাটারি চার্জসহ ইঞ্জিন চালু করতে প্রয়োজনীয় বিদ্যুত শক্তি উৎপাদন ও সরবরাহের সার্বিক ব্যবস্থাপনাকে “অটো ইলেক্ট্রিকেশন” বলে।

০৩০১.১০ মোটরযান রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং-এর প্রয়োজনীয়তা:-

মোটরযান রক্ষণাবেক্ষণ -এর প্রয়োজনীয়তা:

যাতায়াতের জন্য যানবাহন অপরিহার্য। পৃথিবীতে ইহার ব্যবহার ব্যাপক। সেইজন্য ইহার সঠিক ব্যবহার বিধি, রক্ষণাবেক্ষণ, যন্ত্রাংশ ও উহাদের কার্যবিধি, ত্রুটি নিরূপন, ত্রুটি মুক্তকরণ সম্পর্কে একজন চালকের যথেষ্ট জ্ঞান থাকা প্রয়োজন। এই জন্য ইঞ্জিন এবং যানবাহনের রক্ষণাবেক্ষণ সম্বন্ধে প্রশিক্ষণ গ্রহণ করা উচিত। কারণ একটি যানবাহন হতে দীর্ঘ মেয়াদী এবং ভাল কাজ পেতে হলে সময় মত উহার রক্ষণাবেক্ষণ দরকার।

মোটরযান সার্ভিসিং-এর প্রয়োজনীয়তা:

মোটরযানের ইঞ্জিন এবং বিভিন্ন যন্ত্রাংশের কার্যক্ষমতাকে দীর্ঘস্থায়ী করার জন্য যন্ত্রাংশ পরিষ্কার, সমন্বয়, লিকেজ বন্ধ, অয়েল পরিবর্তন, ছোট খাটো মেরামত প্রভৃতি কাজগুলো সম্পন্ন করাকে সার্ভিসিং বলে।

মোটরযান সার্ভিসিং-এর ক্ষেত্রে-

১. ইঞ্জিনের ব্যবহৃত লুব অয়েল ড্রেন দিয়ে ফ্লাশিং অয়েল দ্বারা ফ্লাশিং করে পরিমিত নতুন লুব অয়েল দিতে হবে। লুব অয়েল পরিবর্তনের সাথে সাথে লুব অয়েল ফিল্টারও পরিবর্তন করতে হবে।
২. যানবাহনের বিভিন্ন গ্রিজিং পয়েন্ট গ্রিজিং করতে হবে।
৩. যানবাহনের প্রতিটি চাকার হাওয়া সঠিক আছে কিনা চেক করতে হবে।
৪. প্রয়োজন বোধে ফুয়েল ফিল্টার ও এয়ার ফিল্টার পরিবর্তন করতে হবে।
৫. যানবাহনের ইঞ্জিনসহ বিভিন্ন অংশ পানি দ্বারা ধৌত করতে হবে।

ইউনিট ০৩০২ : মোটরযান সার্ভিসিং

০৩০২.০১ এয়ার ফিল্টার, ফুয়েল ফিল্টার ও ইঞ্জিন ওয়েল ফিল্টার পরিবর্তন:

এয়ার ফিল্টার:

এয়ার ক্লিনারের ভিতর একটি এয়ার ফিল্টার থাকে, যা ছাঁকনির মত কাজ করে। ধূলাবালি যুক্ত বাতাস ফিল্টার এলিমেন্টস আটকে দেয় এবং পরিষ্কার বাতাস ইঞ্জিনে সরবরাহ করে। নির্মাতার দেওয়া নির্দেশনা মোতাবেক নির্দিষ্ট সময় পর পর ফিল্টারিং এলিমেন্টস পরিষ্কার বা পরিবর্তন করতে হয়। সাধারণত গাড়ি ৮৪৫০০ কিগমিঃ চলার পর এয়ার ফিল্টার পরিবর্তন করতে হয়।

ফুয়েল ফিল্টার:

ফুয়েলে মিশ্রিত বিভিন্ন পার্টিকেলস বা উপাদান ফুয়েল ফিল্টার আটকে রেখে পরিষ্কার ফুয়েল ইঞ্জিনে সরবরাহ করে। ফুয়েল ফিল্টারের ভিতরে ফিল্টারিং এলিমেন্ট থাকে। নির্মাতার দেওয়া নির্দেশনা মোতাবেক নির্দিষ্ট সময় পর পর ফিল্টারিং এলিমেন্টস পরিষ্কার বা পরিবর্তন করতে হয়। সাধারণত গাড়ি ১৯০০০ কিগমিঃ চলার পর ফুয়েল ফিল্টার পরিবর্তন করতে হয়।

অয়েল ফিল্টার:

ইহা ইঞ্জিন লুব্রিকেটিং সিস্টেমের একটি অংশ। অয়েলে মিশ্রিত বিভিন্ন পার্টিকেলস বা উপাদান অয়েল ফিল্টার আটকে রেখে পরিষ্কার অয়েল ইঞ্জিনে সরবরাহ করে। অয়েল ফিল্টারের ভিতরে ফিল্টারিং এলিমেন্ট থাকে। অয়েল পরিবর্তনের সাথে সাথে অয়েল ফিল্টারও পরিবর্তন করতে হয়। সাধারণত গাড়ি ৬৪০০ কিগ্রমিঃ (৪০০০ মাইল) চলার পর অয়েল ফিল্টার পরিবর্তন করতে হয়। উল্লেখ্য যে, যে সমস্ত যানবাহন ধীরগতিতে চলে অর্থাৎ টাউন সার্ভিস, সে সকল ১৬০০ কিগ্রমিঃ চলার পর ইঞ্জিন অয়েল ও অয়েল ফিল্টার পরিবর্তন করতে হয়।

০৩০২.০২ ফুয়েল সিস্টেমের (পেট্রোল ও ডিজেল উভয় ক্ষেত্রে) সাধারণ সার্ভিসিং সম্পাদন:

পেট্রোল ফুয়েল সিস্টেমের সাধারণ সার্ভিসিং:

পেট্রোল ইঞ্জিন এর ফুয়েল সিস্টেমে কোন ত্রুটি দেখা দিলে পর্যায় ক্রমে ফুয়েল সিস্টেমের সকল যন্ত্রাংশ পর্যবেক্ষণ করে ত্রুটি চিহ্নিত করে ত্রুটি মুক্ত করতে হবে। যেমন-

১. ইঞ্জিন চালু না হলে ফুয়েল ট্যাংকে ফুয়েল আছে কিনা চেক করতে হবে।
২. ফুয়েল সরবরাহ কম হলে ফিল্টার চেক করতে হবে।
৩. ফুয়েল লিক করলে ফুয়েল লাইন টাইট দিতে হবে।
৪. ফুয়েল খরচ বেশী হলে কার্বুরেট আইডল এডজাস্টিং জু সমন্বয় করতে হবে।
৫. ইঞ্জিন এর স্পীড না উঠলে এয়ার ক্লিনার পরিষ্কার বা পরিবর্তন করতে হবে।
৬. অ্যাকসেলারেটর প্যাডেল চাপলে স্পীড না বাড়লে কার্বুরেটর টিউনিং ও স্পার্ক প্লাগ চেক করতে হবে।

ডিজেল ফুয়েল সিস্টেমের সাধারণ সার্ভিসিং:

সি আই বা ডিজেল ইঞ্জিন এর ফুয়েল সিস্টেমে কোন ত্রুটি দেখা দিলে পর্যায় ক্রমে ফুয়েল সিস্টেমের সকল যন্ত্রাংশ পর্যবেক্ষণ করে ত্রুটি চিহ্নিত করে ত্রুটি মুক্ত করতে হবে। যেমন-

১. ইঞ্জিন চালু না হলে ফুয়েল ট্যাংক চেক করতে হবে।
২. ফুয়েল সরবরাহ কম হলে ফিল্টার চেক করতে হবে।
৩. ফুয়েল লিক করলে ফুয়েল লাইন টাইট দিতে হবে।
৪. ফুয়েল খরচ বেশী হলে ইনজেক্টরের জু সমন্বয় করতে হবে।
৫. ইঞ্জিন এর স্পীড না উঠলে এয়ার ক্লিনার পরিষ্কার বা পরিবর্তন করতে হবে।
৬. অ্যাকসেলারেটর প্যাডেল চাপলে স্পীড না বাড়লে হাইপ্রেসার ফুয়েল পাম্প এবং গভর্নর চেক করতে হবে।

০৩০২.০৩ ইঞ্জিন কুলিং সিস্টেমের সাধারণ সার্ভিসিং সম্পাদন:

ইঞ্জিন কুলিং সিস্টেম:

ইঞ্জিন কুলিং সিস্টেম দহন প্রকোষ্ঠে উৎপন্ন তাপের ৩০% থেকে ৩৫% তাপ কমিয়ে ইঞ্জিনকে ওভারহিট থেকে রক্ষা করে এবং ইঞ্জিনকে স্বাভাবিকভাবে চলাচল করতে সহায়তা করে।

ইঞ্জিন কুলিং সিস্টেমের সার্ভিসিং সমূহ নিম্নরূপ:

১. ওয়াটার পাম্প - ওয়াটার পাম্প শব্দ হলে বিয়ারিং পরিবর্তন করতে হবে।
২. রেডিয়েটর - রেডিয়েটর রিভার্স ফ্লাশিং করতে হবে, কুলেন্ট লেভেল সঠিক পরিমাণে রাখতে হবে এবং লিকেজ পরিলক্ষিত হলে মেরামত করতে হবে।
৩. আপার হোস পাইপ - কুলেন্ট লিক করলে ক্লাম্প টাইট দিতে হবে অথবা পরিবর্তন করতে হবে।
৪. লোয়ার হোস পাইপ - কুলেন্ট লিক করলে ক্লাম্প টাইট দিতে হবে অথবা পরিবর্তন করতে হবে।
৫. রেডিয়েটর কোর - লিক হলে মেরামত করতে হবে অথবা রেডিয়েটর পরিবর্তন করতে হবে।
৬. রেডিয়েটর আপার ট্যাংক - লিক হলে মেরামত করতে হবে অথবা রেডিয়েটর পরিবর্তন করতে হবে।
৭. রেডিয়েটর লোয়ার ট্যাংক ট্যাংক - লিক হলে মেরামত করতে হবে অথবা রেডিয়েটর পরিবর্তন করতে হবে।
৮. ফিস - সতর্কতার সহিত পরিষ্কার করতে হবে।
৯. রেডিয়েটর প্রেসার ক্যাপ - ভ্যাকুয়াম ভাল্ব ও প্রেশার ভাল্ব পরীক্ষা করতে হবে, প্রয়োজনে প্রেশার ক্যাপ পরিবর্তন করতে হবে।
১০. থার্মোস্ট্যাট ভালভ - পরিষ্কার করতে হবে অথবা পরিবর্তন করতে হবে।
১১. ফ্যান বেল্ট - ফ্যান বেল্ট টেনশন সঠিক আছে কিনা পরীক্ষা করতে হবে অথবা পরিবর্তন করতে হবে।
১২. কুলিং ফ্যান - ফ্যানে শব্দ হলে পরিবর্তন করতে হবে।
১৩. ড্রেন প্লাগ বা কর্ক - লিক করলে পরিবর্তন করতে হবে।
১৪. ওভার ফ্লো পাইপ - ওভার ফ্লো পাইপ লিক করলে পরিবর্তন করতে হবে।

০৩০২.০৪ লুব্রিকেটিং সিস্টেমের সাধারণ সার্ভিসিং সম্পাদন:

ইঞ্জিন লুব্রিকেশন সিস্টেম সার্ভিসিং:

নিম্ন লিখিত অংশ সমূহ নিয়ে লুব্রিকেশন সিস্টেম গঠিত:

১. অয়েল প্যান - অয়েল প্যান সীল ও ড্রেন প্লাগ লিক করলে পরিবর্তন করতে হবে।
২. স্ট্রেইনার - নির্দিষ্ট সময় পর পর পরিষ্কার করতে হবে।
৩. লুব অয়েল পাম্প - লুব অয়েল পাম্পের প্রেশার কমে গেলে পরিবর্তন করতে হবে।
৪. লুব অয়েল ফিল্টার - অয়েল ফিল্টার নির্মাতার নির্দেশনা মোতাবেক পরিবর্তন করতে হবে।
৫. লুব অয়েল লাইন - লুব অয়েল লাইন লিক করলে বেঞ্জ বোল্টগুলো টাইট দিতে হবে।
৬. লুব অয়েল প্রেশার গেজ - সঠিক কাজ না করলে লুব অয়েল প্রেশার গেজ পরিবর্তন করতে হবে।
৭. ডিপ স্টিক - বাকা হয়ে গেলে বা ভেঙ্গে গেলে পরিবর্তন করতে হবে।
৮. লুব অয়েল (উপকরণ) - নির্দিষ্ট মাইলেজ বা ঘন্টা পর পর পরিবর্তন করতে হবে এবং রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে।

০৩০২.০৫ ব্রেক সিস্টেমের সাধারণ সার্ভিসিং সম্পাদন:

ব্রেক সিস্টেম এর বিভিন্ন অংশের সার্ভিসিং নিম্নরূপ:

১. ব্রেক প্যাডেল - প্যাডেল প্লে বেশি হলে এ্যাডজাস্ট করতে হবে।
২. লিংকেজ - ব্রেক লিংকেজ জ্যাম হলে স্পেশ-VD-40 দ্বারা ফ্রি করতে হবে।
৩. পুশ রড - ক্ষয় বা বাঁকা হলে পরিবর্তন করতে হবে।
৪. ডাস্ট কভার - লুজ বা ছিড়ে গেলে পরিবর্তন করতে হবে।
৫. সার্ভো এসিসটেড ইউনিট - ডায়াক্রাম ছিড়ে গেলে বা সঠিকভাবে কাজ না করলে পরিবর্তন করতে হবে।
৬. মাস্টার সিলিডার - সঠিক ভাবে কাজ না করলে মাস্টার সিলিডার কিটস পরিবর্তন করতে হবে।
৭. ব্রেক লাইন - ব্রেক লাইনে হাওয়া ঢুকলে এয়ার ব্লিডিং পদ্ধতিতে হাওয়া বের করতে হবে।
৮. হুইল সিলিডার - হুইল সিলিডার কিটস ক্ষয় হলে পরিবর্তন করতে হবে অথবা হুইল সিলিডার পরিবর্তন করতে হবে।
৯. ব্রেক স্যু - ব্রেক স্যু ক্ষয় প্রাপ্ত হলে পরিবর্তন করতে হবে।
১০. ব্রেক ড্রাম - ব্রেক ড্রাম ক্ষয় প্রাপ্ত হলে টার্নিং করতে হবে।
১১. ব্রেক অয়েল রিজার্ভার - ব্রেক অয়েল রিজার্ভার পরিষ্কার করতে হবে এবং লিক হলে পরিবর্তন করতে হবে।
১২. ব্রেক অয়েল (উপকরণ) - ময়লা মিশ্রিত হলে পরিবর্তন করতে হবে।

০৩০২.০৬ ইগনিশন সিস্টেমের সাধারণ সার্ভিসিং সম্পাদন:

পেট্রোল ইঞ্জিনে যে পদ্ধতিতে কন্সান চেস্বারে সংকুচিত বাতাস ও জ্বালানির মিশ্রণে ইলেক্ট্রিক স্পার্ক ঘটিয়ে প্রজ্জ্বলন করা হয় তাকে ইগনিশন সিস্টেম বলে।

ইগনিশন সিস্টেম এর বিভিন্ন অংশের সার্ভিসিং নিম্নরূপ:

১. ব্যাটারী - ব্যাটারীতে জমা সালফেশন পরিষ্কার করতে হবে। ইলেক্ট্রোলাইট লেভেল সঠিক রাখতে হবে।
২. ব্যাটারী ক্যাবল - ছিড়ে গেলে পরিবর্তন করতে হবে।
৩. ইগনিশন সুইচ - কাজ না করলে পরিবর্তন করতে হবে।
৪. ইগনিশন কয়েল - ইগনিশন কয়েলের সার্কিট নষ্ট হলে পরিবর্তন করতে হবে।
৫. কনডেসার - সঠিক কাজ না করলে পরিবর্তন করতে হবে।
৬. সি.বি পয়েন্ট - কার্বনমুক্ত করতে হবে। সি.বি পয়েন্ট গ্যাপ সঠিক রাখতে হবে।
৭. ডিস্ট্রিবিউটর - পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
৮. হাইটেনশন লিড - ছিড়ে গেলে পরিবর্তন করতে হবে।
৯. স্পার্ক প্লাগ - স্পার্ক প্লাগের গ্যাপ সঠিক রাখতে হবে এবং প্লাগ কার্বন মুক্ত রাখতে হবে। নির্দিষ্ট সময় পর পর স্পার্ক প্লাগ পরিবর্তন করতে হবে।

০৩০২.০৭ স্টিয়ারিং সিস্টেমের সাধারণ সার্ভিসিং:

ইহা এমন একটি যান্ত্রিক কৌশল বা পদ্ধতি যার সাহায্যে গাড়ির চালক সহজেই চলন্ত গাড়ির গতির দিক পরিবর্তন করতে পারে।

স্টিয়ারিং সিস্টেম এর বিভিন্ন অংশের সার্ভিসিং নিম্নরূপ:

১. স্টিয়ারিং হুইল - স্টিয়ারিং হুইলের মাউন্টিং নাট টিলা হলে টাইট দিতে হবে।
২. স্টিয়ারিং কলাম - স্টিয়ারিং কলাম সঠিক ভাবে সংযুক্ত কিনা চেক করতে হবে।
৩. স্টিয়ারিং গিয়ার বক্স - নির্দিষ্ট সময় পর পর গিয়ার বক্সের অয়েল পরিবর্তন করতে হবে।
৪. পিটম্যান আর্ম - স্প্লাইন নষ্ট হলে পরিবর্তন করতে হবে।
৫. রিলে রড - বাকা হলে পরিবর্তন করতে হবে।
৬. টাই - বাকা হলে পরিবর্তন করতে হবে।
৭. টাই রড ইন্ড - নির্দিষ্ট সময় পর পর টাই রড ইন্ড এর বল জয়েন্ট পরিবর্তন করতে হবে।

০৩০২.০৮ সাসপেনশন সিস্টেমের সাধারণ সার্ভিসিং:

গাড়ির কাঠামো, গঠন, ইঞ্জিন ও অন্যান্য যন্ত্রপাতির বুলন্ত অবস্থায় রাখাকে সাসপেনশন সিস্টেম বলে।

সাসপেনশন সিস্টেম এর বিভিন্ন অংশের সার্ভিসিং নিম্নরূপ:

১. লিফ স্প্রিং - লিফ স্প্রিং মাউন্টিং বোল্ট, সেন্টার বোল্ড, রিবাউন্ড ক্লিপ নষ্ট হলে এবং লিফ স্প্রিং ভেঙ্গে গেলে পরিবর্তন করতে হবে।
২. কয়েল স্প্রিং - কয়েল স্প্রিং টেনশন কমে গেলে বা ভেঙ্গে গেলে পরিবর্তন করতে হবে।
৩. টরশন স্প্রিং - স্প্রিং টেনশন কমে গেলে বা ভেঙ্গে গেলে পরিবর্তন করতে হবে।
৪. শক অ্যাবজরবার - কাজ না করলে পরিবর্তন করতে হবে।

০৩০২.০৯ ক্রাচ সিস্টেম এর সাধারণ সার্ভিসিং:

ক্রাচ সিস্টেমের এর বিভিন্ন অংশের সার্ভিসিং নিম্নরূপ:

১. ক্রাচ প্যাডেল - ক্রাচ প্যাডেলের ফ্রি প্লে সমন্বয় করতে হবে।
২. ক্রাচ লিংকেজ - জ্যাম হলে WD-40 দিয়ে ফ্রি করতে হবে।
৩. ক্রাচ স্লীভ সিলিন্ডার - প্রয়োজন বোধে স্লীভ সিলিন্ডার কিটস পরিবর্তন করতে হবে।
৪. পুশরড - পুশরড ক্ষয় প্রাপ্ত হলে পরিবর্তন করতে হবে।
৫. ক্রাচ ফর্ক - ভেঙ্গে গেলে পরিবর্তন করতে হবে।
৬. ক্রাচ রিলিজ বিয়ারিং - রিলিজ বিয়ারিং শব্দ করলে পরিবর্তন করতে হবে।
৭. ক্রাচ প্রেশার প্লেট - ক্ষয় হলে মেশিনে টার্নিং করতে হবে।
৮. ক্রাচ প্লেট - ক্ষয় হলে বা জ্বলে গেলে পরিবর্তন করতে হবে।
৯. ক্রাচ অয়েল রিজার্ভার - ক্রাচ অয়েল রিজার্ভার পরিষ্কার ও ক্রাচ অয়েল লেভেল সঠিক রাখতে হবে।

০৩০২.১০ ব্যাটারী সার্ভিসিং:

যানবাহনে বিদ্যুতের প্রধান উৎস হলো ব্যাটারী। ব্যাটারী সার্ভিসিং কার্যক্রম কয়েকটি পর্যায়ে বিভক্ত। যেমন-

১. ব্যাটারী নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন করণ - ব্যাটারীর উপরের ও নিচের ময়লা ধুলাবালি কাপড় দিয়ে মুছে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। এতে ব্যাটারীর টার্মিনালে সালফেশন জমতে পারে না।
২. ব্যাটারী টেস্টিং - নির্দিষ্ট সময় পর ব্যাটারীর সেল টেস্টারের সাহায্যে ব্যাটারীর সেল সমূহ পরীক্ষা করে দেখতে হবে সেলসমূহের কার্যকারিতা সঠিক আছে কিনা।
৩. ব্যাটারী চার্জিং - ডিসচার্জ বা ব্যবহৃত ব্যাটারী পুনঃ কার্যক্ষম করার জন্য ব্যাটারীর রিচার্জের প্রয়োজন।
৪. সঠিক রক্ষণাবেক্ষণ এবং সংরক্ষণ - দীর্ঘ মেয়াদী ত্রুটিমুক্তভাবে নিয়মিত কাজ পাওয়ার জন্য লিড এসিড ব্যাটারী রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণ করা প্রয়োজন। যেমন-
 - (ক) সালফেশন ও ডিসচার্জ অবস্থা পর্যবেক্ষণ করতে হবে।
 - (খ) ইলেক্ট্রোলাইটের মাত্রা সঠিক রাখতে হবে।
 - (গ) এয়ার ভোল্ট প্লাগের ছিদ্র পরিষ্কার রাখতে হবে।
 - (ঘ) ব্যাটারীর উভয় টার্মিনাল পোস্ট পরিষ্কার করে পেড্রোলিয়াম জেলি লাগিয়ে রাখতে হবে।
 - (ঙ) ব্যাটারী ব্যবহার না করলে কার্টের বাক্সে সংরক্ষণ করতে হবে।

০৩০২.১১ ইলেক্ট্রিক্যাল সিস্টেম, সেক্ষ স্টার্টার ও অল্টারনেটরের সাধারণ সার্ভিসিং:

ইলেক্ট্রিক্যাল সিস্টেম:

মোটরযানের বিদ্যুৎ শক্তি উৎপাদন ও সরবরাহের সার্বিক ব্যবস্থাপনাকেই ইলেক্ট্রিক্যাল সিস্টেম বলে। যানবাহনে ব্যবহৃত সকল ইকুইপমেন্ট ও উহাদের সার্কিটসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। কোথাও কোন ত্রুটি দেখা দিলে সাথে সাথে তা মেরামত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সেক্ষ স্টার্টার:

ইহা ইঞ্জিন স্টার্টিং সিস্টেমের একটি অংশ। ফ্লাই হুইলের সাথে সেক্ষ স্টার্টার সংযুক্ত থাকে। সেক্ষ স্টার্টারের মাউন্টিং বোল্ট সঠিক ভাবে লাগানো আছে কিনা এবং ইহার বৈদ্যুতিক সংযোগ সঠিক আছে কিনা তা চেক করতে হবে। মোটরযান চলাকালীন সেক্ষ স্টার্টারে শব্দ হলে সেক্ষ স্টার্টারের ড্রাইভ পিনিয়ন পরিবর্তন করতে হবে।

অল্টারনেটর:

মোটরযানে বিদ্যুৎ শক্তি উৎপাদনকারী ডিভাইসকে অল্টারনেটর বলে। স্বভাবিক অবস্থায় অল্টারনেটর ব্যাটারীকে চার্জ করতে ব্যর্থ হলে বা অন্যান্য ত্রুটি দেখা দিলে অল্টারনেটর টেস্ট করতে হবে। যেমন-

১. ব্যাটারীর কানেকশন লুজ বা ব্যাটারী নষ্ট হলে কানেকশন সঠিক করতে হবে এবং ব্যাটারী পরিবর্তন করতে হবে।
২. অল্টারনেটরের টার্মিনাল ত্রুটিপূর্ণ থাকলে মেরামত করতে হবে।
৩. ফ্যান বেল্ট লুজ বা অধিক টাইট থাকলে ফ্যান বেল্ট টেনশন পরীক্ষা করে সঠিক মাত্রায় রাখতে হবে।
৪. চার্জিং ওয়ানিং ল্যাম্প ত্রুটিপূর্ণ বা নষ্ট হলে ল্যাম্প পরিবর্তন করতে হবে।

০৩০২.১২ সিএনজি কিটস-এর সার্ভিসিং সম্পাদন:

মোটর যানের জ্বালানি পদ্ধতি সিএনজিতে রূপান্তরের পর সিএনজি কিটস-এর বিভিন্ন অংশের সার্ভিসিং সমূহ নিম্নে উল্লেখ করা হলো-

১. সিএনজি সিলিন্ডার - পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। নির্মাতার দেওয়া নির্দেশনা অনুযায়ী সিলিন্ডার টেস্ট করতে হবে।
২. সিলিন্ডার সাট অফ/সার্ভিস ভাল্ব - মাঝে মাঝে পরীক্ষা করতে হবে। কাজ না করলে পরিবর্তন করতে হবে।
৩. প্রথম ধাপসংকোচন ইউনিট - সংযোগ সমূহ সঠিক আছে কিনা পরীক্ষা করে দেখতে হবে। পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
৪. প্রেসার গেজ - প্রেসার গেজের রিডিং সঠিক না দিলে পরিবর্তন করতে হবে।
৫. সলিনয়েড ভাল্ব (পেট্রোল) - ইহার সংযোগ সমূহ কিছুদিন পর পর চেক করতে হবে।
৬. মাইক্রো সুইচ - গোলযোগ পরিলক্ষিত হলে পরিবর্তন করতে হবে।
৭. ফ্লেক্সিবল হোজ এসেম্বলী I - সংযোগ সমূহ চেক করতে হবে। লিকেজ হলে পরিবর্তন করতে হবে।
৮. সলিনয়েড ভাল্ব (সিএনজি) - গোলযোগ পরিলক্ষিত হলে পরিবর্তন করতে হবে।
৯. ফ্লেক্সিবল হোজ এসেম্বলী II - সংযোগ সমূহ চেক করতে হবে। লিকেজ হলে পরিবর্তন করতে হবে।
১০. টু স্টেইজ সিএনজি রেগুলেটর - ডায়ালফর্ম নষ্ট হলে রেগুলেটর পরিবর্তন করতে হবে।
১১. ফ্লো কন্ট্রোল ইউনিট - সংযোগসমূহ চেক করতে হবে। পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
১২. লো প্রেসার হোজ - সংযোগ সমূহ চেক করতে হবে। লিকেজ হলে পরিবর্তন করতে হবে।
১৩. মিস্তার এসেম্বলী - পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
১৪. রিলে - গোলযোগ হলে পরিবর্তন করতে হবে।
১৫. সিলেক্টর সুইচ - কাজ না করলে পরিবর্তন করতে হবে।
১৬. রেগুলেটর (ইলেক্ট্রিক্যাল) - আর্থিং সঠিক আছে কি না চেক করতে হবে। কাজ না করলে পরিবর্তন করতে হবে।

০৩০২.১৩ ড্যাশ বোর্ডের বিভিন্ন ইনস্ট্রুমেন্ট ও নির্দেশক বাতির সার্ভিসিং সম্পাদন:

মোটরযানের ইঞ্জিনসহ যানবাহনের সার্বিক অবস্থা জানার জন্য চালকের সামনে যে বোর্ডে বিভিন্ন পরিমাপক ও নির্দেশক যন্ত্র সন্নিবেশিত থাকে তাকে ড্যাশ বোর্ড বলে। ইহা যানবাহনের অতীব গুরুত্বপূর্ণ একটি ইউনিট। সর্বদা ড্যাশ বোর্ড পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। ড্যাশ বোর্ডের এ্যালুমিনেশন ল্যাম্প নষ্ট হলে পরিবর্তন করতে হবে। নির্দেশক বাল্ব না জ্বললে ওয়্যারিং চেক করতে হবে। প্রয়োজন বোধে বাল্ব পরিবর্তন করতে হবে।

০৩০২.১৪ মোটরযানের পর্যায়ভিত্তিক সার্ভিসিং সম্পাদন:

মোটরযানের ইঞ্জিন এবং বিভিন্ন যন্ত্রাংশের কার্যক্ষমতাকে দীর্ঘস্থায়ী করার জন্য যন্ত্রাংশ পরিষ্কার, সমন্বয়, লিকেজ বন্ধ, অয়েল পরিবর্তন, ছোট খাটো মেরামত প্রভৃতি পর্যায়ক্রমে সার্ভিসিং করতে হয়।

মোটরযান দৈনিক সার্ভিসিং-

১. ইঞ্জিনের ব্যবহৃত লুব অয়েল সঠিক পরিমাণে আছে কিনা ডিপ স্টিকের সাহায্যে চেক করতে হবে।
২. রেডিয়েটরের কুলেন্ট লেভেল সঠিক আছে কিনা চেক করতে হবে।
৩. যানবাহনের প্রতিটি চাকার হাওয়া সঠিক আছে কিনা চেক করতে হবে।
৪. পর্যাপ্ত জ্বালানী আছে কিনা চেক করতে হবে।
৫. হর্ণ, ব্রেক সিস্টেম, স্টিয়ারিং সিস্টেম সঠিকভাবে কাজ করে কিনা চেক করতে হবে।
৬. হেডলাইট, ইন্ডিকেটর লাইট ও অন্যান্য লাইটসমূহ সঠিক আছে কিনা চেক করতে হবে।
৭. ইঞ্জিনের কোন স্থান হইতে ইঞ্জিন অয়েল, ডিজেল/পেট্রোল, লিক করছে কিনা চেক করতে হবে।

মোটরযানের তিন বছরের পর্যায়ক্রমিক সার্ভিসিং-এর ছক নিম্নে দেওয়া হলো:-

	মাস	৩	৬	৯	১২	১৫	১৮	২১	২৪	২৭	৩০	৩৩	৩৬	৩৯	৪২	৪৫
	কিগমিঃ	৪০০০	৮০০০	১২০০০	১৬০০০	২০০০০	২৪০০০	২৮০০০	৩২০০০	৩৬০০০	৪০০০০	৪৪০০০	৪৮০০০	৫২০০০	৫৬০০০	৬০০০০
ক্রম	সার্ভিসিং-এর বিষয়															
১	ইঞ্জিন অয়েল ও অয়েল ফিল্টা পরিবর্তন
২	ব্রেক সিস্টেম চেকআপ এবং প্রয়োজনীয় কাজসমূহ		
৩	অটো ট্রান্সমিশন ফ্লুইড পরিবর্তন										.					
৪	ব্রেক অয়েল/কুলেন্ট/পাওয়ার অয়েল চেকআপ/ পরিবর্তন			
৫	ইলেকট্রিক লাইন চেকআপ ও প্রয়োজনীয় কাজ					.					.					.
৬	স্পার্ক প্লাগ পরিবর্তন			
৭	এয়ার ফিল্টার পরিবর্তন	
৮	ফ্যুয়েল ফিল্টার পরিবর্তন			
৯	সাসপেনশন সিস্টেম চেকআপ															.
১০	ট্রান্সমিশন সিস্টেম চেকআপ															.
১১	টায়ার প্রেশার চেকআপ/ পরিবর্তন	পরিবর্তন
১২	ভি-বেল্ট চেকআপ/ পরিবর্তন			
১৩	ব্যাটারী চেকআপ/ পরিবর্তন			পরিবর্তন	.		.		.
১৪	সকল বৃট/ ডাস্ট কভার চেক/ পরিবর্তন					.					.					.
১৫	কুলিং সিস্টেম চেকআপ ও প্রয়োজনীয় কাজ		

ইউনিট ০৩০৩ মোটরযানের সাধারণ মেরামত ও রক্ষণাবেক্ষণ:-

০৩০৩.০১ ফুয়েল সিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ:

ফুয়েল সিস্টেমের বিভিন্ন যন্ত্রাংশের কার্যক্ষমতাকে দীর্ঘস্থায়ী করার জন্য যন্ত্রাংশ পরিষ্কার, সমন্বয়, লিকেজ বন্ধ প্রভৃতি মেরামত ও রক্ষণাবেক্ষণের প্রয়োজন হয়। নিম্নে ডিজেল/পেট্রোল ইঞ্জিন ফুয়েল সিস্টেমের রক্ষণাবেক্ষণ ছক দেওয়া হলো:

ক্রমিক	প্রতিকার
১. ফুয়েল ট্যাঙ্কে ফুয়েল কম বা নাও থাকতে পারে।	১. ফুয়েল ট্যাঙ্কে ফুয়েল পূর্ণ করতে হবে।
২. ফুয়েল লাইনের সংযোগ টিলা থাকতে পারে।	২. ফুয়েল লাইনের সংযোগ টাইট দিতে হবে।
৩. ফুয়েল ফিল্টার ময়লায় জ্যাম হতে পারে।	৩. ফুয়েল ফিল্টার পরিবর্তন করতে হবে।
৪. লো-প্রেসার ফুয়েল লাইনে এয়ার লক হতে পারে।	৪. ফুয়েল লাইনের এয়ার ব্লিডিং করে বের করতে হবে।
৫. হাই-প্রেসার ফুয়েল পাম্প হতে ফুয়েল সরবরাহ নাও হতে পারে। (ডিজেল ইঞ্জিন)	৫. হাই প্রেসার ফুয়েল পাম্প মেরামত বা পরিবর্তন করতে হবে।
৬. ইনজেক্টর হতে ডিজেল কম স্প্রে হতে পারে। (ডিজেল ইঞ্জিন)	৬. ইনজেক্টর পরিবর্তন করতে হবে।
৭. কার্বুরেটরের সংযোগ ডিলা থাকতে পারে। (পেট্রোল ইঞ্জিন)	৭. কার্বুরেটরের সংযোগ টাইট দিতে হবে।
৮. কার্বুরেটরের জেট সমূহ ময়লায় বন্ধ থাকতে পারে। (পেট্রোল ইঞ্জিন)	৮. কার্বুরেটরের জেট সমূহ পরিষ্কার করতে হবে।
৯. আইডেলিং সমন্বয় ঠিক না থাকতে পারে।	৯. আইডেলিং সমন্বয় ঠিক করতে হবে।
১০. এয়ার ক্লিনার ময়লায় বন্ধ থাকতে পারে।	১০. এয়ার ক্লিনার পরিষ্কার বা পরিবর্তন করতে হবে।
১১. অ্যাকসেলারেটর জেট ময়লায় বন্ধ বা বাকট ক্ষয়যুক্ত হতে পারে।	১১. অ্যাকসেলারেটর জেট পরিষ্কার করতে হবে এবং বাকট পরিবর্তন করতে হবে।

০৩০৩.০২ লুব্রিকেশন সিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ:

ইঞ্জিন লুব্রিকেশন সিস্টেম সার্ভিসিং:

লুব্রিকেশন সিস্টেমের বিভিন্ন যন্ত্রাংশের কার্যক্ষমতাকে দীর্ঘস্থায়ী করার জন্য যন্ত্রাংশ পরিষ্কার, লিকেজ বন্ধ প্রভৃতি মেরামত ও রক্ষণাবেক্ষণের প্রয়োজন হয়। লুব্রিকেশন সিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ নিম্নে উল্লেখ করা হলো:

১. অয়েল প্যান - অয়েল প্যান সীল ও ড্রেন প্লাগ লিক করলে পরিবর্তন করতে হবে।
২. স্ট্রেইনার - নির্দিষ্ট সময় পর পর পরিষ্কার করতে হবে।
৩. লুব অয়েল পাম্প - লুব অয়েল পাম্পের প্রেসার কমে গেলে পরিবর্তন করতে হবে।
৪. লুব অয়েল ফিল্টার - অয়েল ফিল্টার নির্মাতার নির্দেশনা মোতাবেক পরিবর্তন করতে হবে।
৫. লুব অয়েল লাইন - লুব অয়েল লাইন লিক করলে বেঞ্জু বোল্টগুলো টাইট দিতে হবে।
৬. লুব অয়েল প্রেশার গেজ - সঠিক কাজ না করলে লুব অয়েল প্রেশার গেজ পরিবর্তন করতে হবে।
৭. ডিপ স্টিক - বাকা হয়ে গেলে বা ভেঙ্গে গেলে পরিবর্তন করতে হবে।
৮. লুব অয়েল (উপকরণ) - নির্মাতার নির্দেশনা মোতাবেক নির্দিষ্ট মাইলেজ বা ঘন্টা পর পর লুব অয়েল পরিবর্তন করতে হবে এবং রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে।

০৩০৩.০৩ পাওয়ার ট্রান্সমিশন সিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ:

পাওয়ার ট্রান্সমিশন সিস্টেমের বিভিন্ন যন্ত্রাংশের কার্যক্ষমতাকে দীর্ঘস্থায়ী করার জন্য যন্ত্রাংশ পরিষ্কার, লিকেজ বন্ধ প্রভৃতি মেরামত ও রক্ষণাবেক্ষণের প্রয়োজন হয়। পাওয়ার ট্রান্সমিশন সিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ নিম্নে উল্লেখ করা হলো:

১. ক্লাই হুইল - ক্লাই হুইল মাউন্টিং বোল্ট/চাবি লুজ হলে টাইট দিতে হবে এবং ক্লাই হুইলের রিং গিয়ার ক্ষতিগ্রস্ত হলে পরিবর্তন করতে হবে।
২. ক্লাচ - ক্লাচ সিস্টেমের বিভিন্ন অংশ পর্যায়ক্রমে পরীক্ষা করে দেখতে হবে। কোন ক্রটি পরিলক্ষিত হলে মেরামত করতে হবে, যেমন- ক্লাচ সিলিন্ডার কিটস, ক্লাচ প্লেট, ক্লাচ রিলিজ বিয়ারিং, ক্লাচ প্রেসার প্লেট ইত্যাদি ক্রটি পরিলক্ষিত হতে পরিবর্তন করতে হবে।
৩. ট্রান্সমিশন গিয়ারবক্স - ট্রান্সমিশন গিয়ারবক্সের অয়েল নির্মাতার নির্দেশনা মোতাবেক পরিবর্তন করতে হবে।
৪. প্রোপেলার শ্যাফট - দুর্ঘটনা জনিত কারণে প্রোপেলার শ্যাফট ক্ষতিগ্রস্ত হলে পরিবর্তন করতে হবে।
৫. ইউনিভার্সেল জয়েন্ট - ইউনিভার্সেল জয়েন্টের গ্রিজিং নিপলে গাড়ি সার্ভিসিং এর পর গ্রিজিং করতে হবে এবং শব্দ হলে ইউনিভার্সেল জয়েন্ট পরিবর্তন করতে হবে।
৬. ডিফারেন্সিয়াল গিয়ারবক্স - ডিফারেন্সিয়াল গিয়ারবক্সের অয়েল নির্মাতার দেওয়া নির্দেশনা মোতাবেক পরিবর্তন করতে হবে।
৭. রিয়ার এক্সেল - এক্সেলসমূহে স্প্লাইন ক্ষতিগ্রস্ত হলে এক্সেল পরিবর্তন করতে হবে।
৮. হুইল বা চাকা - নির্মাতার দেওয়া নির্দেশনা মোতাবেক বা চাকার অবস্থা অনুযায়ী পরিবর্তন করতে হবে।

০৩০৩.০৪ ক্লাচ ও ব্রেক সিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ:

ক্লাচ সিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ:

গাড়ি যখন চলে তখন ক্লাচ শব্দ করলে নিম্নের ছক অনুযায়ী মেরামত ও রক্ষণাবেক্ষণ করতে হবে-

১. ক্লাচ ফেসিং তেলশা হলে বা তৈলাক্ত পদার্থ লাগলে-	১. পেট্রোল দ্বারা পরিষ্কার করতে হবে।
২. ক্লাচ লাইনিং ক্ষয় প্রাপ্ত হলে -	২. ক্লাচ লাইনিং পরিবর্তন করতে হবে।
৩. ক্লাচ লাইনিং শক্ত বা বিবর্ণ হলে-	৩. লাইনিং পরিবর্তন করতে হবে।
৪. ক্লাচ প্লেটে ফ্রি-প্লে কমে গেলে-	৪. প্রি-প্লে সঠিক করতে হবে।
৫. ক্লাচ লাইনিং যথাযথ ভাবে না লাগলে-	৫. ক্লাচ লাইনিং যথাযথ ভাবে লাগাতে হবে।
৬. প্রেশার প্লেট এবং ফ্লাই হুইল ক্ষয় প্রাপ্ত হলে-	৬. প্রেশার প্লেট এবং ফ্লাই হুইল লেদে টার্নিং করতে হবে।
৭. রিলিজ বিয়ারিং ক্ষয় প্রাপ্ত হলে-	৭. রিলিজ বিয়ারিং পরিবর্তন করতে হবে।
৮. রিলিজ লিভারের সংযোগ ঠিক না হলে-	৮. সংযোগ ঠিক করতে হবে।
৯. রিলিজ ফর্ক মাউন্টিং ঢিলা থাকলে-	৯. রিলিজ ফর্ক টাইট দিতে হবে।

ক্লাচ লাইনিং তারাতারি ক্ষয়প্রাপ্ত হলে নিম্নের ছক অনুযায়ী মেরামত ও রক্ষণাবেক্ষণ করতে হবে-

১. প্যাডেল প্লে কম থাকলে-	১. প্যাডেল প্লে যথাযথ ভাবে বাড়াতে হবে।
২. প্রেশার স্প্রিং দুর্বল হলে-	২. প্রেশার স্প্রিং পরিবর্তন করতে হবে।
৩. উচআচ গতিতে প্যাডেল আস্তে আস্তে ছাড়লে-	৩. উচ্চ গতিতে প্যাডেল তারাতারি ছাড়তে হবে।
৪. লাইনিং ঠিকমত না থাকলে-	৪. লাইনিং ঠিকমত লাগাতে হবে।

ব্রেক সিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ:

১. ব্রেক প্যাডেল - প্যাডেল প্লে বেশি হলে এ্যাডজাস্ট করতে হবে।
২. লিংকেজ - ব্রেক লিংকেজ জ্যাম হলে স্প্রে-WD-40 দ্বারা ফ্রি করতে হবে।
৩. পুশ রড - ক্ষয় বা বাঁকা হলে পরিবর্তন করতে হবে।
৪. ডাস্ট কভার - লুজ বা ছিড়ে গেলে পরিবর্তন করতে হবে।
৫. সার্ভো এসিসটেড ইউনিট - ডায়াক্সম ছিড়ে গেলে বা সঠিকভাবে কাজ না করলে পরিবর্তন করতে হবে।
৬. মাস্টার সিলিভার - সঠিক ভাবে কাজ না করলে মাস্টার সিলিভার কিটস পরিবর্তন করতে হবে।
৭. ব্রেক লাইন - ব্রেক লাইনে হাওয়া ঢুকলে এয়ার ব্লিডিং পদ্ধতিতে হাওয়া বের করতে হবে।
৮. হুইল সিলিভার - হুইল সিলিভার কিটস ক্ষয় হলে পরিবর্তন করতে হবে অথবা হুইল সিলিভার পরিবর্তন করতে হবে।
৯. ব্রেক স্যু - ব্রেক স্যু ক্ষয় প্রাপ্ত হলে পরিবর্তন করতে হবে।
১০. ব্রেক ড্রাম - ব্রেক ড্রাম ক্ষয় প্রাপ্ত হলে লেদ মেশিনে টার্নিং করতে হবে।
১১. ব্রেক অয়েল রিজার্ভার - ব্রেক অয়েল রিজার্ভার পরিষ্কার করতে হবে এবং লিক হলে পরিবর্তন করতে হবে।
১২. ব্রেক অয়েল (উপকরণ) - ময়লা মিশ্রিত হলে পরিবর্তন করতে হবে।

০৩০৩.০৫ সিএনজি কনভারশন সিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ:

মোটর যানের জ্বালানি পদ্ধতি সিএনজিতে রূপান্তরের পর সিএনজি কনভারশন সিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ নিম্নে উল্লেখ করা হলো-

১. সিএনজি সিলিভার - পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। নির্মাতার দেওয়া নির্দেশনা অনুযায়ী সিলিভার টেস্ট করতে হবে।
২. সিলিভার সাট অফ/সার্ভিস ভাল্ব - মাঝে মাঝে পরীক্ষা করতে হবে। কাজ না করলে পরিবর্তন করতে হবে।
৩. প্রথম ধাপ সংকোচন ইউনিট - সংযোগ সমূহ সঠিক আছে কিনা পরীক্ষা করে দেখতে হবে। পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
৪. প্রেশার গেজ - প্রেশার গেজের রিডিং সঠিক না দিলে পরিবর্তন করতে হবে।
৫. সলিনয়েড ভাল্ব (পেট্রোল) - ইহার সংযোগ সমূহ কিছুদিন পর পর চেক করতে হবে।
৬. মাইক্রো সুইচ - গোলযোগ পরিলক্ষিত হলে পরিবর্তন করতে হবে।
৭. ফ্লেক্সিবল হোজ এসেম্বলী I - সংযোগ সমূহ চেক করতে হবে। লিকেজ হলে পরিবর্তন করতে হবে।
৮. সলিনয়েড ভাল্ব (সিএনজি) - গোলযোগ পরিলক্ষিত হলে পরিবর্তন করতে হবে।
৯. ফ্লেক্সিবল হোজ এসেম্বলী II - সংযোগ সমূহ চেক করতে হবে। লিকেজ হলে পরিবর্তন করতে হবে।
১০. টু স্টেইজ সিএনজি রেগুলেটর - ডায়াক্সম নষ্ট হলে রেগুলেটর পরিবর্তন করতে হবে।
১১. ফ্লো কন্ট্রোল ইউনিট - সংযোগসমূহ চেক করতে হবে। পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
১২. লো প্রেশার হোজ - সংযোগ সমূহ চেক করতে হবে। লিকেজ হলে পরিবর্তন করতে হবে।
১৩. মিক্সার এসেম্বলী - পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
১৪. রিলে - গোলযোগ হলে পরিবর্তন করতে হবে।
১৫. সিলেক্টর সুইচ - কাজ না করলে পরিবর্তন করতে হবে।
১৬. রেগুলেটর (ইলেক্ট্রিক্যাল) - আর্থিং সঠিক আছে কি না চেক করতে হবে। কাজ না করলে পরিবর্তন করতে হবে।

০৩০৩.০৬ অটো ইলেকট্রিকেশন সিস্টেমের মেরামত ও রক্ষণাবেক্ষণ:

মোটরযানের ইলেকট্রিসিটির সার্বিক ব্যবস্থাপনাই অটো ইলেকট্রিকেশন। বিভিন্ন বৈদ্যুতিক ইকুইপমেন্ট ও উহাদের সার্কিটের মেরামত ও রক্ষণাবেক্ষণের গুরুত্ব অপরিসীম। নিম্নে অটো ইলেকট্রিক্যাল সিস্টেমসমূহের মেরামত ও রক্ষণাবেক্ষণ নিম্নে উল্লেখ করা হলো:

১. ইঞ্জিন স্টার্টিং সিস্টেম - ইঞ্জিন চালু করার পূর্বে ব্যাটারী চেক করতে হবে। ইলেকট্রোলাইটের লেভেল সঠিক পরিমাণে রাখতে হবে। সেক্ষেপ্টারের মাউন্টিং বোল্ট সঠিক ভাবে লাগানো আছে কিনা এবং ইহার বৈদ্যুতিক সংযোগ সঠিক আছে কিনা তা চেক করতে হবে। মোটরযান চলাকালীন সেক্ষেপ্টারের শব্দ হলে সেক্ষেপ্টারের ড্রাইভ পিনিয়ন পরিবর্তন করতে হবে।
২. ফুয়েল সিস্টেম - ইলেকট্রিক ফুয়েল পাম্পের আর্থিং যথাযথ আছে কি না তা চেক করতে হবে।
৩. ইগনিশন সিস্টেম - ব্যাটারীতে যথাযথ চার্জ আছে কিনা নিশ্চিত হতে হবে। ইগনিশন সুইচ, ইগনিশন কয়েল, ডিস্ট্রিবিউটর, হাইটেনশন লিড এবং স্পার্ক প্লাগ চেক করতে হবে। প্রয়োজনে পরিবর্তন করতে হবে।
৪. লাইটিং সিস্টেম - ইলেকট্রিক্যাল সার্কিট ইহার সাথে সংযুক্ত ইকুইপমেন্ট সমূহ চেক করতে হবে। কোন গোলযোগ দেখা দিলে মেরামত বা পরিবর্তন করতে হবে।
৫. হর্ন সিস্টেম - হর্ন সার্কিট, হর্ন রিলে এবং হর্ন সঠিক ভাবে কাজ করে কি না চেক করতে হবে। প্রয়োজনে পরিবর্তন করতে হবে।
৬. উইপার মটর - উইন্ডশিল্ড উইপারের ব্লেড ক্ষয়প্রাপ্ত হলে বা ভেঙ্গে গেলে পরিবর্তন করতে হবে।
৭. ড্যাশ বোর্ড ইনস্ট্রুমেন্ট - ড্যাশ বোর্ড ও ইহার সহিত সন্নিবেশিত ইকুইপমেন্টসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। প্রয়োজন বোধে সুইচ, মিটার, গেজ, বাব্ব প্রভৃতি পরিবর্তন করতে হবে।
৮. মাল্টিমিডিয়া সিস্টেম - সর্বদা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। সিস্টেমে কোন গোলযোগ দেখা দিলে প্রয়োজনীয় মেরামত বা পরিবর্তন করতে হবে।
৯. অটো ডোর সিস্টেম - পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। সিস্টেমে কোন গোলযোগ দেখা দিলে প্রয়োজনীয় মেরামত বা পরিবর্তন করতে হবে।
১০. চার্জিং সিস্টেম - মোটরযানে অলটারনেটর বিদ্যুৎ শক্তি উৎপাদন করে ব্যাটারীকে চার্জ করে। স্বভাবিক অবস্থায় অলটারনেটর ব্যাটারীকে চার্জ করতে ব্যর্থ হলে বা ত্রুটি দেখা দিলে অলটারনেটর টেস্ট করতে হবে। ব্যাটারীর কানেকশন লুজ হলে টাইট দিতে হবে এবং ব্যাটারী নষ্ট হলে ব্যাটারী পরিবর্তন করতে হবে। অলটারনেটরের টার্মিনাল ত্রুটিপূর্ণ থাকলে মেরামত করতে হবে। ফ্যান বেল্ট লুজ বা অধিক টাইট থাকলে ফ্যান বেল্ট টেনশন পরীক্ষা করে সঠিক মাত্রায় রাখতে হবে। চার্জিং ওয়ানিং ল্যাম্প ত্রুটিপূর্ণ বা নষ্ট হলে ল্যাম্প পরিবর্তন করতে হবে।
১১. ইলেকট্রিক মিরর সিস্টেম - ইলেকট্রিক মিররের সার্কিট চেক করতে হবে। প্রয়োজনে মেরামত করতে হবে।

০৩০৩.০৭ সেক্ষেপ্টার/ক্র্যাংকিং মটরের মেরামত ও রক্ষণাবেক্ষণ:

প্রাথমিক অবস্থায় ইঞ্জিনকে ঘূড়িয়ে চালু করাই সেক্ষেপ্টারের কাজ। ইহা ইঞ্জিন স্টার্টিং সিস্টেমের একটি অংশ। ফ্লাই হুইলের সাথে সেক্ষেপ্টার সংযুক্ত থাকে। সেক্ষেপ্টার মেরামত ও রক্ষণাবেক্ষণ নিম্নে উল্লেখ করা হলো:

১. সেক্ষেপ্টারের মাউন্টিং বোল্ট সঠিক ভাবে লাগানো আছে কিনা
২. বৈদ্যুতিক সংযোগ সঠিক আছে কিনা তা চেক করতে হবে
৩. মোটরযান চলাকালীন সেক্ষেপ্টারের শব্দ হলে সেক্ষেপ্টারের ড্রাইভ পিনিয়ন পরিবর্তন করতে হবে।
৪. কার্বন ব্রাশ ক্ষয় প্রাপ্ত হলে পরিবর্তন করতে হবে।
৫. সলিনয়েড সুইচ শর্ট হলে, ওপেন সার্কিট হলে এবং ফর্ক ভেঙ্গে গেলে পরিবর্তন করতে হবে।
৬. সেলফ স্টার্টারের বিয়ারিং এ শব্দ হলে বিয়ারিং পরিবর্তন করতে হবে।

০৩০৩.০৮ গিয়ার অয়েল ও ডিফারেন্সিয়াল অয়েল পরিবর্তন:

চলমান যানবাহনে সাধারণত ৩ বার ইঞ্জিন অয়েল পরিবর্তনের পর গিয়ার অয়েল পরিবর্তন করতে হয়। তবে যানবাহন নির্মাতাদের নির্দেশনা রয়েছে প্রতি ৪০,০০০ কিঃমিঃ পর পর গিয়ার অয়েল পরিবর্তন করতে হবে।

০৩০৩.০৯ টায়ার, টায়ার প্রেশার ও টায়ার রোটেশন:

টায়ার:

গাড়ির হুইল রিমের সাথে টায়ার সংযুক্ত থাকে। টায়ার গাড়ির ভার বহন ও চলতে সহায়তা করে। টায়ার সাধারণত দুই প্রকারের। যথা-

১. টিউব যুক্ত টায়ার
২. টিউব বিহীন টায়ার

উভয় প্রকারের টায়ার ৩০ মাস বা ৪০,০০০ কিঃমিঃ পর পর পরিবর্তনের নির্দেশনা রয়েছে তবে রাস্তার অবস্থা ও টায়ার পর্যবেক্ষণ করে পরিবর্তনের সময়কাল কম বা বেশি হতে পারে।

টায়ার প্রেশার:

সঠিক মাত্রার টায়ার প্রেশার টায়ারের জন্য একটি গুরুত্বপূর্ণ বিষয়। প্রেশার কম বা বেশি হলে টায়ার দ্রুত ক্ষয় প্রাপ্ত হবে। গাড়ির ধরণ ও লোড বহন ক্ষমতার উপর নির্ভর করে টায়ার প্রেশার কম বা বেশি হতে পারে। নিম্নের ছকে বিভিন্ন ধরণের গাড়ির টায়ার প্রেশার উল্লেখ করা হলো:


ক্রম	গাড়ির ধরণ	সামনের চাকার টায়ার প্রেশার	পিছনের চাকার টায়ার প্রেশার
১	হালকা যানবাহন	৩০ psi	৩৫ psi
২	মাঝারি যানবাহন	৪০ psi	৪৫ psi
৩	ভারী যানবাহন	৮০ psi	৯০ psi

টায়ার রোটেশন:

গাড়ির টায়ারের ক্ষয় সকল চাকাতে সমান ভাবে হয় না। এই অসম ক্ষয়ের সমতা রক্ষা করার জন্য গাড়ি নির্মাতাদের নির্দেশনা অনুযায়ী একটা নির্দিষ্ট সময়ের ব্যবধানে সঠিক নিয়মে টায়ারগুলোকে সামনে, পিছনে বা ডানে, বামে ঘুড়িয়ে সংযোজন করা হয়। টায়ারের এই ঘূর্ণায়নশীল সংযোজনের পদ্ধতিকে টায়ার রোটেশন বলে।

সাধারণত গাড়ি ১২০০০ কিঃমিঃ (৭৫০০ মাইল) চলার পর টায়ার রোটেশনের প্রয়োজন হয়। পরবর্তীতে ২৪০০০ কিঃমিঃ (১৫০০০ কিঃমিঃ) চলার পর টায়ার রোটেশনের প্রয়োজন হয়।

টায়ার রোটেশন পদ্ধতি:



০৩০৩.১০ উপযুক্ত পরিমাপ ও সীমা অনুসারে মোটরযানের বিভিন্ন ফিউজ ও রিলে পরিবর্তন:

ফিউজ পরিবর্তন:

ফিউজ একটি বিদ্যুৎ পরিবাহী উপাদান, যার ভিতর দিয়ে অতিরিক্ত কারেন্ট প্রবাহিত হলে, নিজে পুড়ে সার্কিট এবং বৈদ্যুতিক ইকুইপমেন্ট রক্ষা করে থাকে। যানবাহনে ফিউজ সংরক্ষণের জন্য ফিউজ বক্স ব্যবহৃত হয়। ফিউজ বক্সের উপরে ভিন্ন ভিন্ন সার্কিটের ফিউজের মান লিপিবদ্ধ থাকে। যানবাহনের ভিন্ন ভিন্ন সার্কিটের জন্য সাধারণত ১০ থেকে ৪০ অ্যাম্পের মানের ফিউজ ব্যবহৃত হয়। ফিউজ জ্বলে গেলে নির্দিষ্ট মানের ফিউজ ব্যবহার করতে হবে।

রিলে পরিবর্তন:

রিলে এক ধরনের ইলেকট্রোম্যাগনেটিক সুইচ। যা প্রয়োজনে বৈদ্যুতিক সার্কিট সংযোগ/বিচ্ছিন্ন করে থাকে। তাই একে রক্ষণ ডিভাইস বলা হয়। বৈদ্যুতিক সার্কিট বা লাইনে কোন ত্রুটি দেখা দিলে রিলে নিজে সরাসরি/ সার্কিট ব্রেকারের মাধ্যমে সার্কিট রক্ষা করে থাকে। মোটরযানের বিভিন্ন সার্কিটে নিম্ন বর্ণিত সার্কিটগুলো ব্যবহৃত হয়।

১. স্টার্টার রিলে
২. লোড রিলে
৩. কাট আউট রিলে
৪. ফিল্ড রিলে
৫. হর্ন রিলে
৬. হেড লাইট রিলে প্রভৃতি।

রিলের সাহায্যে প্রয়োজন অনুসারে পাওয়ার সরবরাহ করা যায় এবং রিলের সাহায্যে খুব সহজেই বৈদ্যুতিক সিস্টেমের কোন ত্রুটি হয়েছে কিনা সেটা নির্ধারণ করা যায়। কোন সার্কিট বা সিস্টেমে গোলযোগ দেখা দিলে বা রিলে কাজ না করলে, পূর্বে ব্যবহৃত রিলের মান অনুযায়ী রিলে পরিবর্তন করতে হবে।

মোটরযানের সাধারণ রক্ষণাবেক্ষনে ব্যবহৃত বিভিন্ন টুলস এর ব্যবহার

যখন একটি গাড়ী অটোমোবাইল ফ্যাক্টরী /এসেম্বলী সপ ত্যাগ করে, তখন গাড়ীটি চলার জন্য সম্পূর্ণ যোগ্য থাকে। কিন্তু গাড়ীটি কিছুদিন চলার পর গাড়ীতে ছোট খাটো সমস্যা অথবা প্রতিস্থাপনের প্রয়োজন হয়। উক্ত সুবিধা প্রদানের জন্য টুলসের একটি সেট প্রতিটি গাড়ীতে রাখা হয়। যা কিনা গাড়ীতে যন্ত্রাদির অংশ হিসাবে থাকে।

টুলস এর নাম ও ব্যবহারঃ প্রতিটি গাড়ীর টুলসের নামগুলিই তাদের ব্যবহার সম্পর্কে ধারণা দেয়। একটি গাড়ীতে সাধারণত নিম্নলিখিত টুলসগুলি থাকে।

- ❖ **এয়ার লাইন ও ফুট পাম্প:** যান্ত্রিক বা শারীরিক শক্তির ব্যবহারের মাধ্যমে হাওয়া টিউবের মধ্যে ঢুকানোর একটি যন্ত্র। লক্ষ্য রাখতে হবে যেন, এয়ার লাইনে গ্রীজ বা তেলের সংস্পর্শ না আসে।
- ❖ **ব্রাশ (ইঞ্জিন ক্লিনিং):** বাহির থেকে ইঞ্জিনের বিভিন্ন যন্ত্রাংশ পরিষ্কার করার টুলস।
- ❖ **ফাইলস:** হাতের দ্বারা কোন ধাতুকে কাটার জন্য ব্যবহৃত যন্ত্র। এগুলো বিভিন্ন আকার বা ধরণের হয়। অন্যান্য টুলস, অয়েল এবং গ্রীজ থেকে এগুলো পৃথক রাখা উচিত।
- ❖ **ফানেল:** তরল পদার্থের ফিল্টার করা অথবা ঢালার জন্য কৌনিকেল আকৃতির বস্তু বিশেষ।
- ❖ **গ্রীজ গান:** লুব্রিকেশনের জন্য নিপ্লেন মধ্যে গ্রীজকে সজোরে প্রবেশ করানোর যন্ত্র বিশেষ ব্যবহারের পূর্বে নিপ্লন এবং গ্রীজগানের মুখ ভালভাবে পরিষ্কার করা উচিত।
- ❖ **পরিদর্শন বাতি:** একটি বৈদ্যুতিক বাতি এবং এই বাতিকে রক্ষা করার জন্য একটি খাচা আছে। অন্ধকারে বিভিন্ন অংশকে দেখার জন্য ব্যবহৃত হয়। গাড়ীর ব্যাটারীর এবং বাতির ভোল্টেজ এক হওয়া উচিত। তারকে গ্রীজ এবং বাত্বকে তৈল থেকে রক্ষা করা উচিত।
- ❖ **হ্যান্ডেল সহ জ্যাক এবং ব্লক:** একটি যন্ত্র বিশেষ যা দ্বারা ভারী জিনিস অপেক্ষাকৃত কম শক্তি ব্যবহারে উপরে তোলা যায়। গাড়ীর চাকা কে ভূমি থেকে উপরে উঠানোর জন্য এটা ব্যবহৃত হয়।
- ❖ **অয়েল ক্যান:লম্বা ফাকা চোংগাকৃতির বস্তু।** অল্প পরিমাণ লুব্রিকেট দিয়ে কোন যন্ত্রাংশ লুব্রিকেট করার জন্য এটি ব্যবহৃত হয়।
- ❖ **অয়েল গানঃ** লুব্রিকেটিং তেল যাতে চুইয়ে না পড়ে সে জন্য সজোরে তেল কে এর মাধ্যমে প্রবেশ করানো হয়।
- ❖ **পিক এক্স হাতল সহঃ** মেঠোপথ (ক্রসকান্ট্রিতে) চালনার সময় ভূমি সমতল এবং খনন করার জন্য ব্যবহৃত হয়।
- ❖ **পাঞ্চরাইড:** একটি হাতিয়ার যা ধাতব সীটের উপরে ছিদ্র করার কাজে ব্যবহৃত হয়। যে প্রান্ত ছিদ্র করার কাজে ব্যবহৃত হয় তা বেশ শক্ত।
- ❖ **জু ড্রাইভার:** চিজেলের মতো চেপটা কিনারা যুক্ত একটি বার এর দ্বারা বস্তুকে লাগানো বা খোলা যায়।
- ❖ **স্পেনার:** একটি যন্ত্র যা একটি নাটকে পরিচালনা করার জন্য মজবুতভাবে ধরার কাজে ব্যবহৃত হয়। বিভিন্ন ধরনের স্পেনার কাজের ধরন অনুযায়ী ব্যবহৃত হয়।
- ❖ **টুলস বক্স/ব্যাগ:** সাধারণত ষ্টিলের তৈরী বক্স যাতে বিভিন্ন টুলস, বাত্ব, ফিউস, তার এবং অন্যান্য প্রয়োজনীয় জিনিস রাখা হয়। টুলস ব্যাগ সাধারণত মোট কাপড়ের হয়।
- ❖ **অটো চেইন:** নষ্ট গাড়ীকে উদ্ধার করার জন্য ব্যবহৃত হয়।
- ❖ **টায়ার লিভার:** ইহা লোহার তৈরী বার যা বিশেষ ভাবে বাঁকানো এবং টায়ার খোলা এবং জোড়া লাগানোর কাজে ব্যবহৃত হয়।
- ❖ **টায়ার প্রেসার গেজ:** টায়ারের বাতাসের চাপ মাপার যন্ত্র।
- ❖ **ভাল্ব রিমোভিং টুল:** ইহা টিউবের নজেল থেকে ভাল্ব সরানোর জন্য ব্যবহৃত করা হয়।
- ❖ **হিট পেচসহ ভলকানাইজার শেলার:** টিউবের জরুরী মেরামতের কাজে ব্যবহৃত হয়।
- ❖ **হুইল স্পেনার সাথে টমিবার:** এটি একটি বিশেষ বক্স স্পেনার যা হুইলের নাট খোলা/লাগানোর জন্য ব্যবহার করা হয়।

ড্রাইভিং লাইসেন্স পরীক্ষার জন্য প্রশ্নোত্তর

০১. প্রশ্ন: মোটরযান কাকে বলে ?

উত্তর: মোটরযান আইনে মোটরযান অর্থ কোনো যন্ত্রচালিত যান, যার চালিকাশক্তি বাইরের বা ভিতরের কোনো উৎস হতে সরবরাহ হয়ে থাকে।

০২. প্রশ্ন: গাড়ি চালনার আগে করণীয় কাজ কী কী ?

উত্তর: ক. গাড়ির হালনাগাদ বৈধ কাগজপত্র (রেজিস্ট্রেশন সার্টিফিকেট, ফিটনেস সার্টিফিকেট, ট্যাক্সটোকেন, ড্রাইভিং লাইসেন্স, ইনসিওরেন্স (বিমা) সার্টিফিকেট, রুট পারমিট ইত্যাদি) গাড়ির সঙ্গে রাখা।

খ. গাড়িতে জ্বালানি আছে কি না পরীক্ষা করা, না থাকলে পরিমাণ মতো নেওয়া।

গ. রেডিয়েটর ও ব্যাটারিতে পানি আছে কি না পরীক্ষা করা, না থাকলে পরিমাণ মতো নেওয়া।

ঘ. ব্যাটারি কানেকশন পরীক্ষা করা।

ঙ. লুব/ইঞ্জিন অয়েলের লেবেল ও ঘনত্ব পরীক্ষা করা, কম থাকলে পরিমাণ মতো নেওয়া।

চ. মাস্টার সিলিভারের ব্রেকফ্লুইড, ব্রেকঅয়েল পরীক্ষা করা, কম থাকলে নেওয়া।

ছ. গাড়ির ইঞ্জিন, লাইটিং সিস্টেম, ব্যাটারি, স্টিয়ারিং ইত্যাদি সঠিকভাবে কাজ করছে কি না, নাট-বোল্ট টাইট আছে কি না অর্থাৎ সার্বিকভাবে মোটরযানটি ত্রুটিমুক্ত আছে কি না পরীক্ষা করা।

জ. ব্রেক ও ক্লাচের কার্যকারিতা পরীক্ষা করা।

ঝ. অগ্নিনির্বাপক যন্ত্র এবং ফাস্টএইড বক্স গাড়িতে রাখা।

ঞ. গাড়ির বাইরের এবং ভিতরের বাতির অবস্থা, চাকা (টায়ার কন্ডিশন/হাওয়া/নাট/এলাইমেন্ট/রোটেশন/স্পায়ার চাকা) পরীক্ষা করা।

০৩. প্রশ্ন: মোটরযানের মেইনটেনেন্স বা রক্ষণাবেক্ষণ বলতে কী বুঝায় ?

উত্তর: ত্রুটিমুক্ত অবস্থায় একটি গাড়ি হতে দীর্ঘদিন সার্ভিস পাওয়ার জন্য প্রতিদিন গাড়িতে যে সমস্ত মেরামত কাজ করা হয়, তাকে মোটরযানের মেইনটেনেন্স বলে।

০৪. প্রশ্ন : একটি মোটরযানে প্রতিদিন কী কী মেইনটেনেন্স করতে হয় ?

উত্তর: ২ নং প্রশ্নের উত্তরের খ থেকে ঞ পর্যন্ত।

০৫. প্রশ্ন: সার্ভিসিং বলতে কী বুঝায় ?

উত্তর: মোটরযানের ইঞ্জিন ও বিভিন্ন যন্ত্রাংশের কার্যক্ষমতাকে দীর্ঘস্থায়ী করার জন্য নির্দিষ্ট সময় পরপর যে কাজগুলো করা হয়, তাকে সার্ভিসিং বলে।

০৬. প্রশ্ন: গাড়ি সার্ভিসিংয়ে কী কী কাজ করা হয় ?

উত্তর: ক. ইঞ্জিনের পুরাতন লুবঅয়েল (মবিল) ফেলে দিয়ে নতুন লুবঅয়েল দেওয়া। নতুন লুবঅয়েল দেওয়ার আগে ফ্লাশিং অয়েল দ্বারা ফ্লাশ করা।

খ. ইঞ্জিন ও রেডিয়েটরের পানি ড্রেন আউট করে ডিটারজেন্ট ও ফ্লাশিংগান দিয়ে পরিষ্কার করা, অতঃপর পরিষ্কার পানি দিয়ে পূর্ণ করা।

গ. ভারী মোটরযানের ক্ষেত্রে বিভিন্ন গ্রিজিং পয়েন্টে গ্রিজগান দিয়ে নতুন গ্রিজ দেওয়া।

ঘ. গাড়ির স্পায়ার হুইলসহ প্রতিটি চাকাতে পরিমাণমতো হাওয়া দেওয়া।

ঙ. লুবঅয়েল (মবিল) ফিল্টার, ফুয়েল ফিল্টার ও এয়ারক্লিনার পরিবর্তন করা।

০৭. প্রশ্ন : গাড়ি চালনাকালে কী কী কাগজপত্র গাড়ির সঙ্গে রাখতে হয় ?

উত্তর : ক. ড্রাইভিং লাইসেন্স, খ. রেজিস্ট্রেশন সার্টিফিকেট (ব্লু-বুক)/স্মার্ট কার্ড, গ. ট্যাক্সটোকেন, ঘ. ইনসিওরেন্স সার্টিফিকেট, ঙ. ফিটনেস সার্টিফিকেট (মোটরসাইকেলের ক্ষেত্রে প্রযোজ্য নয়) এবং চ. রুটপারমিট (মোটরসাইকেল এবং চালক ব্যতীত সর্বোচ্চ ৭ আসন বিশিষ্ট ব্যক্তিগত যাত্রীবাহী গাড়ির ক্ষেত্রে প্রযোজ্য নয়)।

০৮. প্রশ্ন : রাস্তায় গাড়ির কাগজপত্র কে কে চেক করতে পারেন/কোন কোন ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিগণকে গাড়ির কাগজ দেখাতে বাধ্য ?

উত্তর : সার্জেন্ট বা সাব-ইনসপেক্টরের নিচে নয় এমন পুলিশ কর্মকর্তা, মোটরযান পরিদর্শকসহ বিআরটিএর কর্মকর্তা এবং মোবাইলকোর্টের কর্মকর্তা।

০৯. প্রশ্ন : মোটরসাইকেলে হেলমেট পরিধান ও আরোহী বহন সম্পর্কে আইন কী ?

উত্তর : মোটরসাইকেলে চালক ব্যতীত ১ জন আরোহী বহন করা যাবে এবং উভয়কেই হেলমেট পরিধান করতে হবে (মোটরযান অধ্যাদেশ, ১৯৮৩ এর ধারা-১০০)।

১০. প্রশ্ন : সড়ক দুর্ঘটনার প্রধান কারণ কী কী?

উত্তর : ক. অত্যধিক আত্মবিশ্বাস, খ. মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালানো, গ. অননুমোদিত ওভারটেকিং এবং ঘ. অতিরিক্ত যাত্রী ও মালামাল বহন।

১১. প্রশ্ন : গাড়ি দুর্ঘটনায় পতিত হলে চালকের করণীয় কী ?

উত্তর : আহত ব্যক্তির চিকিৎসা নিশ্চিত করা, প্রয়োজনে নিকটস্থ হাসপাতালে স্থানান্তর করা এবং ২৪ ঘণ্টার মধ্যে নিকটবর্তী থানায় দুর্ঘটনার বিষয়ে রিপোর্ট করা।

১২. প্রশ্ন : আইন অনুযায়ী গাড়ির সর্বোচ্চ গতিসীমা কত ?

উত্তর : হালকা মোটরযান ও মোটরসাইকেলের ক্ষেত্রে ঘণ্টায় সর্বোচ্চ ৭০ মাইল, মাঝারি বা ভারী যাত্রীবাহী মোটরযানের ক্ষেত্রে ঘণ্টায় সর্বোচ্চ ৩৫ মাইল এবং মাঝারি বা ভারী মালবাহী মোটরযানের ক্ষেত্রে ঘণ্টায় সর্বোচ্চ ৩০ মাইল।

১৩. প্রশ্ন : মোটর ড্রাইভিং লাইসেন্স কী ?

উত্তর : সর্বসাধারণের ব্যবহার্য স্থানে মোটরযান চালানোর জন্য লাইসেন্স কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত বৈধ দলিলই মোটর ড্রাইভিং লাইসেন্স।

১৪. প্রশ্ন : অপেশাদার ড্রাইভিং লাইসেন্স কাকে বলে ?

উত্তর : যে লাইসেন্স দিয়ে একজন চালক কারো বেতনভোগী কর্মচারী না হয়ে মোটর সাইকেল, হালকা মোটরযান এবং অন্যান্য মোটরযান (পরিবহনযান ব্যতীত) চালাতে পারে, তাকে অপেশাদার ড্রাইভিং লাইসেন্স বলে।

১৫. প্রশ্ন : ড্রাইভিং লাইসেন্স পাওয়ার ক্ষেত্রে সর্বনিম্ন বয়স কত ?

উত্তর : পেশাদার চালকের ক্ষেত্রে ২০ বছর এবং অপেশাদার চালকের ক্ষেত্রে ১৮ বছর।

১৬. প্রশ্ন : কোন কোন ব্যক্তি ড্রাইভিং লাইসেন্স পাওয়ার অযোগ্য বলে বিবেচিত হবে ?

উত্তর : মৃগীরোগী, উন্মাদ বা পাগল, রাতকানারোগী, কুষ্ঠরোগী, হৃদরোগী, অতিরিক্ত মদ্যপব্যক্তি, বধিরব্যক্তি এবং বাহু বা পা চলাচল নিয়ন্ত্রণ করতে অসুবিধা হয় এমন ব্যক্তি।

১৭. প্রশ্ন : হালকা মোটরযান কাকে বলে ?

উত্তর : যে মোটরযানের রেজিস্ট্রিকৃত বোঝাইওজন ৬,০০০ পাউন্ড বা ২,৭২৭ কেজির অধিক নয়, তাকে হালকা মোটরযান বলে।

১৮. প্রশ্ন : মধ্যম বা মাঝারি মোটরযান কাকে বলে ?

উত্তর : যে মোটরযানের রেজিস্ট্রিকৃত বোঝাইওজন ৬,০০০ পাউন্ড বা ২,৭২৭ কেজির অধিক কিন্তু ১৪,৫০০ পাউন্ড বা ৬,৫৯০ কেজির অধিক নয়, তাকে মধ্যম বা মাঝারি মোটরযান বলে।

১৯. প্রশ্ন : ভারী মোটরযান কাকে বলে ?

উত্তর : যে মোটরযানের রেজিস্ট্রিকৃত বোঝাইওজন ১৪,৫০০ পাউন্ড বা ৬,৫৯০ কেজির অধিক, তাকে ভারী মোটরযান বলে।

২০. প্রশ্ন : প্রাইভেট সার্ভিস মোটরযান (চৎরাধঃব ঝবৎরপব ঠবয়রপমব) কাকে বলে ?

উত্তর : ড্রাইভার ব্যতীত আটজনের বেশি যাত্রী বহনের উপযোগী যে মোটরযান মালিকের পক্ষে তার ব্যবসা সম্পর্কিত কাজে এবং বিনা ভাড়ায় যাত্রী বহনের জন্য ব্যবহৃত হয়, তাকে প্রাইভেট সার্ভিস মোটরযান বলে।

২১. প্রশ্ন : ট্রাফিক সাইন বা রোড সাইন (চিহ্ন) প্রধানত কত প্রকার ও কী কী ?

উত্তর : ট্রাফিক সাইন বা চিহ্ন প্রধানত তিন প্রকার। ক. বাধ্যতামূলক, যা প্রধানত বৃত্তাকৃতির হয়, খ. সতর্কতামূলক, যা প্রধানত ত্রিভুজাকৃতির হয় এবং গ. তথ্যমূলক, যা প্রধানত আয়তক্ষেত্রাকার হয়।

২২. প্রশ্ন : লাল বৃত্তাকার সাইন কী নির্দেশনা প্রদর্শন করে ?

উত্তর : নিষেধ বা করা যাবে না বা অবশ্যবর্জনীয় নির্দেশনা প্রদর্শন করে।

২৩. প্রশ্ন : নীল বৃত্তাকার সাইন কী নির্দেশনা প্রদর্শন করে ?

উত্তর : করতে হবে বা অবশ্যপালনীয় নির্দেশনা প্রদর্শন করে।

২৪. প্রশ্ন : লাল ত্রিভুজাকৃতির সাইন কী নির্দেশনা প্রদর্শন করে ?

উত্তর : সতর্ক হওয়ার নির্দেশনা প্রদর্শন করে।

২৫. প্রশ্ন : নীল রঙের আয়তক্ষেত্র কোন ধরনের সাইন ?

উত্তর : সাধারণ তথ্যমূলক সাইন।

২৬. প্রশ্ন : সবুজ রঙের আয়তক্ষেত্র কোন ধরনের সাইন ?

উত্তর : পথনির্দেশক তথ্যমূলক সাইন, যা জাতীয় মহাসড়কে ব্যবহৃত হয়।

২৭. প্রশ্ন : কালো বর্ডারের সাদা রঙের আয়তক্ষেত্র কোন ধরনের সাইন ?

উত্তর : এটিও পথনির্দেশক তথ্যমূলক সাইন, যা মহাসড়ক ব্যতীত অন্যান্য সড়কে ব্যবহৃত হয়।

২৮. প্রশ্ন : ট্রাফিক সিগন্যাল বা সংকেত কত প্রকার ও কী কী ?

উত্তর : ৩ (তিন) প্রকার। যেমন- ক. বাহুর সংকেত, খ. আলোর সংকেত ও গ. শব্দ সংকেত।

২৯. প্রশ্ন : ট্রাফিক লাইট সিগন্যালের চক্র বা অনুক্রম (ঝবয়ঁবহপব) গুলি কী কী ?

উত্তর : লাল-সবুজ-হলুদ এবং পুনরায় লাল।

৩০. প্রশ্ন : লাল, সবুজ ও হলুদ বাতি কী নির্দেশনা প্রদর্শন করে ?

উত্তর : লালবাতি জ্বললে গাড়িকে 'থামুনলাইন'এর পেছনে থামিয়ে অপেক্ষা করতে হবে, সবুজবাতি জ্বললে গাড়ি নিয়ে অগ্রসর হওয়া যাবে এবং হলুদবাতি জ্বললে গাড়িকে থামানোর জন্য প্রস্তুতি নিতে হবে।

৩১. প্রশ্ন : নিরাপদ দূরত্ব বলতে কী বুঝায় ?

উত্তর : সামনের গাড়ির সাথে সংঘর্ষ এড়াতে পেছনের গাড়িকে নিরাপদে থামানোর জন্য যে পরিমাণ দূরত্ব বজায় রেখে গাড়ি চালাতে হয় সেই পরিমাণ নিরাপদ দূরত্ব বলে।

৩২. প্রশ্ন : পাকা ও ভালো রাস্তায় ৫০ কিলোমিটার গতিতে গাড়ি চললে নিরাপদ দূরত্ব কত হবে ?

উত্তর : ২৫ মিটার।

৩৩. প্রশ্ন : পাকা ও ভালো রাস্তায় ৫০ মাইল গতিতে গাড়ি চললে নিরাপদ দূরত্ব কত হবে ?

উত্তর : ৫০ গজ বা ১৫০ ফুট।

৩৪. প্রশ্ন : লাল বৃত্তে ৫০ কি.মি. লেখা থাকলে কী বুঝায় ?

উত্তর : গাড়ির সর্বোচ্চ গতিসীমা ঘণ্টায় ৫০ কি.মি. অর্থাৎ ঘণ্টায় ৫০ কিলোমিটারের বেশি গতিতে গাড়ি চালানো যাবে না।

৩৫. প্রশ্ন : নীল বৃত্তে ঘণ্টায় ৫০ কি.মি. লেখা থাকলে কী বুঝায় ?

উত্তর : সর্বনিম্ন গতিসীমা ঘণ্টায় ৫০ কি.মি. অর্থাৎ ঘণ্টায় ৫০ কিলোমিটারের কম গতিতে গাড়ি চালানো যাবে না।

৩৬. প্রশ্ন : লাল বৃত্তের মধ্যে হর্ন আঁকা থাকলে কী বুঝায় ?

উত্তর : হর্ন বাজানো নিষেধ।

৩৭. প্রশ্ন : লাল বৃত্তের ভিতরে একটি বড় বাসের ছবি থাকলে কী বুঝায় ?

উত্তর : বড় বাস প্রবেশ নিষেধ।

৩৮. প্রশ্ন : লাল বৃত্তে একজন চলমান মানুষের ছবি আঁকা থাকলে কী বুঝায় ?

উত্তর : পথচারী পারাপার নিষেধ।

৩৯. প্রশ্ন : লাল ত্রিভুজে একজন চলমান মানুষের ছবি আঁকা থাকলে কী বুঝায় ?

উত্তর : সামনে পথচারী পারাপার, তাই সাবধান হতে হবে।

৪০. প্রশ্ন : লাল বৃত্তের ভিতর একটি লাল ও একটি কালো গাড়ি থাকলে কী বুঝায় ?

উত্তর : ওভারটেকিং নিষেধ।

৪১. প্রশ্ন : আয়তক্ষেত্র লেখা থাকলে কী বুঝায় ?

উত্তর : পার্কিংয়ের জন্য নির্ধারিত স্থান।

৪২. প্রশ্ন : কোন কোন স্থানে গাড়ির হর্ন বাজানো নিষেধ ?

উত্তর : নীরব এলাকায় গাড়ির হর্ন বাজানো নিষেধ। হাসপাতাল, শিক্ষাপ্রতিষ্ঠান, অফিস-আদালত বা অনুরূপ প্রতিষ্ঠানসমূহের চতুর্দিকে ১০০ মিটার পর্যন্ত এলাকা নীরব এলাকা হিসাবে চিহ্নিত।

৪৩. প্রশ্ন : কোন কোন স্থানে ওভারটেক করা নিষেধ ?

উত্তর : ক. ওয়ারটেকিং নিষেধ সম্বলিত সাইন থাকে এমন স্থানে, খ. জাংশনে, গ. ব্রিজ/কালভার্ট ও তার আগে পরে নির্দিষ্ট দূরত্ব, ঘ. সরু রাস্তায়, ঙ. হাসপাতাল ও শিক্ষা প্রতিষ্ঠান এলাকায়।

৪৪. প্রশ্ন : কোন কোন স্থানে গাড়ি পার্ক করা নিষেধ ?

উত্তর : ক. যেখানে পার্কিং নিষেধ বোর্ড আছে এমন স্থানে, খ. জাংশনে, গ. ব্রিজ/কালভার্টের ওপর, ঘ. সরু রাস্তায়, ঙ. হাসপাতাল ও শিক্ষা প্রতিষ্ঠান এলাকায়, চ. পাহাড়ের ঢালে ও ঢালু রাস্তায়, ফুটপাথ, পথচারী পারাপার এবং তার আশেপাশে, ছ. বাস স্টপেজ ও তার আশেপাশে এবং জ. রেলক্রসিং ও তার আশেপাশে।

৪৫. প্রশ্ন : গাড়ি রাস্তার কোনপাশ দিয়ে চলাচল করবে ?

উত্তর : গাড়ি রাস্তার বামপাশ দিয়ে চলাচল করবে। যে রাস্তায় একাধিক লেন থাকবে সেখানে বামপাশের লেনে ধীর গতির গাড়ি, আর ডানপাশের লেনে দ্রুত গতির গাড়ি চলাচল করবে।

৪৬. প্রশ্ন : কখন বামদিক দিয়ে ওভারটেক করা যায় ?

উত্তর : যখন সামনের গাড়ি চালক ডানদিকে মোড় নেওয়ার ইচ্ছায় যথাযথ সংকেত দিয়ে রাস্তার মাঝামাঝি স্থানে যেতে থাকবেন তখনই পেছনের গাড়ির চালক বামদিক দিয়ে ওভারটেক করবেন।

৪৭. প্রশ্ন : চলন্ত অবস্থায় সামনের গাড়িকে অনুসরণ করার সময় কী কী বিষয় লক্ষ্য রাখা উচিত ?

উত্তর : (ক) সামনের গাড়ির গতি (স্পিড) ও গতিবিধি, (খ) সামনের গাড়ি থামার সংকেত দিচ্ছে কি না, (গ) সামনের গাড়ি ডানে/বামে ঘুরার সংকেত দিচ্ছে কি না, (ঘ) সামনের গাড়ি হতে নিরাপদ দূরত্ব বজায় থাকছে কি না।

৪৮. প্রশ্ন : রাস্তারপাশে সতর্কতামূলক “স্কুল/শিশু” সাইন বোর্ড থাকলে চালকের করণীয় কী ?

উত্তরঃ (ক) গাড়ির গতি কমিয়ে রাস্তার দু-পাশে ভালোভাবে দেখে-শুনে সতর্কতার সাথে অগ্রসর হতে হবে।

(খ) রাস্তা পারাপারের অপেক্ষায় কোনো শিশু থাকলে তাকে অগ্রাধিকার দিতে হবে।

৪৯. প্রশ্ন : গাড়ির গতি কমানোর জন্য চালক হাত দিয়ে কীভাবে সংকেত দিবেন ?

উত্তর : চালক তার ডানহাত গাড়ির জানালা দিয়ে সোজাসুজি বের করে ধীরে ধীরে উপরে-নীচে উঠানামা করাতে থাকবেন।

৫০. প্রশ্ন : লেভেলক্রসিং বা রেলক্রসিং কত প্রকার ও কী কী ?

উত্তর : লেভেলক্রসিং বা রেলক্রসিং ২ প্রকার। ক. রক্ষিত রেলক্রসিং বা পাহারাদার নিয়ন্ত্রিত রেলক্রসিং, খ. অরক্ষিত রেলক্রসিং বা পাহারাদারবিহীন রেলক্রসিং।

৫১. প্রশ্নঃ রক্ষিত লেভেলক্রসিংয়ে চালকের কর্তব্য কী ?

উত্তর : গাড়ির গতি কমিয়ে সতর্কতার সাথে সামনে আগাতে হবে। যদি রাস্তা বন্ধ থাকে তাহলে গাড়ি থামাতে হবে, আর খোলা থাকলে ডানেবামে ভালোভাবে দেখে অতিক্রম করতে হবে।

৫২. প্রশ্নঃ অরক্ষিত লেভেলক্রসিংয়ে চালকের কর্তব্য কী ?

উত্তর : গাড়ির গতি একদম কমিয়ে সতর্কতার সাথে সামনে আগাতে হবে, প্রয়োজনে লেভেলক্রসিংয়ের নিকট থামাতে হবে। এরপর ডানে বামে দেখে নিরাপদ মনে হলে অতিক্রম করতে হবে।

৫৩. প্রশ্ন : বিমানবন্দরের কাছে চালককে সতর্ক থাকতে হবে কেন ?

উত্তর : (ক) বিমানের প্রচণ্ড শব্দে গাড়ির চালক হঠাৎ বিচলিত হতে পারেন, (খ) সাধারণ শ্রবণ ক্ষমতার ব্যাঘাত ঘটতে পারে, (গ) বিমানবন্দরে ভিভিআইপি/ভিআইপি বেশি চলাচল করে বিধায় এই বিষয়ে সতর্ক থাকতে হয়।

৫৪. প্রশ্নঃ মোটরসাইকেল চালক ও আরোহীর হেলমেট ব্যবহার করা উচিত কেন ?

উত্তর : মানুষের মাথা শরীরের অন্যান্য অঙ্গের মধ্যে সবচেয়ে বেশি স্পর্শকাতর ও গুরুত্বপূর্ণ একটি অঙ্গ। এখানে সামান্য আঘাত লাগলেই মানুষের মৃত্যু ঘটতে পারে। তাই দুর্ঘটনায় মানুষের মাথাকে রক্ষা করার জন্য হেলমেট ব্যবহার করা উচিত।

৫৫. প্রশ্ন : গাড়ির পেছনের অবস্থা পর্যবেক্ষণের জন্য কতক্ষণ পর পর লুকিং গ-এস দেখতে হবে ?

উত্তর : প্রতিমিনিটে ৬ থেকে ৮ বার।

৫৬. প্রশ্নঃ পাহাড়ি রাস্তায় কী কী সতর্কতা অবলম্বন করতে হয় ?

উত্তরঃ সামনের গাড়ি থেকে নিরাপদ দূরত্ব বজায় রেখে ১ নং গিয়ারে বা ফাস্ট গিয়ারে সতর্কতার সাথে ধীরে ধীরে ওপরে উঠতে হবে। পাহাড়ের চূড়ার কাছে গিয়ে আরো ধীরে উঠতে হবে, কারণ চূড়ায় দৃষ্টিসীমা অত্যন্ত সীমিত। নিচে নামার সময় গাড়ির গতি ক্রমে বাড়তে থাকে বিধায় সামনের গাড়ি থেকে বাড়তি দূরত্ব বজায় রেখে নামতে হবে। ওঠা-নামার সময় কোনোক্রমেই ওভারটেকিং করা যাবে না।

৫৭. প্রশ্নঃ বৃষ্টির মধ্যে গাড়ি চালনার বিষয়ে কী কী সতর্কতা অবলম্বন করতে হয় ?

উত্তরঃ বৃষ্টির সময় রাস্তা পিচ্ছিল থাকায় ব্রেক কম কাজ করে। এই কারণে বাড়তি সতর্কতা হিসাবে ধীর গতিতে (সাধারণ গতির চেয়ে অর্ধেক গতিতে) গাড়ি চালাতে হবে, যাতে ব্রেক প্রয়োগ করে অতি সহজেই গাড়ি থামানো যায়। অর্থাৎ ব্রেক প্রয়োগ করে গাড়ি যাতে অতি সহজেই থামানো বা নিয়ন্ত্রণ করা যায়, সেইরূপ ধীর গতিতে বৃষ্টির মধ্যে গাড়ি চালাতে হবে।

৫৮. প্রশ্ন : ব্রিজে ওঠার পূর্বে একজন চালকের করণীয় কী ?

উত্তর : ব্রিজ বিশেষকরে উঁচু ব্রিজের অপরপ্রান্ত থেকে আগত গাড়ি সহজে দৃষ্টিগোচর হয় না বিধায় ব্রিজে ওঠার পূর্বে সতর্কতার সাথে গাড়ির গতি কমিয়ে উঠতে হবে। তাছাড়া, রাস্তার তুলনায় ব্রিজের প্রস্থ অনেক কম হয় বিধায় ব্রিজে কখনো ওভারটেকিং করা যাবে না।

৫৯. প্রশ্ন : পান্থরাস্তা থেকে প্রধান রাস্তায় প্রবেশ করার সময় কী কী সতর্কতা অবলম্বন করতে হয় ?

উত্তর : পান্থরাস্তা বা ছোট রাস্তা থেকে প্রধান রাস্তায় প্রবেশ করার আগে গাড়ির গতি কমিয়ে, প্রয়োজনে থামিয়ে, প্রধান রাস্তার গাড়িকে নির্বিঘ্নে আগে যেতে দেওয়ার ব্যবস্থা করতে হবে। প্রধান সড়কে গাড়ির গতিবিধি পর্যবেক্ষণ করে সুযোগমত সতর্কতার সাথে প্রধান রাস্তায় প্রবেশ করতে হবে।

৬০. প্রশ্ন : রাস্তার ওপর প্রধানত কী কী ধরনের রোডমার্কিং অঙ্কিত থাকে ?

উত্তর : রাস্তার ওপর প্রধানত ০৩ ধরনের রোডমার্কিং অঙ্কিত থাকে।

ক. ভাঙলাইন, যা অতিক্রম করা যায়।

খ. একক অখণ্ডলাইন, যা অতিক্রম করা নিষেধ, তবে প্রয়োজনবিশেষ অতিক্রম করা যায়।

গ. দ্বৈত অখণ্ডলাইন, যা অতিক্রম করা নিষেধ এবং আইনত দণ্ডনীয়। এই ধরনের লাইন দিয়ে ট্রাফিকআইল্যান্ড বা রাস্তার বিভক্তি বুঝায়।

৬১. প্রশ্ন : জেব্রাক্রসিংয়ে চালকের কর্তব্য কী ?

উত্তর : জেব্রাক্রসিংয়ে পথচারীদের অবশ্যই আগে যেতে দিতে হবে এবং পথচারী যখন জেব্রাক্রসিং দিয়ে পারাপার হবে তখন গাড়িকে অবশ্যই তার আগে থামাতে হবে। জেব্রাক্রসিংয়ের ওপর গাড়িকে থামানো যাবে না বা রাখা যাবে না।

৬২. প্রশ্ন : কোন কোন গাড়িকে ওভারটেক করার সুযোগ দিতে হবে ?

উত্তর : যে গাড়ির গতি বেশি, এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস ইত্যাদি জরুরি সার্ভিস, ভিভিআইপি গাড়ি ইত্যাদিকে।

৬৩. প্রশ্ন : হেড লাইট ফ্ল্যাশিং বা আপার ডিপার ব্যবহারের নিয়ম কী ?

উত্তর : শহরের মধ্যে সাধারণত 'লো-বিম বা ডিপার বা মৃদুবিম' ব্যবহার করা হয়। রাতে কাছাকাছি গাড়ি না থাকলে অর্থাৎ বেশিদূর পর্যন্ত দেখার জন্য হাইওয়ে ও শহরের বাইরের রাস্তায় 'হাই বা আপার বা তীক্ষ্ণ বিম' ব্যবহার করা হয়। তবে, বিপরীতদিক থেকে আগত গাড়ি ১৫০ মিটারের মধ্যে চলে আসলে হাইবিম নিভিয়ে লো-বিম জ্বালাতে হবে। অর্থাৎ বিপরীতদিক হতে আগত কোনো গাড়িকে পাস/পার হওয়ার সময় লো-বিম জ্বালাতে হবে।

৬৪. প্রশ্ন : গাড়ির ব্রেক ফেল করলে করণীয় কী ?

উত্তর : গাড়ির ব্রেক ফেল করলে প্রথমে অ্যাক্সিলারেটর থেকে পা সরিয়ে নিতে হবে। ম্যানুয়াল গিয়ার গাড়ির ক্ষেত্রে গিয়ার পরিবর্তন করে প্রথমে দ্বিতীয় গিয়ার ও পরে প্রথম গিয়ার ব্যবহার করতে হবে। এর ফলে গাড়ির গতি অনেক কমে যাবে। এই পদ্ধতিতে গাড়ি থামানো সম্ভব না হলে রাস্তার আইল্যান্ড, ডিভাইডার, ফুটপাথ বা সুবিধামত অন্যকিছুর সাথে ঠেকিয়ে গাড়ি থামাতে হবে। ঠেকানোর সময় যানমালের ক্ষয়ক্ষতি যেনো না হয় বা কম হয় সেইদিকে সজাগ থাকতে হবে।

৬৫. প্রশ্ন : গাড়ির চাকা ফেটে গেলে করণীয় কী ?

উত্তর : গাড়ির চাকা ফেটে গেলে গাড়ি নিয়ন্ত্রণহীন হয়ে পড়ে। এই সময় গাড়ির চালককে স্টিয়ারিং দৃঢ়ভাবে ধরে রাখতে হবে এবং অ্যাক্সিলারেটর থেকে পা সরিয়ে ক্রমান্বয়ে গতি কমিয়ে আস্তে আস্তে ব্রেক করে গাড়ি থামাতে হবে। চলন্ত অবস্থায় গাড়ির চাকা ফেটে গেলে সাথে সাথে ব্রেক করবেন না। এতে গাড়ি নিয়ন্ত্রণহীন হয়ে পড়ে।

৬৬. প্রশ্ন : হাজার্ড বা বিপদ সংকেত বাতি কী ?

উত্তর : প্রতিটি গাড়ির সামনে ও পিছনে উভয়পাশের কর্ণারে একজোড়া করে মোট দু-জোড়া ইন্ডিকেটর বাতি থাকে। এই চারটি ইন্ডিকেটর বাতি সবগুলো একসাথে জ্বললে এবং নিভলে তাকে হাজার্ড বা বিপদ সংকেত বাতি বলে। বিপজ্জনক মুহূর্তে, গাড়ি বিকল হলে এবং দূর্যোগপূর্ণ আবহাওয়ায় এই বাতিগুলো ব্যবহার করা হয়।

৬৭. প্রশ্ন : গাড়ির ড্যাশবোর্ডে কী কী ইন্সট্রুমেন্ট থাকে ?

উত্তর : ক. স্পিডোমিটার- গাড়ি কত বেগে চলছে তা দেখায়।

খ. ওডোমিটার- তৈরির প্রথম থেকে গাড়ি কত কিলোমিটার বা মাইল চলছে তা দেখায়।

গ. ট্রিপমিটার- এক ট্রিপে গাড়ি কত কিলোমিটার/মাইল চলে তা দেখায়।

ঘ. টেম্পারেচার গেজ- ইঞ্জিনের তাপমাত্রা দেখায়।

ঙ. ফুয়েল গেজ- গাড়ির তেলের পরিমাণ দেখায়।

৬৮. প্রশ্ন : গাড়িতে কী কী লাইট থাকে ?

উত্তর : ক. হেডলাইট, খ. পার্কলাইট, গ. ব্রেকলাইট, ঘ. রিভার্সলাইট, ঙ. ইন্ডিকেটরলাইট, চ. ফগলাইট এবং ছ. নাম্বারপে-ট লাইট।

৬৯. প্রশ্ন : পাহাড়ি ও ঢাল/চূড়ায় রাস্তায় গাড়ি কোন গিয়ারে চালাতে হয় ?

উত্তর : ফাস্ট গিয়ারে। কারণ ফাস্ট গিয়ারে গাড়ি চালানোর জন্য ইঞ্জিনের শক্তি বেশি প্রয়োজন হয়।

৭০. প্রশ্ন : গাড়ির সামনে ও পিছনে লাল রঙের ইংরেজি “খ” অক্ষরটি বড় আকারে লেখা থাকলে এরদ্বারা কী বুঝায় ?

উত্তর : এটি একটি শিক্ষানবিশ ডাইভারচালিত গাড়ি। এই গাড়ি হতে সাবধান থাকতে হবে।

৭১. প্রশ্ন : শিক্ষানবিশ ডাইভিং লাইসেন্স দিয়ে গাড়ি চালানো বৈধ কী ?

উত্তর : ইনস্ট্রাক্টরের উপস্থিতিতে ডুয়েল সিস্টেম (ডাবল স্টিয়ারিং ও ব্রেক) সম্বলিত গাড়ি নিয়ে সামনে ও পিছনে “খ” লেখা প্রদর্শন করে নির্ধারিত এলাকায় চালানো বৈধ।

৭২. প্রশ্ন : ফোরহুইলডাইভ গাড়ি বলতে কী বুঝায় ?

উত্তর : সাধারণত ইঞ্জিন হতে গাড়ির পেছনের দু-চাকায় পাওয়ার (ক্ষমতা) সরবরাহ হয়ে থাকে। বিশেষ প্রয়োজনে যে গাড়ির চারটি চাকায় (সামনের ও পিছনের) পাওয়ার সরবরাহ করা হয়, তাকে ফোরহুইলডাইভ গাড়ি বলে।

৭৩. প্রশ্ন : ফোরহুইলডাইভ কখন প্রয়োগ করতে হয় ?

উত্তর : ভালো রাস্তাতে চলার সময় শুধুমাত্র পেছনের দু-চাকাতে ডাইভ দেওয়া হয়। কিন্তু পিচ্ছিল, কর্দমাক্ত রাস্তায় চলার সময় চার চাকাতে ডাইভ দিতে হয়।

৭৪. প্রশ্ন : টুলবক্স কী ?

উত্তর : টুলবক্স হচ্ছে যন্ত্রপাতির বাক্স, যা গাড়ির সঙ্গে রাখা হয়। মোটরযান জরুরি মেরামতের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও মালামাল টুলবক্সে রাখা হয়।

৭৫. প্রশ্ন : ডাইভিং লাইসেন্স ব্যতীত গাড়ি চালালে বা চালানোর অনুমতি দিলে শাস্তি কী ?

উত্তর : সর্বোচ্চ ৪ মাস কারাদণ্ড অথবা ৫০০ টাকা পর্যন্ত জরিমানা বা উভয়দণ্ড (মোটরযান অধ্যাদেশ, ১৯৮৩ এর ১৩৮ ধারা)। এই ক্ষেত্রে মালিক ও চালক উভয়েই দণ্ডিত হতে পারেন।

৭৬. প্রশ্ন : গাড়িতে গাড়িতে নিষিদ্ধ হর্ন কিংবা উচ্চশব্দ উৎপাদনকারী যন্ত্র সংযোজন ও তা ব্যবহার করলে শাস্তি কী ?

উত্তর : ১০০ টাকা পর্যন্ত জরিমানা (মোটরযান অধ্যাদেশ, ১৯৮৩ এর ১৩৯ ধারা)।

৭৭. প্রশ্ন : রেজিস্ট্রেশন সার্টিফিকেট, ফিটনেস সার্টিফিকেট ও রুটপারমিট ব্যতীত গাড়ি চালালে বা চালানোর অনুমতি দিলে শাস্তি কী?

উত্তর : প্রথমবার অপরাধের জন্য সর্বোচ্চ ৩ মাস কারাদণ্ড অথবা ২০০০ টাকা পর্যন্ত জরিমানা অথবা উভয়দণ্ড। দ্বিতীয়বার বা পরবর্তী সময়ের জন্য সর্বোচ্চ ৬ মাস কারাদণ্ড অথবা ৫০০০ টাকা পর্যন্ত জরিমানা অথবা উভয়দণ্ড (মোটরযান অধ্যাদেশ, ১৯৮৩ এর ১৫২ ধারা)।

এই ক্ষেত্রে মালিক ও চালক উভয়েই দণ্ডিত হতে পারেন।

৭৮. প্রশ্ন : মদ্যপ বা মাতাল অবস্থায় গাড়ি চালনার শাস্তি কী ?

উত্তর : সর্বোচ্চ ৩ মাস কারাদণ্ড বা ১০০০ টাকা পর্যন্ত জরিমানা বা উভয়দণ্ড। পরবর্তী সময়ে প্রতিবারের জন্য সর্বোচ্চ ২ বছর পর্যন্ত কারাদণ্ড বা ১০০০ টাকা পর্যন্ত জরিমানা বা উভয়দণ্ড এবং নির্দিষ্ট মেয়াদে ড্রাইভিং লাইসেন্স বাতিল (মোটরযান অধ্যাদেশ, ১৯৮৩ এর ১৪৪ ধারা)।

৭৯. প্রশ্ন : নির্ধারিত গতির চেয়ে অধিক বা দ্রুত গতিতে গাড়ি চালনার শাস্তি কী ?

উত্তর : প্রথমবার অপরাধের জন্য সর্বোচ্চ ৩০ দিন কারাদণ্ড বা ৩০০ টাকা পর্যন্ত জরিমানা বা উভয়দণ্ড। পরবর্তীতে একই অপরাধ করলে সর্বোচ্চ ৩ মাস কারাদণ্ড বা ৫০০ টাকা পর্যন্ত জরিমানা বা উভয়দণ্ড এবং ড্রাইভিং লাইসেন্সের কার্যকারিতা ১ মাসের জন্য স্থগিত (মোটরযান অধ্যাদেশ, ১৯৮৩ এর ১৪২ ধারা)।

৮০. প্রশ্ন : বেপরোয়া ও বিপজ্জনকভাবে গাড়ি চালনার শাস্তি কী ?

উত্তর : সর্বোচ্চ ৬ মাস কারাদণ্ড বা ৫০০ টাকা পর্যন্ত জরিমানা এবং যে কোনো মেয়াদের জন্য ড্রাইভিং লাইসেন্সের কার্যকারিতা স্থগিত (মোটরযান অধ্যাদেশ, ১৯৮৩ এর ১৪৩ ধারা)।

৮১. প্রশ্ন : ক্ষতিকর ধোঁয়া নির্গত গাড়ি চালনার শাস্তি কী ?

উত্তর : ২০০ টাকা জরিমানা (মোটরযান অধ্যাদেশ, ১৯৮৩ এর ধারা-১৫০)।

৮২. প্রশ্ন : নির্ধারিত ওজন সীমার অধিক ওজন বহন করে গাড়ি চালালে বা চালানোর অনুমতি দিলে শাস্তি কী ?

উত্তর : প্রথমবার ১,০০০ পর্যন্ত জরিমানা এবং পরবর্তী সময়ে ৬ মাস পর্যন্ত কারাদণ্ড অথবা ২,০০০ টাকা পর্যন্ত জরিমানা অথবা উভয়দণ্ড (ধারা-১৫৪)। এই ক্ষেত্রে মালিক ও চালক উভয়েই দণ্ডিত হতে পারেন।

৮৩. প্রশ্ন : ইনসিওরেন্স বিহীন অবস্থায় গাড়ি চালনার শাস্তি কী ?

উত্তর : ২,০০০ টাকা পর্যন্ত জরিমানা (মোটরযান অধ্যাদেশ, ১৯৮৩ এর ধারা-১৫৫)।

৮৪. প্রশ্ন : প্রকাশ্য সড়কে অথবা প্রকাশ্য স্থানে মোটরযান রেখে মেরামত করলে বা কোনো যন্ত্রাংশ বা দ্রব্য বিক্রয়ের জন্য সড়কে রেখে প্রতিবন্ধকতা সৃষ্টি করলে শাস্তি কী ?

উত্তর : সর্বোচ্চ ৫০০ টাকা জরিমানা। অনুরূপ মোটরযান অথবা খুচরা যন্ত্র বা জিনিসপত্র বাজেয়াপ্ত করা যাবে (ধারা-১৫৭)।

৮৫. প্রশ্ন : ফুয়েল গেজের কাজ কী ?

উত্তর : ফুয়েল বা জ্বালানি ট্যাংকে কী পরিমাণ জ্বালানি আছে তা ফুয়েল গেজের মাধ্যমে জানা যায়।

৮৬. প্রশ্ন : গাড়ি রাস্তায় চলার সময় হঠাৎ ইঞ্জিন বন্ধ হয়ে গেলে প্রথমে কী চেক করতে হবে ?

উত্তর : ফুয়েল বা জ্বালানি আছে কি না চেক করতে হবে।

৮৭. প্রশ্ন : পেট্রোল ইঞ্জিন স্টার্ট করতে ব্যর্থ হলে কোন দুটি প্রধান বিষয় চেক করতে হয় ?

উত্তর : (ক) প্লাগ পয়েন্টে ঠিকভাবে স্পার্ক হচ্ছে কি না চেক করতে হয়।

(খ) কার্বুরেটরে পেট্রোল যাচ্ছে কি না চেক করতে হয়।

৮৮. প্রশ্ন : ফুয়েল ও অয়েল বলতে কী বুঝায় ?

উত্তর : ফুয়েল বলতে জ্বালানি অর্থাৎ পেট্রোল, অকটেন, সিএনজি, ডিজেল ইত্যাদি বুঝায় এবং অয়েল বলতে লুব্রিকেটিং অয়েল বা লুব অয়েল বা মবিল বুঝায়।

৮৯. প্রশ্ন : অয়েল (মবিল) এর কাজ কী ?

উত্তর : ইঞ্জিনের বিভিন্ন ওয়ার্কিংপার্টস (যন্ত্রাংশ) সমূহকে ঘুরতে বা নড়াচড়া করতে সাহায্য করা, ক্ষয়হতে রক্ষা করা এবং ইঞ্জিন পার্টস সমূহকে ঠান্ডা ও পরিষ্কার রাখা মবিলের কাজ।

৯০. প্রশ্ন : কম মবিল বা লুব অয়েলে ইঞ্জিন চালালে কী ক্ষতি হয় ?

উত্তর : বিয়ারিং অত্যধিক গরম হয়ে গেলে যেতে পারে এবং পিস্টন সিলিন্ডার জ্যাম বা সিজড হতে পারে।

৯১. প্রশ্ন : অয়েল (মবিল) কেন এবং কখন বদলানো উচিত ?

উত্তর : দীর্ঘদিন ব্যবহারে মবিলে ইঞ্জিনের কার্বন, ক্ষয়িত ধাতু, ফুয়েল, পানি ইত্যাদি জমার কারণে এর গুণাগুণ নষ্ট হয়ে যায় বিধায় মবিল বদলাতে হয়। গাড়ি প্রস্তুতকারক প্রদত্ত ম্যানুয়াল/হ্যান্ডবুকের নির্দেশ মোতাবেক নির্দিষ্ট মাইল/কিলোমিটার চলার পর মবিল বদলাতে হয়।

৯২. প্রশ্ন : লুব অয়েল (মবিল) কোথায় দিতে হয় ?

উত্তর : ইঞ্জিনের ওপরের অংশে হেড কভার বা ট্যাপেট কভারের নির্ধারিত পোর্টে ক্যাপ খুলে মবিল দিতে হয়।

৯৩. প্রশ্ন : ইঞ্জিনে অয়েল (মবিল) এর পরিমাণ কিসের সাহায্যে পরীক্ষা করা হয় ?

উত্তর : ডিপস্টিক এর সাহায্যে।

৯৪. প্রশ্ন : কখন ক্লাচে চাপ দিতে হয় ?

উত্তর : ক. গিয়ার পরিবর্তন করার সময়।

খ. ব্রেক করার সময় যদি গাড়ি থেমে যেতে চায় বা থামাতে হয়।

৯৫. প্রশ্ন : টায়ার প্রেসার বেশি বা কম হলে কী অসুবিধা হয় ?

উত্তর : টায়ার প্রেসার বেশি বা কম হওয়া কোনটিই ভালো নয়। টায়ার প্রেসার বেশি হলে মাঝখানে বেশি ক্ষয়প্রাপ্ত হয়, আবার টায়ার প্রেসার কম হলে দু-পাশে বেশি ক্ষয়প্রাপ্ত হয়। ফলে টায়ার তারাতারি নষ্ট হয়ে যায়।

৯৬. প্রশ্ন : কোন নির্দিষ্ট টায়ারের প্রেসার কত হওয়া উচিত তা কীভাবে জানা যায় ?

উত্তর : টায়ারের আকার, ধরন ও লোড (বোঝা) বহন ক্ষমতার ওপর নির্ভর করে প্রস্তুতকারক কর্তৃক সঠিক প্রেসার নির্ধারণ করা হয়, যা প্রস্তুতকারকের হ্যান্ডবুক/ম্যানুয়ালে উল্লেখ থাকে।

৯৭. প্রশ্ন : গাড়ি না চালালে টায়ার কী করা উচিত ?

উত্তর : গাড়ি দীর্ঘ সময়ের জন্য না চালালে টায়ার খুলে ঠান্ডা স্থানে দাঁড় করিয়ে রাখা উচিত। অল্প সময়ের জন্য হলে চাকাগুলি মাটি হতে ওপরে উঠিয়ে রাখা উচিত অথবা মাঝে মাঝে হাওয়া দেওয়া উচিত।

৯৮. প্রশ্ন : টায়ার রোটেশন কী ?

উত্তর : বিভিন্ন কারণে গাড়ির সবগুলো টায়ারের ক্ষয় সমহারে হয় না। গাড়ির চাকাগুলোর ক্ষয়ের সমতা রক্ষার জন্য একদিকের টায়ার খুলে অপরদিকে কিংবা সামনের টায়ার খুলে পেছনে লাগানোকে অর্থাৎ টায়ারের স্থান পরিবর্তন করে ঘুরিয়ে ঘুরিয়ে লাগানোর পদ্ধতিকেই টায়ার রোটেশন বলে। এর ফলে টায়ারের আয়ু বহুলাংশে বেড়ে যায়।

৯৯. প্রশ্ন : ব্যাটারির কাজ কী ?

উত্তর : ক. ইঞ্জিনকে চালু করতে সহায়তা করা।

খ. পেট্রোল ইঞ্জিনের ইগনিশন সিস্টেমে কারেন্ট সরবরাহ করা।

গ. সকল প্রকার লাইট জ্বালাতে এবং মিটারসমূহ চালাতে সহায়তা করা।

ঘ. হর্ন বাজাতে সাহায্য করা।

১০০. প্রশ্ন : নিয়মিত ব্যাটারির কী পরীক্ষা করা উচিত ?

উত্তর : পানির লেভেল।

১০১. প্রশ্ন : সময় ও প্রয়োজনমতো ব্যাটারিতে ডিস্টিল্ড ওয়াটার না দিলে কী হয় ?

উত্তর : ব্যাটারি ক্যাপাসিটি কমে যায় এবং প্লেট নষ্ট হয়ে যেতে পারে।

১০২. প্রশ্ন : ব্যাটারির টার্মিনাল হতে মরিচা দূর করা হয় কেন ?

উত্তর : মরিচা সন্তোষজনক বৈদ্যুতিক সংযোগে বাধা দেয় এবং কালক্রমে টার্মিনালের ভিতর দিয়ে মরিচা পড়ে ও সম্পূর্ণ টার্মিনাল নষ্ট হয়ে যায়।

১০৩. প্রশ্ন : মরিচা পরিষ্কার করার পর টার্মিনালে কী করা উচিত ?

উত্তর : গ্রিজ লাগানো উচিত।

১০৪. প্রশ্ন : মোটরগাড়িতে ব্যবহৃত ব্যাটারির ভোল্টেজ কত থাকে ?

উত্তর : ৬ ভোল্ট এবং ১২ ভোল্ট থাকে। (বড়ট্রাকে এবং বাসে ২৪ ভোল্টের ব্যাটারিও ব্যবহৃত হয়ে থাকে)।

পেশাদার ড্রাইভিং লাইসেন্সের ক্ষেত্রে অতিরিক্ত প্রশ্ন ও উত্তর

১০৫. প্রশ্ন : পেশাদার ড্রাইভিং লাইসেন্স কাকে বলে ?

উত্তর : যে লাইসেন্স দিয়ে একজন চালক বেতনভোগী কর্মচারী হিসাবে কোনো মোটরযান চালিয়ে থাকে, তাকে পেশাদার ড্রাইভিং লাইসেন্স বলে।

১০৬. প্রশ্ন : পিএসভি লাইসেন্স কী ?

উত্তর : পিএসভি অর্থ পাবলিক সার্ভিস ভেহিকেল। ভাড়ায় চালিত যাত্রীবাহী মোটরযান চালানোর জন্য প্রত্যেক চালককে তার লাইসেন্সের অতিরিক্ত হিসাবে পিএসভি লাইসেন্স গ্রহণ করতে হয়।

১০৭. প্রশ্ন : পাবলিক সার্ভিস মোটরযান কাকে বলে ?

উত্তর : যে মোটরযান ভাড়ার বিনিময়ে যাত্রী বহনের জন্য ব্যবহৃত হয়, তাকে পাবলিক সার্ভিস মোটরযান বলে। ভাড়ায় চালিত বাস-মিনিবাস, হিউম্যানহলার (লেগুনা), ট্যাক্সিক্যাব ইত্যাদি পাবলিক সার্ভিস মোটরযানের অন্তর্ভুক্ত।

১০৮. প্রশ্ন : বাসের আসন সংখ্যা কত?

উত্তর : চালকসহ ৩১ জনের বেশি অর্থাৎ চালকসহ সর্বনিম্ন ৩২ জন।

১০৯. প্রশ্ন : মিনিবাসের আসন সংখ্যা কত?

উত্তর : চালকসহ সর্বনিম্ন ১৬ জন এবং সর্বোচ্চ ৩১ জন।

১০০. প্রশ্ন : একজন পেশাদার চালক দৈনিক কত ঘণ্টা গাড়ি চালাবে বা মোটরযানে কর্মঘণ্টা কত ?

উত্তর : এক নাগাড়ে ৫ ঘণ্টার বেশি নয়। অতঃপর আধাঘণ্টা বিশ্রাম বা বিরতি নিয়ে আবার ৩ ঘণ্টা অর্থাৎ ১ দিনে ৮ ঘণ্টার বেশি নয়।

তবে ১ সপ্তাহে ৪৮ ঘণ্টার বেশি নয়।

১১১. প্রশ্ন : ইঞ্জিন কাকে বলে ?

উত্তর : ইঞ্জিন হচ্ছে এক ধরনের যন্ত্র যেখানে জ্বালানি বা ফুয়েলকে পুড়িয়ে রাসায়নিক শক্তিকে প্রথমে তাপশক্তিতে এবং তাপশক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করা।

১১২. প্রশ্ন: মোটরযান চালকের সর্বনিম্ন বয়স কত?

উত্তর: ক. অপেশাদার চালকের জন্য সর্বনিম্ন বয়স ১৮ (আঠার) বছর।

খ. পেশাদার চালকের জন্য ২০ (বিশ) বছর।

১১৩. একজন পেশাদার চালক সর্বোচ্চ কত ঘণ্টা গাড়ি চালাতে পারেন?

উত্তর: দৈনিক একনাগাড়ে ৫ (পাঁচ) ঘণ্টা আর মাঝে ৩০ মিনিট বিশ্রাম নিয়ে দৈনিক ৮ ঘণ্টা গাড়ি চালাতে পারে। আর সপ্তাহে মোট ৪৮ ঘণ্টার বেশী গাড়ি চালানো উচিত নয়।

১১৪। বাংলাদেশের জাতীয় গতি সীমা কত?

উত্তর: ভিবিন্ন ধরনের যানবাহনের জন্য জাতীয় গতি সীমা নিচে দেওয়া হল-

যানবাহনের শ্রেণী	শহর ও লোকালয় (কি.মি./ঘণ্টা)	মহাসড়ক (কি.মি./ঘণ্টা)
মোটর সাইকেল/কার/জীপ/স্টেশন ওয়াগন	৫০	১১০
বাস/কোচ/পিকআপ	৪০	৫৫
ভারী ট্রাক/লরী	৪০	৫০
ট্রাকটর ও অন্যান্য ভারী যান	২০	৩০

১১৫। প্রশ্ন: গাড়ির আয়নার সাহায্যে পিছনের অবস্থা কতক্ষণ পর পর দেখতে হয়?

উত্তর: প্রতি মিনিটে ৬-৮ বার।

১১৬। প্রশ্ন: ইঞ্জিন কি?

উত্তর : ইঞ্জিন এক প্রকার যন্ত্র যা জ্বালানী হতে প্রাপ্ত তাপ শক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করে অর্থাৎ জ্বালানীকে পুড়িয়ে যে তাপ শক্তি পাওয়া যায় তাকে যান্ত্রিক শক্তিতে পরিণত করে।

১১৭। প্রশ্ন: ইঞ্জিন অতিরিক্ত গরম হয় কেন?

উত্তর: ক. রেডিয়েটরে পানি না থাকলে বা কম থাকলে।

খ. ইঞ্জিন অয়েল (মবিল) না থাকলে বা কম থাকলে।

গ. ফ্যান বেল্ট ছিঁড়ে গেলে

ঘ. অতিরিক্ত মাল বোঝাই করলে।

ঙ. ইঞ্জিনের পানির পাম্প নষ্ট হলে।

চ. ব্রেক জ্যাম হয়ে থাকলে।

১১৮. প্রশ্ন: কুলিং সিস্টেম বলতে কি বুঝ?

উত্তর : যে পদ্ধতির মাধ্যমে ইঞ্জিনের অতিরিক্ত তাপকে অপসারণ করে ইঞ্জিনকে কার্যকারী তাপমাত্রায় রাখা হয় তাকে কুলিং সিস্টেম বলে।

১১৯। প্রশ্ন: কুলিং সিস্টেম কত প্রকার ও কি কি?

উত্তর : কুলিং সিস্টেম মূলত দুই প্রকার। যথা- ক. ওয়াটার কুলিং সিস্টেম ও খ. এয়ার কুলিং সিস্টেম।

১২০. প্রশ্ন : কোন গাড়ীর সামনে ও পিছনে এল (খ) লেখা থাকলে কি বুঝায়?

উত্তর: ডাইভিং শিক্ষানবিশদের গাড়ির সামনে ও পিছনে বড় অক্ষরে 'এল' (খ) লেখা থাকে। এই গাড়ি থেকে সাবধান থাকতে হবে।